'অহমিত্যপি' অহং সুখীত্যাদিরপি। 'মুখ্যেন' অহত্ত্ববতা ইতি। মূলে মুখ্যযোগ্যাপদার্থয়া ভাবপ্রধাননির্দেশস্তথাস্ত ব্যাখ্যায়ামপীতি বোধয়িতুমাহ অহত্ত্বব-তেতি। অহত্ত্বেন প্রমাণসিদ্ধত্বেন চেতার্থঃ। এতেন মুখ্যস্যৈব যোগ্যতয়া পদার্থাভেদাদ্ দ্বন্দ্বোঽনুপপন্ন ইতি নিরস্তম্। মুখ্যত্বযোগ্যত্বরূপয়োঃ পদার্থয়োর্ভেদাদিতি। ১৮।

সুখদুঃখজ্ঞাননিষ্পত্ত্যবিশেষাদৈকাত্ম্যম্ ॥ ১৯ ॥

অনুবাদ।

সুখ, দুঃখ এবং জ্ঞানের উৎপত্তি বিষয়ে কোন প্রভেদ না থাকায়, আত্মা এক ॥ ১৯ ॥

ব্যাখ্যা।

আত্মা এক কি অনেক?—বেদান্তীরা বলেন, আত্মা এক, ন্যায়বৈশেষিকাদি-দর্শনমতে আত্মা অনেক। যাঁহারা এক বলেন, তাঁহাদের যুক্তি এই—আকাশ এক, কেন না, শব্দসমবায়িকারণত্ব আকাশে অভিন্ন বলিয়া, তদ্রূপ সুখদুঃখাদির উৎপাদকত্ব অভিন্ন বলিয়া আত্মাও এক। তবে শব্দ, যেমন নিমিত্ত ও সমবায়ি-কারণের সমাবেশভেদে বিভিন্ন দেশে উৎপন্ন হয়, তদ্রূপ অপর-কারণ-সমাবেশভেদ বশতই সুখ-দুঃখাদিরও বিভিন্ন কালে ভিন্ন ভিন্ন দেহে উৎপত্তি হয়। অতএব আত্মা এক ॥ ১৯ ॥

উপস্কারঃ।

আত্মপরীক্ষাপ্রকরণং সমাপ্য ইদানীমাত্মনানাত্বপ্রকরণমারভতে তত্র পূর্ব্বপক্ষসূত্রম্।

এক এব আত্মা চৈত্রমৈত্রাদিদেহভেদেঽপি, কুতঃ সুখদুঃখজ্ঞানানাং নিষ্পত্তেরুৎপত্তেরবিশেষাৎ সর্ব্বশরীরাবচ্ছেদেন সুখদুঃখজ্ঞানানামুৎপত্তিরবিশিষ্টৈব যতঃ। যদ্যাত্মভেদসাধকং লিঙ্গান্তরং ভবেত্তদা সিধ্যেদাত্মভেদঃ, ন চ তদস্তি, যথা তত্তৎপ্রদেশাবচ্ছেদেন শব্দনিষ্পত্তাবপি শব্দলিঙ্গা-বিশেষাদেকত্বমাকাশস্য যৌগপদ্যাদিপ্রত্যয়লিঙ্গাবিশেষাদেক এব কালঃ পূর্ব্বাপরাদিপ্রত্যয়লিঙ্গা-বিশেষাদেকৈব দিক্ ॥ ১৯ ॥

পরিষ্কারঃ।

নিষ্পত্তেরুৎপত্তেরিতি সমবায়িকারণত্বেন তাদৃশোৎপত্তেরযোগ্যাদুৎপত্তেরিত্যুক্তিঃ

সমবায়সম্বন্ধেনাশ্রয়ত্বস্য লাভায়। তেনাত্মত্বমেকমাত্রবৃত্তি সুখাশ্রয়মাত্রবৃত্তিত্বা-দিত্যেব হেতুঃ, কারণতাগর্ভহেতোর্ব্যর্থত্বেঽপি ন ক্ষতিঃ। নন্বু হেতুরয়মাত্মত্বস্য জীব-পরমাত্মসাধারণ্যে ব্যভিচারী, সুখস্য পরমাত্মগুণত্বানঙ্গীকারাৎ। তদসাধারণ্যে সুখস্য পরমাত্মবৃত্তিত্বাঙ্গীকারমতে জীবাত্ম-পরমাত্মগতদ্বিত্বসংখ্যায়াং ব্যভিচারীত্যত আহ দুঃখেতি। তথাচ আত্মত্বং ন পরমাত্মসাধারণমিতি ভাবঃ। হেতুশ্চ দুঃখাশ্রয়-মাত্রবৃত্তিত্বাদিতি। নন্বেবং জীবাত্মন ঐক্যসিদ্ধাবপি, জীবপরমাত্মনোরৈক্যাসিদ্ধ্যা সিদ্ধান্তক্ষতিরিত্যাশয়েনাহ জ্ঞানেতি। তথাচ জীব-পরমাত্মসাধারণমাত্মত্বং পক্ষঃ, জ্ঞানাশ্রয়মাত্রবৃত্তিত্বাদিতি হেতুঃ তথাচ ন ব্যভিচারঃ, ন বা জীবপরমাত্মনোরৈক্যা-সিদ্ধিরিতি ভাবঃ। সর্ব্বত্র তৎপুরুষীয়সুখাদিকং সুলভো দৃষ্টান্তঃ। একত্বসাধকং লিঙ্গাবিশেষাদিতি প্রাগুক্তহেতুং স্মারয়ন্নাহ যথেতি। ১৯।

ব্যবস্থাতো নানা ॥ ২০ ॥

অনুবাদ।

ব্যবস্থার জন্য অনেক আত্মা (স্বীকার করিতে হয়) ॥ ২০ ॥

ব্যাখ্যা।

আত্মা এক হইলে, জন্মমৃত্যু সুখদুঃখ স্বর্গনরক ভোগের নিয়ম থাকে না। এক আত্মাই এক শরীরের আশ্রয়ে পাপ করে, অন্য শরীরের আশ্রয়ে পুণ্য করে, এক শরীরের ধ্বংস হয়, অন্য শরীরের উৎপত্তি হয়, কিন্তু সর্ব্বশরীরস্থায়ী সেই আত্মা তখন পরলোকের স্বর্গভোগী না নরকভোগী? ইহলোকে সে জীবিত না মৃত? কিছুরই ব্যবস্থা করা যায় না। যদি বল ভিন্ন ভিন্ন মন, সেই মনের সাহায্যে এই ভেদব্যবস্থা হয়। তাহা হইলেও সেই এক আত্মার নানা মনঃ-সংযোগ—এক কর্ত্তার নানা উপায়, বেশ ত; সবগুলিই একেবারে ঘটুক! চাকরীর মাহিনালাভ এবং উগ্র মনিবের করতল দ্বারা কর্ণাপ্যায়ন যেমন যুগপৎ ঘটে, সেইরূপ স্বর্গ-নরকাদিও যুগপৎ ঘটিতে পারে কিন্তু তাহা ত হয় না। আমি যখন সুখী অন্যে তখন দুঃখী এই বৈষম্য আছেই, আর এ বৈষম্য প্রত্যক্ষসিদ্ধ। সুতরাং এই বৈষম্য-ব্যবস্থার জন্য আত্মার অনেকত্ব মানিতে হয় ॥ ২০ ॥

উপস্কারঃ।

সিদ্ধান্তমাহ।

নানা আত্মানঃ কুতঃ ব্যবস্থাতঃ ব্যবস্থা প্রতিনিয়মঃ যথা কশ্চিদাঢ্যঃ, কশ্চিৎ দরিদ্রঃ, কশ্চিৎ সুখী

সুখী. কশ্চিদ্ দুঃখী, কশ্চিদুচ্চাভিজনঃ, কশ্চিন্নীচাভিজনঃ, কশ্চিদ্বিদ্বান্, কশ্চিৎ জাল্ম ইতীয়ং ব্যবস্থা আত্মভেদমন্তরেণানুপপদ্যমানা সাধয়ত্যাত্মনাং ভেদম্, ন চ জন্মভেদেন বাল্যকৌমারবার্দ্ধকাভেদেন বা, একস্যাপ্যাত্মনো যথা ব্যবস্থা তথা চৈত্রমৈত্রাদিদেহভেদেঽপি স্যাদিতি বাচ্যম্ কালভেদেন বিরুদ্ধধর্ম্মাধ্যাসসম্ভবাৎ ॥ ২০ ॥

পরিষ্কারঃ।

অন্ধতয়া প্রতীয়মানশরীরাধিষ্ঠিত আত্মা রঙ্কতয়া তাৎকালিকপ্রতীতিবিষয়শরীরাধিষ্ঠিতাত্মনো ভিদ্যতে তৎকালীনরঙ্কতাজনকাদৃষ্টবদ্ভিন্নত্বাদ্ ঘটবৎ, জীবঃ পরমাত্মনো ভিদ্যতে অসর্ব্বজ্ঞত্বাদ্ঘটবদিত্যাদিকানুমানমূহনীয়ম্। রঙ্কো দরিদ্রঃ। অত্র প্রাতঙ্গিকপ্রতীতিমূলকানুকূলতর্কসত্ত্বাদ্বলবত্ত্বমিতি ভাবঃ। কালভেদেনেতি। দেশবৃত্তেঃ কালস্যাবচ্ছেদকত্বাদিতি ভাবঃ। ন চ সংযোগতদভাবয়োর্দ্দেশবৃত্তিতায়াং দেশস্যাবচ্ছেদকত্ববচ্চৈত্রমৈত্রাদিশরীরস্যাপি বিরুদ্ধধর্ম্মাবচ্ছেদকত্বং স্যাদিতি বাচ্যং তথা সতি শরীরাবচ্ছেদেন বর্ত্তমানস্যাবিরুদ্ধাদৃষ্টস্য শাখানাশে শাখাবচ্ছিন্নসংযোগনাশবৎ নাশপ্রসঙ্গেন কৃতহান্যকৃতাভ্যাগমদোষপ্রসঙ্গস্য দুর্ব্বারত্বাৎ। ন চ তত্তন্মন এবাবচ্ছেদকমস্ত্বিতি বাচ্যম্ অসম্বন্ধস্যানবচ্ছেদকত্বাৎ; সম্বন্ধস্যৈবাবচ্ছেদকত্বমিতি চেৎ কস্তত্র সম্বন্ধঃ, সংযোগশ্চেদবিশেষ এব সম্বন্ধঃ সর্ব্বত্র, সংযোগনাশাদবচ্ছেদ্যস্যাপি নাশপ্রসঙ্গশ্চ, স্বনিষ্ঠাদৃষ্টাধীনসন্নিকর্ষশ্চেৎ সর্ব্বত্রৈবাবিশেষঃ, সুখাদেরণুদেশাবচ্ছিন্নত্বাপত্তিশ্চেত্যাদয়ো দোষা দ্রষ্টব্যাঃ। ২০।

শাস্ত্রসামর্থ্যাচ্চ ॥ ২১ ॥

অনুবাদ।

(আত্মা অনেক) কেননা যোগ্য শাস্ত্র আছে ॥ ২১ ॥

ব্যাখ্যা।

আত্মা এক, এ বিষয়ে শ্রুতি আছে; ইহা বেদান্তীরা বলেন। বৈশেষিক বলিতেছেন, সে সকল শ্রুতি অন্যভাবের; পরন্তু যাহা যোগ্য,—প্রকৃতপক্ষে যাহার মুখ্য অর্থ আছে, সেই শ্রুতি আত্মার অনেকত্বই বলিয়া থাকেন। ফলকথা এই, যাহা বাস্তবিক এক, তাহাকে ইহা দুই, বলিয়া নির্দ্দেশ করা যায় না; পরন্তু যাহা অনেক, তাহাকে এক বলা আছে। মনে কর একটী ব্রাহ্মণকে কেহ দুই জন বা চারি জন বলে না, পরন্তু ব্রাহ্মণ এক, ক্ষত্রিয় দুই, এইরূপে চার বর্ণ গণনা সকলেই করে, কিন্তু সেই ব্রাহ্মণ কি একজন? না শত শত সহস্র সহস্র ব্রাহ্মণ? তবে কিনা, সকলেই এক বর্ণ, এখানে জাতির একত্ব লইয়াই ব্রাহ্মণের

একত্ব। সেইরূপ আত্মারও একজাতীয়ত্ব লইয়াই একত্ব উক্তি শ্রুতিতে আছে। আর 'দ্বে ব্রহ্মণী' 'চেতনানাং' ইত্যাদিস্থলে শ্রুতিতে যে সংখ্যা নির্দ্দেশ আছে, তদ্দ্বারা আত্মার স্পষ্ট অনেকত্ব সিদ্ধ হয়। ২১।

তৃতীয়াধ্যায়ে—দ্বিতীয় আহ্নিক সমাপ্ত।

উপস্কারঃ।

প্রমাণান্তরমাহ।

শাস্ত্রং শ্রুতিঃ তয়াপ্যাত্মনো ভেদপ্রতিপাদনাৎ শ্রূয়তে হি "দ্বে ব্রহ্মণী বেদিতব্যে" ইত্যা তথা "দ্বা সুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষং পরিষস্বজাতে" ইত্যাদি॥ ২১॥

ইতি শ্রীশাঙ্করে কণাদসূত্রোপস্কারে তৃতীয়াধ্যায়স্য দ্বিতীয়াহ্নিকম্।

সমাপ্তশ্চায়ং তৃতীয়াধ্যায়ঃ।

পরিষ্কারঃ

'একং বিজ্ঞানমানন্দং' 'তত্ত্বমসী'ত্যাদিশ্রুতিভিরাত্মৈক্যং প্রতিপাদিতম্। তথাচ নরশিরঃকপালং শুচি প্রাণ্যঙ্গত্বাদিত্যাদ্যনুমানবদাগমবিরোধাদাত্মভেদকমনুমানমপ্রমাণমিত্যতঃ শাস্ত্রপ্রামাণ্যপ্রদর্শকং সূত্রমবতারয়তি প্রমাণান্তরমিতি। সজাতীয়ে ঐক্যব্যবহারঃ প্রসিদ্ধঃ, একব্যক্তৌ দ্বিত্বব্যবহারস্তু উপাধিভেদমনন্তর্ভাব্য ক্বচিদপি নাস্তি। দ্বে ব্রহ্মণী ইত্যাদি শ্রুতিরুপাধিভেদমসিদ্ধমনাসাদয়ন্তী স্বশব্দৈনৈব জীবপরময়োর্দ্বৈবিধ্যমাহ। জীবস্য বহুত্বন্তু চেতনানামিত্যাদিকঠোপনিষদুক্ত্যা বিবিধস্থলীয়গুরুশিষ্যসংবাদেন কর্ম্মকাণ্ডে যজ্ঞাধিকারিপ্রতিপাদনেন চ শ্রুতৌ প্রসিদ্ধমিতি ভাবঃ। ২১।

ইতি গৌতমসিদ্ধকুলোদ্ভব-শ্রীপঞ্চাননতর্করত্নভট্টাচার্য্যকৃতৌ বৈশেষিকসূত্রোপস্কারপরিষ্কারে তৃতীয়াধ্যায়ে দ্বিতীয়াহ্নিকম্।

সমাপ্তশ্চ তৃতীয়োঽধ্যায়ঃ।

পঞ্চমাধ্যায়ে—প্রথমাহ্নিকম্।

আত্মসংযোগপ্রযত্নাভ্যাং হস্তে কর্ম্ম ॥ ১ ॥

অনুবাদ।

আত্মার সংযোগ ও প্রযত্ন হইতে হস্তে কর্ম্ম (হইয়া থাকে)। ১।

ব্যাখ্যা।

পরমাণু ক্ষয়োপচয়শীল বৃহতের কারণ, পরমাণুর পরস্পর সংযোগ হইতে ক্রমে এই বৃহতের উৎপত্তি হয়। সেই যে সংযোগ তাহা পরমাণুর কর্ম্মমূলক। কর্ম্ম অর্থে স্পন্দন। কি কারণে কর্ম্ম হয় তাহা না জানিলে, পরমাণুতে কর্ম্ম হইতে পারে কিনা ইহাই বুঝা যায় না, যদিই বা পরমাণুতে কর্ম্ম হয় ও তাহা কোন্ কারণবশতঃ হয়—শিষ্যগণের এই আশঙ্কা ও অজ্ঞান দূর করিবার জন্য মহর্ষি কণাদ কর্ম্মের কারণ কি কি তাহা একে একে দেখাইতেছেন। শরীর বা অবয়বে যে চেষ্টারূপ কর্ম্ম হয় তাহার কারণ আত্মার প্রযত্ন এবং ঐ আত্মার সহিত সংযোগ। চেষ্টার সমবায়িকারণ শরীর বা অবয়ব, যত্নবিশিষ্ট আত্মার সহিত শরীরের যে সংযোগ তাহাই অসমবায়ি কারণ এবং ঐ আত্মার যে যত্ন তাহাই নিমিত্ত-কারণ। মনে কর—শয়নের সময় হাতটী নাড়িতে ইচ্ছা হইল, তখন, হাত নাড়িবার প্রবৃত্তি হইল,—এই প্রবৃত্তিই যত্ন, তাহার পর হস্তে চেষ্টা হইল, এই চেষ্টাই হাত-নাড়া; এখন দেখ যদি হাত নাড়িতে তোমার যত্ন না হইত তাহা হইলে হাতটী নাড়ান হইত না, যত্ন হইলেও তোমার আত্মার সহিত যদি পরকীয় হস্তের ন্যায় তোমার স্বকীয় হস্তেও সম্বন্ধ না থাকিত, তাহা হইলেও হাতনাড়া হইত না, এইজন্য ঐ হস্তচালনরূপ হস্ত-কর্ম্মের—হস্ত ত সমবায়ী কারণ আছেই, তদ্ভিন্ন যত্নবিশিষ্ট আত্মসংযোগ ও প্রযত্নও কারণ।১।

উপস্কারঃ।

কর্ম্মপরীক্ষা পঞ্চমাধ্যায়ার্থঃ। প্রযত্ননিষ্পাদ্যকর্ম্মপরীক্ষা প্রথমাহ্নিকার্থঃ। তত্রাপ্যুৎক্ষেপণ-প্রকরণম্, অপ্রযত্নসিদ্ধোৎক্ষেপণপ্রকরণম্, পুণ্যহেতুকর্ম্মপ্রকরণম্, পুণ্যপাপোদাসীনকর্ম্মপ্রকরণঞ্চ চেষ্টাবিশেষমধিকৃত্যাহ।

সংযোগশ্চ প্রযত্নশ্চ সংযোগপ্রযত্নৌ আত্মনঃ সংযোগপ্রযত্নৌ তাভ্যাং হস্তে সমবায়িকারণে কর্ম্ম তস্য চ কর্ম্মণঃ প্রযত্নবদাত্মসংযোগোঽসমবায়িকারণম্, প্রযত্নশ্চ নিমিত্তকারণম্, ইয়মেব চেষ্টা, প্রযত্নবদাত্মসংযোগাসমবায়িকারণকক্রিয়াত্বং চেষ্টাত্বং স্বাত্মবেতস্মাতিরিক্তস্পর্শবদদ্রব্যপ্রযত্নজন্য-ক্রিয়াত্বং বা। ১।

পরিষ্কারঃ।

'প্রথমাহ্নিকার্থঃ' প্রথমঃ আহ্নিকার্থঃ, আহ্নিককোপস্থিতত্বাৎ প্রথমমেব। তথাচ প্রথমাহ্নিকস্য প্রথমাভিধেয়ং প্রযত্ননিষ্পাদ্যকর্ম্মপরীক্ষণমিতি ফলিতম্। তেনাযত্ন-জন্যকর্ম্মণ এতদাহ্নিকপ্রতিপাদ্যত্বেঽপি নাসঙ্গতিঃ। 'তত্রাপি' তদ্ঘটকঞ্চ। 'উৎ-ক্ষেপণপ্রকরণং' প্রযত্নসিদ্ধোৎক্ষেপণপ্রকরণমিত্যর্থঃ। অপ্রযত্নসিদ্ধেতি বক্ষ্যমাণ-ত্বাৎ। পুণ্যেহেত্বিতি অদৃষ্টকারণকেত্যর্থঃ। তেন পুণ্যপ্রযোজকস্য পুণ্যকারণকস্য চ কর্ম্মণঃ ক্বচিদপ্যগৃহীতত্বেঽপি, অদৃষ্টকারণকতস্করাভিমুখমণিগমনস্য চ গৃহীতত্বেঽপি ন ক্ষতিঃ। অত্র প্রকরণমিতি কথনাৎ ষষ্ঠাধ্যায়ে দ্বিতীয়াহ্নিকে বক্ষ্যমাণমভিষেচনে-ত্যাদি সূত্রমপ্যুপক্ষিপ্তম্। তথাচ মণিগমনমিত্যাদ্যেকসূত্রস্য প্রকরণত্বাভাবেঽপি বুদ্ধিস্থং তৎসূত্রমাদায়ৈব কথঞ্চিৎ প্রকরণত্বসংস্থাপনম্। পুণ্যপাপেতি তচ্চ প্রকরণং হস্তকর্ম্মণেত্যাদিকসূত্রদ্বয়ম্। নবদৃষ্টকারণককর্ম্মপ্রকরণস্য পুণ্যাদ্যহেতুকর্ম্মপ্রকরণা-দুত্তরত্বেঽপ্যত্র পূর্ব্বত্র তদ্গ্রহণং প্রকরণদ্বয়ঘটকসূত্রাণাং পৌর্ব্বাপর্য্যলঙ্ঘনেন প্রসঙ্গাদন্যত্রাপি কথনমিতি সূচনায়। চেষ্টাসামান্যমুক্ত্বা বিশেষমাহ স্বাসমবেতেতি। স্বং চেষ্টাশ্রয়ত্বেনাভিমতম্। তদসমবেতস্তদতিরিক্তশ্চ যঃ স্পর্শবান্ তদন্যস্য অব-চ্ছেদকত্বাখ্যস্বরূপসম্বন্ধেন তদসম্বন্ধী যঃ প্রযত্নঃ তেন জন্যা ক্রিয়া স্বনিষ্ঠক্রিয়েতি তদক্ষরার্থঃ। চেষ্টা নাম শরীর-তদবয়ব-সমবেতঃ ক্রিয়াবিশেষঃ, স চ শরীরাবচ্ছিন্ন-প্রযত্নাদুৎপদ্যতে, কার্ম্মুকাকর্ষণক্ষিপ্তশরাদিস্পন্দনস্য শরীরাবচ্ছিন্নপ্রযত্নজন্যত্বেঽপি ন তত্র চেষ্টাত্বমিতি তদ্ব্যুদাসায় স্পর্শবদন্যেত্যুক্তম্। সামান্যতঃ স্পর্শবদন্যেতি কথনে, কস্যাপি প্রযত্নস্য স্পর্শবদন্যাবচ্ছিন্নত্বাভাবাদসম্ভব ইতি স্পর্শবতি স্বাসম-বেতত্বং স্বাতিরিক্তত্বঞ্চ বিশেষণম্। স্বাসমবেতেত্যনুক্তৌ শরীরস্য অবয়বাতিরিক্ত-স্পর্শবদন্যত্বাভাবাৎ তৎপ্রযত্নজন্যাবয়বচেষ্টায়ামব্যাপ্তিঃ, স্বাতিরিক্তেত্যনুক্তৌ চ শরীরচেষ্টায়ামেব শরীরাসমবেতত্বে সতি স্পর্শবত্ত্বাত্তস্য। তৎসমবেতাবচ্ছিন্নপ্রযত্ন-জন্যা তৎক্রিয়া—তচ্চেষ্টা ; তদবচ্ছিন্নপ্রযত্নজন্যা তৎক্রিয়া চ তচ্চেষ্টেতি ভাবঃ। এবঞ্চ স্পর্শবদন্যেত্যন্তং পরিচায়কমাত্রং অত্রান্যত্বপ্রতিযোগিনামল্পীয়স্ত্বায় স্পর্শবদিতি প্রতিযোগিকুক্ষৌ নিবেশিতমিতি ধ্যেয়ম্। চেষ্টত ইতি প্রত্যক্ষসিদ্ধং চেষ্টাত্বং জাতিরিতি তু নব্যাঃ। ১। ২।

তথা হস্তসংযোগাচ্চ মুষলে কর্ম্ম ॥ ২ ॥

অনুবাদ।

চেষ্টাযুক্ত হস্তের সংযোগে মুষলে কর্ম্ম (হইয়া থাকে)। ২।

ব্যাখ্যা।

কতিপয় ছাত্র উদূখলে ধান্য লইয়া মুষল দ্বারা তাহা কাঁড়াইতেছে—ব্রাহ্মণের শূদ্র-প্রস্তুত তণ্ডুলও ত ব্যবহার করিতে নাই; বিশেষতঃ এই কণ্ডন ব্যাপার—কত জীববধের হেতু, ইহা যদি ধর্ম্ম্য সংস্কার না হয়, কেবল দগ্ধোদরের পূরণের জন্যই এই কণ্ডন কার্য্য করিতে হয় ত তাহা ব্রাহ্মণের অল্প অসাত্ত্বিকতার পরিচায়ক হয় না। ফলতঃ ধান্যের এই কণ্ডন সংস্কার ইহাও ধর্ম্মাঙ্গ, প্রথম জলের ছিটা দিয়া তাহার পর এই কণ্ডন বা অবহনন করিতে হয়; প্রোক্ষণ অবহনন সকলই ব্রাহ্মণের কর্ত্তব্য; তখন সেই তণ্ডুল ধর্ম্মকার্য্যের উপযুক্ত হইবে, তদ্দ্বারা যজ্ঞ সমাধা করিয়া অবশিষ্ট অন্ন গৃহস্থ ব্রাহ্মণ ভোজন করিবেন, ইহাই বিধি। এখনও সেই উদূখল-মুষলের বাল্যক্রীড়নক স্মৃতি বৈদিক হোমে আছে; এখনও পুরোহিত মহাশয় হোমস্থানে বসিয়া যজ্ঞোডুম্বরশাখার দ্বারা ক্ষুদ্রাকারে নির্ম্মিত একটী মধ্যক্ষীণ চারি অঙ্গুল ছয় অঙ্গুলের কাঠখণ্ড বামহস্তে ল'ন—তাহাই এখনকার উদূখলরূপে নির্ম্মিত হয়,—তাহার পর যজমান মহাশয়ের সদ্যঃ বাজারে ক্রীত আঝাড়া আবাছা তণ্ডুল হইতে দুই চারিটা তণ্ডুল সেই উদূখলে ফেলিয়া দক্ষিণ-হস্তে —যাহা মুষলরূপে নির্ম্মিত—আর একটী সরু কাষ্ঠ লইয়া দুই একবার সেই বামহস্তস্থ উদূখলের তণ্ডুলে তদ্দ্বারা আঘাত করেন, এই ক্রীড়াই মহর্ষি-সময়াগত পবিত্র উদূখল-মুষলের ধান্যকণ্ডনের অভিনয় মাত্র। তখন এ অভিনয়ে ধর্ম্মকার্য্য হইত না, প্রকৃত উদূখল-মুষল-হস্তে পাঠবিরত ছাত্রগণ ধান্যকণ্ড'ন নিযুক্ত; মহর্ষি কণাদ সেই দিকে চাহিয়া শিষ্যগণকে অঙ্গুলিনির্দ্দেশে বলিতেছেন, ঐ দেখ—ঐ তোমার সতীর্থ বৈশম্পায়নের হস্ত মুষলে দৃঢ় সংযুক্ত হইয়া উহার প্রযত্নে উৎক্ষিপ্ত হইতেছে, সেই উৎক্ষেপরূপ চেষ্টাযুক্ত হস্তের দৃঢ় সংযোগে মুষলও উৎক্ষিপ্ত হইতেছে; এই মুষলে যে উৎক্ষেপরূপ কর্ম্ম দেখিতেছ, উহাও ঐ উৎক্ষিপ্ত হস্ত-সংযোগ জন্য—ঐ হস্ত-সংযোগই মুষলকর্ম্মের অসমবায়ী কারণ, আত্মসংযোগ নহে। প্রযত্ন মুষলের ঐ কর্ম্মে নিমিত্ত কারণ। ঐ উৎক্ষেপণ এবং অবক্ষেপণে আর একটী নিমিত্ত কারণ আছে, তাহা গুরুত্ব; ঐ মুষলে ভার না থাকিলে এইরূপ প্রযত্নে মুষল কতদূর উৎক্ষিপ্ত হইত, ভার না থাকিলে অবক্ষেপের সময় আরও অধিক প্রযত্ন করিতে হইত; অতএব চেষ্টা ব্যতীত কর্ম্মে যত্নবিশিষ্ট আত্মসংযোগ ও প্রযত্ন দুইটী কারণ থাকে না। ২।

উপস্কারঃ।

হস্তোৎক্ষেপণমুক্ত্বা তদধীনং মুষলোৎক্ষেপণমাহ।

চকারেণ গুরুত্বং নিমিত্তকারণান্তরং সমুচ্চিনোতি। তথেতি তাদৃশমুৎক্ষেপণরূপমেবেত্যর্থঃ। যথা হস্তসংযোগাদুৎক্ষেপণবদ্ধস্তসংযোগাদিত্যর্থঃ। অত্র চ প্রযত্নবদাত্মসংযুক্তেন হস্তেন মুষলস্য সংযোগোঽসমবায়িকারণম্, মুষলং সমবায়িকারণম্, প্রযত্নগুরুত্বে নিমিত্তকারণে॥ ২॥

অভিঘাতজে মুষলাদৌ কর্ম্মণি ব্যতিরেকাদকারণং হস্ত-সংযোগঃ॥ ৩॥

অনুবাদ।

অভিঘাতোৎপন্ন মুষলাদি-কর্ম্মে ব্যভিচার হয় বলিয়া হস্ত-সংযোগ (তাহার উৎপত্তি) কারণ নহে। ৩।

ব্যাখ্যা।

মহর্ষি বলিতেছেন, বৎস! দেখ ঐ বৈশম্পায়ন শেষবার উদূখলে মুষল অভিঘাত করিল, আর মুষলপাতন অনাবশ্যক বিবেচনায় সে হস্তের চাপ মুষলে দেয় নাই, অভিহত মুষল একটু ঠিকরাইয়া উঠিল, ঐ অবস্থায় মুষলের যে উৎপতন-কর্ম্ম তাহার কারণ হস্ত-সংযোগ নহে, উদূখলে অভিঘাতই তাহার কারণ। আমরা একালের অধ্যাপক, আমরা এইরূপ কর্ম্ম বুঝাইতে হইলে উদূখল মুষলের অবতারণা না করিয়া বলের উল্লেখ করিতাম, প্রথমবার হাত দিয়া 'বল' নিক্ষেপ করিলে, সেই বলের ক্রিয়া—নিক্ষিপ্ত অবস্থায় তির্য্যগ্‌গমন—তাহা হস্ত-সংযোগ-জন্য, তাহার পর আবার মাটীতে পড়িবার পর যে আবার উৎপতন তাহা হস্তসংযোগ-জন্য নহে, পরন্তু ভূতলে অভিঘাতজন্য। হস্ত-সংযোগ তাহার কারণ নহে কেন?—ইহার উত্তর, সূত্রে কথিত হইয়াছে 'ব্যভিচার হয় বলিয়া'—অর্থাৎ অভিঘাতকালে হস্তসংযোগ না থাকিলেও তৎপরক্ষণে উৎপতন-ক্রিয়া হয়, সুতরাং উহা কারণ নহে; কারণ অব্যবহিত পূর্ব্বক্ষণে না থাকিলে ত কার্য্য হইতে পারে না। ৩।

উপস্কারঃ।

উদূখলাভিহতস্য মুষলস্যাকস্মাদ্‌যদুৎপতনং জায়তে তত্র কারণমাহ।

অত্র যদ্যপি মুষলেন উৎপততা হস্তস্য সংযোগোঽপ্যস্তি তথাপি স সংযোগোঽন্যথাসিদ্ধঃ কিন্তু উদূখলাভিঘাত এব অসমবায়িকারণম্, কুত এবমিত্যত আহ ব্যতিরেকাদিতি, প্রযত্নস্য ব্যভিচারাদিত্যর্থঃ। যদি তদা প্রযত্নঃ স্যাৎ মুষলস্যৈবাকস্মিকমুৎপতনং ন ভবেৎ বিধারকেণ প্রযত্নেন মুষলস্য ধারণমেব ভবেৎ চেষ্টাধীনং মুষলস্য পুনরুৎপতনং বা ভবেৎ ইতি ভাবঃ॥ ৩॥

পরিষ্কারঃ।

অকস্মাদিতি তদুৎপতনানুকূলপ্রযত্নং বিনেত্যর্থঃ। নিশ্চিতকারণসম্বন্ধং বিনেত্যর্থো বা। কস্যাপি কার্য্যস্য অকারণকত্বরূপাকস্মিকত্বাভাবাদিতি ভাবঃ। যত্র খলু প্রত্যক্ষগৃহীতঃ প্রযত্নঃ ভুজবলস্তম্ভিতস্য মুষলস্যানুৎপতনং, চেষ্টাধীনং পুনরুৎপতনং বা ভবতি, ন তু দুর্ব্বলভুজভরমবমন্যমানস্যেব মুষলস্য স্বেচ্ছয়েব সকৃদুল্লম্ফনং; যত্র চ প্রযত্নো ন প্রত্যক্ষঃ, তদা কচিদুৎপতনমনুৎপতনঞ্চ তস্মাৎ প্রযত্নাকস্মিকোৎপতনয়োরন্বয়ব্যতিরেকব্যভিচার ইতি ভাবঃ। ৩।

তথাত্মসংযোগো হস্তকর্ম্মণি ॥ ৪ ॥

অনুবাদ।

(মুষলের সহিত উৎপতিত) হস্তের কর্ম্মে আত্মসংযোগ কারণ নহে। ৪।

ব্যাখ্যা।

মহর্ষি বলিতেছেন, বৎস! ঐ যে মুষল উদূখলে অভিহত হইয়া ঠিক্‌রাইয়া উঠিল,—ঐ সঙ্গে বৈশম্পায়নের ক্লান্ত হস্তও মুষলের সঙ্গে কিঞ্চিৎ উৎক্ষিপ্ত হইল, ঐ যে হস্তের উৎক্ষেপ-কর্ম্ম, আত্ম-সংযোগ উহার হেতু নহে, এই উৎক্ষেপের হেতু যে কি তাহা বলিতেছি। ৪।

উপস্কারঃ।

মুষলেন সহোৎপততো হস্তস্য কর্ম্মণি কারণবিশেষমভিধাতুং প্রযত্নবদাত্মসংযোগস্যাসমবায়িকারণত্বং নিরাকর্ত্তুমাহ।

মুষলেন সহোৎপততো হস্তস্য কর্ম্মণি আত্মসংযোগঃ প্রযত্নবদাত্মসংযোগস্তথা অকারণমিত্যর্থঃ অকারণমিতি পূর্ব্বসূত্রস্থং তথেত্যতিদিশ্যতে ॥ ৪ ॥

পরিষ্কারঃ।

'মুষলেন' আকস্মিকোৎপতনবতা মুষলেন। ৪।

অভিঘাতান্মুষলসংযোগাদ্ধস্তে কর্ম্ম ॥ ৫ ॥

অনুবাদ।

অভিঘাতস্বরূপ যে (উদূখল) মুষল-সংযোগ তাহা হস্ত-কর্ম্মের প্রযোজক। ৫

ব্যাখ্যা।

উদূখলে মুষল যেমন দুম করিয়া পড়িল, তৎক্ষণাৎ মুষলে উৎপতন-কর্ম্ম হইল, সেই কর্ম্ম হইতে মুষলে বেগ হইল, সেই বেগ হস্ত-উৎপতনের প্রযোজক। ৫।

উপস্কারঃ।

কুতস্তর্হি হস্তে তদোৎপতনমত আহ।

যথা মুষলে উৎপততি মুষলমুখস্থং লোহমুৎপততি তথা হস্তোঽপি তদোৎপততি। অত্রাভিঘাত-শব্দেন অভিঘাতজনিতঃসংস্কার উচ্যতে উপচারাৎ, উৎপততো মুষলস্য পটুতরেণ কর্ম্মণা অভিঘাত-সহকৃতেন স্বাশ্রয়ে মুষলে সংস্কারো জনিতস্তং কৃতং সংস্কারমপেক্ষ্য হস্তমুষলসংযোগাদসমবায়ি-কারণাদ্ধস্তেঽপ্যুৎপতনং ন তু তদুৎপতনং প্রযত্নবদাত্মসংযোগাসমবায়িকারণম্, অবশো হি হস্তো মুষলেন সহোৎপততীতি ভাবঃ॥ ৫॥

পরিষ্কারঃ।

'সংস্কারঃ' বেগঃ। ৫।

আত্মকর্ম্ম-হস্তসংযোগাচ্চ॥ ৬॥

অনুবাদ।

শরীর বা অঙ্গে অর্থাৎ হস্তে যে কর্ম্ম উৎপন্ন হয়, হস্ত-সংযোগ অর্থাৎ হস্ত-মুষল-সংযোগও তাহার কারণ। ৬।

ব্যাখ্যা।

অভিহত মুষল উৎপতিত হইলে, সেই উৎপতনবেগযুক্ত মুষলের সহিত যে হস্তসংযোগ, তাহাই সেই মুষল-সংযুক্ত হস্ত-উৎপতনের হেতু। সে উৎপতন প্রযত্ন-জন্য। ৬।

উপস্কারঃ।

নন্ শরীরে শরীরাবয়বে বা যৎ কর্ম্মোৎপদ্যতে তত্র প্রযত্নবদাত্মসংযোগঃ কারণং, প্রকৃতে কথং ন ভবেত্যত আহ।

আত্মশব্দঃ শরীরাবয়বপর উপচারাৎ, অন্বয়ানুপপত্তিরেবোপচারবীজম্, তথাচাত্মনঃ শরীরাবয়ব-স্যাপি হস্তস্য যৎ কর্ম্ম তৎ হস্তমুষলসংযোগাৎ, চকারাচ্চ বেগসমুচ্চয়ঃ; হস্তকর্ম্মণি হস্তসংযোগস্যাব-সমবায়িকারণং তত্র ব্যভিচারো নাস্তি স চ কচিৎ প্রযত্নবদাত্মসংযোগঃ কচিদ্বেগবন্মুষলাদিহস্ত-সংযোগো যথা বাতুলস্য শরীরাবয়বকর্ম্মেতি ভাবঃ॥ ৬॥

পরিষ্কারঃ।

হস্তসংযোগশ্চ প্রযত্নবদাত্মসংযোগাদিরূপো দ্বিবিধ ইত্যাহ স চেতি। বাতব্যাধি-যুক্তস্যাবয়বকম্পস্তু ন প্রযত্নবদাত্মসংযোগজন্যঃ; কিন্তু বায়ুতদবয়বসংযোগজন্য ইত্যাহ বাতুলস্যেতি। ৬।

সংযোগাভাবে গুরুত্বাৎ পতনম্ ॥ ৭ ॥

অনুবাদ।

সংযোগ—অর্থাৎ পতনের প্রতিবন্ধক না থাকিলেই গুরুত্ব হেতু পতন (পতন নামক কর্ম্ম) হইয়া থাকে। ৭।

ব্যাখ্যা।

বৃক্ষের সহিত ফলের যতদিন সংযোগ থাকে, ফলে গুরুত্ব থাকিলেও ততদিন তাহা অধোদেশে নিপতিত হয় না, কিন্তু ঐরূপ সংযোগের অপগম হইলেই ফল অধোদেশে পতিত হয়। কেননা, তখন ফলপতনের প্রতিবন্ধক নাই, অথচ উহাতে গুরুত্ব আছে। উড্ডীয়মান পক্ষী আকাশ হইতে পড়িয়া যায় না, কেননা তখন উড্ডয়ন-প্রযত্ন তাহার আছে; সেই প্রযত্নই পতনের প্রতিবন্ধক। যদি তাহার প্রযত্ন মৃত্যুমূর্চ্ছাদি দ্বারা অপনীত হয়, তাহা হইলে সে ভূতলে পতিত হয়। ফলতঃ গুরুত্ব পতনের অসমবায়িকারণ। ৭।

উপস্কারঃ :

প্রযত্নানধীনকর্ম্মপ্রকরণমারভতে।

সংযোগপদেন প্রতিবন্ধকমাত্রমুপলক্ষয়তি, তেন প্রতিবন্ধকাভাবে গুরুত্বাদসমবায়িকারণাৎ পতনম্ অধঃসংযোগফলিকা ক্রিয়া জায়তে, তত্র গুরুত্ববতি ফলাদৌ প্রতিবন্ধকঃ সংযোগঃ, বিহঙ্গমাদৌ তু বিধারকঃ প্রযত্নঃ পতনপ্রতিবন্ধকঃ, কাণ্ডাদৌ ক্ষিপ্তে সংস্কার এব পতনপ্রতিবন্ধকঃ, এতেষামভাবে গুরুত্বাধীনং পতনমিত্যর্থঃ। অভিধ্যানাদিনা বিষাদেরন্তরীক্ষস্থাপনে অদৃষ্টবদাত্মসংযোগো মন্ত্রাদিরেব বা প্রতিবন্ধকস্তেষামপি সংযোগপদেন সংগ্রহঃ ॥ ৭ ॥

পরিষ্কারঃ।

প্রযত্নানধীনেতি। যদি চাকস্মিকমুষলকর্ম্মণোঽপি ন প্রযত্নজন্যত্বং তথাপ্যভিঘাতহেতুভূতমুষলকর্ম্মণঃ প্রযত্নজন্যতয়া তদভিঘাতসাপেক্ষমুষলকর্ম্মণঃ প্রযত্নাজন্যত্বেঽপি প্রযত্নাধীনত্বং কথমপি সম্ভবতি, গুরুত্বহেতুকপতনস্য তু জন্যপ্রযত্নসাপেক্ষত্বং কথমপি নাস্তীতি তদঘটিতপ্রকরণং প্রযত্নানধীনপ্রকরণমিত্যুক্তম্। 'কাণ্ডাদৌ' শরাদৌ। ৭।

নোদনবিশেষাভাবান্নোর্দ্ধ্বং ন তির্য্যগ্গমনম্ ॥ ৮ ॥

অনুবাদ।

নোদনবিশেষের অভাবে ঊর্দ্ধগমন বা তির্য্যগ্গমন হয় না। ৮।

ব্যাখ্যা।

বাণ বক্র ও ঊর্দ্ধ যেমন ভাবে নিক্ষিপ্ত হয়, তাহা সেইরূপ ভাবেই বক্র গমন করে বা ঊর্দ্ধ গমন করে, বৃক্ষচ্যুত ফল কিন্তু কখনই বক্র বা ঊর্দ্ধে গমন করে না পরন্তু এক একটী লৌহময় বাণ ফল অপেক্ষা গুরুভার। সেই গুরুভার-বিশিষ্ট বস্তুর যে বক্রগমনাদি হয়, তাহার কারণ নোদনবিশেষ। ফলে সেরূপ নোদন নাই, তাই বক্র ঊর্দ্ধ গমনও নাই। ৮।

উপস্কারঃ।

নমু গুরুত্বাদ্ যদি পতনং তদা লোহাদেরুৎক্ষিপ্তস্য কচিদূর্দ্ধং কচিচ্চ তির্য্যগ্ গমনং কথমস্তবেদিত্যত আহ।

গুরুত্ববতোহপি লোহকাণ্ডাদেরূর্দ্ধং তির্য্যক্ চ গমনং তন্নোদনবিশেষাৎ তীব্রতরান্নোদনাৎ তথাচ ফলাংক্ষিবাণাদৌ সংযোগপ্রযত্নসংস্কারাভাবে যৎ পতনং তত্র নোদনবিশেষো নাস্তি তেন ন তির্য্যঙ্ ন বোর্দ্ধগমনমিতি ভাবঃ। ৮।

পরিষ্কারঃ।

গুরুত্বাদিতি। নোদনবিশেষাভাবাদিতি সূত্রম্ ঊর্দ্ধতির্য্যগ্গমনে প্রতি অন্বয়িতয়া প্রসিদ্ধস্য নোদনস্য কারণতাগ্রহো নিষ্প্রাবাধো ভবিষ্যতীতি ব্যতিরেকানুবিধানপ্রদর্শনার্থমিত্যাশয়ঃ। ৮।

প্রযত্নবিশেষান্নোদনবিশেষঃ॥ ৯॥

অনুবাদ।

প্রযত্নবিশেষ হইতেই নোদনবিশেষ হইয়া থাকে॥ ৯॥

ব্যাখ্যা।

'নোদনবিশেষ' শব্দটী, এই সূত্র ও পূর্ব্বাপর সূত্রে যে ভাবে ব্যবহৃত হইয়াছে, তাহাতে ইহার অর্থ বিষয়ে সন্দেহ হয়; এই সূত্রানুসারে নোদনবিশেষ অর্থে নিক্ষেপের অনুকূল হস্তাদির চেষ্টা বোধ হয়, কেননা সেইরূপ কর্ম্ম প্রযত্ন-জন্য। কিন্তু কর্ম্ম কর্ম্মের জনক নহে; ইহা ন্যায়-বৈশেষিকের মত, অতএব নোদনবিশেষ শব্দের অর্থ কায়িক চেষ্টা হইলে উহা নিক্ষেপের অনুকূল কর্ম্ম হইতে পারে না। এই জন্য বলিতে হয়, নোদনবিশেষ শব্দ এই সূত্রে চেষ্টাবিশেষ-অর্থে এবং অন্যান্য সূত্রে চেষ্টাবিশিষ্ট অঙ্গের সহিত নিক্ষেপণীয় বস্তুর সংযোগবিশেষ-অর্থে ব্যবহৃত হইয়াছে। অথবা সকল সূত্রেই শেষোক্ত অর্থ গ্রাহ্য; প্রযত্ন চেষ্টার হেতু বলিয়া পরম্পরা ক্রমে উহা চেষ্টাবিশিষ্ট অঙ্গের সহিত নিক্ষেপণীয় বস্তুর যে সংযোগ তাহারও

হেতু হয়; অর্থাৎ প্রযত্নবিশেষ সংযোগবিশেষের প্রয়োজক হইয়া থাকে, ইহাই এই সূত্রের অর্থ ॥ ৯ ॥

নোদনবিশেষাদুদসনবিশেষঃ ॥ ১০ ।

অনুবাদ।

দূরে নিক্ষেপ নোদনবিশেষ হইতে (হয়) ॥ ১০ ॥

ব্যাখ্যা।

কোন একটী বস্তুকে ছুঁড়িয়া দূরে ফেলিতে হইলে কায়িক ব্যাপারের আবশ্যক; দূরে ঢিল ছুঁড়িতে হইলে, হাতখানি সোজা সটান করিয়া পশ্চাৎদিকে লইয়া যাইতে হয়, সেইরূপ ক্রিয়াবিশিষ্ট বা উদ্যমবিশিষ্ট হস্তের সংযোগ-বিশেষই নোদনবিশেষ। বস্তুগত দূরে নিক্ষেপের—অর্থাৎ যে বস্তু দূরে নিক্ষিপ্ত হইতেছে, তাহার সেই স্পন্দন বা কর্ম্মের প্রতি নোদনবিশেষ কারণ ॥ ১০ ॥

উপস্কারঃ।

নমু নোদনবিশেষ এব কুত উৎপদ্যতে তত্রাহ।

তির্য্যক্ ঊর্দ্ধং দূরম্ আসন্নং বা ক্ষিপামীতীচ্ছাকারণকঃ প্রযত্নবিশেষঃ তজ্জনিতো নোদনবিশেষস্ততো গুরুত্ববতো দ্রব্যস্য লোষ্টাদেরূর্দ্ধং তির্য্যক্ চ গমনমুপপাদ্যতে। উদসনং দূরোৎক্ষেপণম্ ॥৯।১০॥

পরিষ্কারঃ।

অত্র 'নোদনবিশেষঃ' হস্তাদিব্যাপারবিশেষঃ, স চ স্বাশ্রয়সংযোগদ্বারা লোষ্ট্রকাণ্ডাদেস্তির্য্যগূর্দ্ধাদিগমনপ্রয়োজকঃ। অথবা চেষ্টাবিশেষবদ্ধস্তাদিসংযোগবিশেষ এব নোদনবিশেষঃ। তস্য চ বিশিষ্টরূপস্য বিশেষণীভূতচেষ্টাজনকপ্রযত্নাপেক্ষিত্বমস্তীতি ভাবঃ। ৯। ১০।

হস্তকর্ম্মণা দারককর্ম্ম ব্যাখ্যাতম্ ॥১১॥

অনুবাদ।

হস্তকর্ম্ম দ্বারাই বালকের কর্ম্ম বিবৃত হইল ॥ ১১ ॥

ব্যাখ্যা।

ঐ যে মুষলোৎপতন-নিবন্ধন মুষলসংযুক্ত হস্তের উৎপতন, ইহা যেমন কোন ব্যক্তিবিশেষের ইষ্টানিষ্ট উদ্দেশে উৎপন্ন হয় না, পুণ্যাপাপের হেতুও হয় না, বালকের হস্তপদাদি সঞ্চালনও সেইরূপ জানিবে ॥ ১১ ॥

উপস্কারঃ।

উদূখলাভিঘাতাং মুসলেন সহ হস্তে যৎ কর্ম্ম উৎপন্নং তত্তাবৎ প্রযত্নপূর্ব্বকং ন ভবতি নাপি পুণ্যাপাপহেতুরতস্তত্তুল্যত্বাং বালকস্য ক্রীড়াকরচরণাদিচালনং যত্তত্রাতিদিশতি।

বালকস্য যদ্যপি করচরণাদিচালনং প্রযত্নপূর্ব্বকমেব তথাপি হিতাহিতপ্রাপ্তিফলকং ন ভবতি ন বা পুণ্যপাপহেতুরিত্যাতিদেশার্থঃ॥ ১১॥

পরিষ্কারঃ।

তথাপীতি। নহ্যুপমানোপমেয়য়োঃ সর্ব্বথা সাধর্ম্ম্যং ক্বচিদস্তীতি ভাবঃ।১১—১৫

তথা দগ্ধস্য বিস্ফোটনে॥ ১২॥

অনুবাদ।

দগ্ধ বস্তুর (দহ্যমান বস্তুর) বিস্ফোটনকালীন (যে কর্ম্ম) তাহাও তদ্রূপ। ১২।

ব্যাখ্যা।

কোন বস্তু অগ্নিদগ্ধ হইবার সময় ফাটিয়া যায়, এই ফাটিয়া যাওয়াই বিস্ফোটন। বিস্ফোটন হইবার পূর্ব্বে দহ্যমান বস্তুর ক্রিয়া হয়, ঐ ক্রিয়া অগ্নি-সংযোগ-জন্য, সেই যে ক্রিয়া উহাও মুষলোৎপতিত হস্তের ন্যায় প্রযত্নিরপেক্ষ এবং উহা পাপপুণ্য উদ্দেশে অনুষ্ঠিত হয় না, বা তাহার হেতুও নহে॥ ১২॥

উপস্কারঃ।

ইদানীং প্রযত্নপূর্ব্বকেঽপি কর্ম্মণি যত্র ন পুণ্যাপাপহেতুত্বং তত্র দারককর্ম্মতুল্যতামতিদিশন্নাহ।

আততায়িনা কেনাপ্যগারে দাহ্যমানে তত্র দগ্ধস্য পুরুষস্য বিস্ফোটে বহ্নিকুণ্ডে জাতে সতি তস্যাততায়িনো বধানুকূলেন প্রযত্নেন হস্তাদৌ যৎ কর্ম্ম জনিতং তন্ন পুণ্যহেতুর্ন বা পাপহেতুঃ। যথাহুঃ,—"নাততায়িবধে দোষো হন্তুর্ভবতি কশ্চন। প্রকাশং বাঽপ্রকাশং বা মন্যুস্তন্মন্যুমৃচ্ছতি।" "অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ। ক্ষেত্রদারাপহারী চ ষড়েতে আততায়িনঃ॥" ১২॥

যত্নাভাবে প্রসুপ্তস্য চলনম্॥ ১৩॥

অনুবাদ।

সুষুপ্ত ব্যক্তির বিনা যত্নেও কর্ম্ম হয়॥ ১৩॥

ব্যাখ্যা।

মনুষ্যের সুষুপ্তি প্রভৃতি অচৈতন্য অবস্থায় যে দেহের আক্ষেপ সঞ্চালন ইত্যাদি হয়, তাহা যত্নসাপেক্ষ নহে; বায়ুসংযোগ ইত্যাদিই তাহার কারণ॥ ১৩॥

উপস্কারঃ।

ইদানীং জ্ঞং বিনা যানি কর্ম্মাণি ভবন্তি তান্যাহ।

প্রসুপ্তস্যেতি চৈতন্যাভাবদশামুপলক্ষয়তি, তেন মূর্চ্ছিতস্য জীবতোঽচৈতন্যেঽপি বায়ুকৃত-চলনং দ্রষ্টব্যমত্র ॥ ১৩ ॥

তৃণে কর্ম্ম বায়ুসংযোগাৎ ॥ ১৪ ॥

অনুবাদ ।

তৃণ অর্থাৎ বৃক্ষাদিতে যে কর্ম্ম হয় তাহার হেতু বায়ুসংযোগ ॥ ১৪ ॥

ব্যাখ্যা ।

বৃক্ষের শাখাপ্রশাখাদির স্পন্দন সমীরণ সংযোগেও হয় ॥ ১৫ ॥

উপস্কারঃ ।

শরীরকর্ম্মাণি ব্যাখ্যায় তদিতরাণ্যাহ ।

তৃণপদেন বৃক্ষগুল্মলতাবতানাদিকং সর্ব্বমুপলক্ষয়তি ॥ ১৪ ॥

মণিগমনং সূচ্যভিসর্পণমদৃষ্টকারণকম্ ॥ ১৫ ॥

অনুবাদ ।

(অয়স্কান্ত প্রভৃতি) মণির (অভিমুখে লৌহাদির) গমনের, এবং (মন্ত্রপূত) সূচীর (তস্করাভিমুখে) অভিগমনের অদৃষ্টই কারণ ॥ ১৫ ॥

ব্যাখ্যা ।

অয়স্কান্ত-অভিমুখে যে লৌহ ধাবিত হয়, সেই ধাবন বা লৌহের ঐ স্পন্দন-বিশেষের কারণ অদৃষ্ট ও আত্মসংযোগ। লৌহের অয়স্কান্ত-অভিমুখে যে গতি, তাহা যে ব্যক্তির ইষ্টানিষ্টহেতু হয়, তাহার অদৃষ্টই সেই গমনের কারণ। মন্ত্রপূত সূচী ত্যাগ করিলে তাহা গিয়া দূরস্থ তস্করের শরীরে বিদ্ধ হয়, এই যে সূচী-গতি তস্করের পাপ বা যাহার ধন অপহৃত হইয়াছে, তাহার পুণ্যেই হইয়া থাকে। এই সূত্রে যে মণিগমন শব্দ আছে, তাহার অর্থ—তস্কর-অভিমুখে যে মন্ত্রপূত মণি বা কাংস্য প্রভৃতির গমন, আর সূচ্যভিসর্পণ অর্থে সূচী বা যে কোন লৌহময় বস্তুর যে অয়স্কান্তমণি-অভিমুখে গমন অথবা তৃণাদির যে তৃণকান্তমণি-অভিমুখে গমন তাহার হেতু অদৃষ্ট, এইরূপ ব্যাখ্যা উপস্কারসম্মত। বস্তুতঃ আমার কৃত অনুবাদ ও ব্যাখ্যাই হউক এবং উপস্কারের ব্যাখ্যাই হউক, উভয় ব্যাখ্যাই সূত্রের প্রকৃতমর্ম্ম-প্রকাশক নহে, ইহা আমার বিশ্বাস। এইজন্য ব্যাখ্যান্তর প্রদান করিতেছি, কাহা-কেও যদি সর্পাঘাত হয়, তাহা হইলে মণি—অর্থাৎ কোন কোন প্রস্তর মন্ত্রপূত করিয়া ছাড়িয়া দিলে, মণি সেই সর্পাভিমুখে ধাবিত হয়, সর্প যেখানে থাকে

সেইখানে গিয়া মণি সর্পের মস্তকে জোরে বসিয়া যায় আর সর্প সেই মন্ত্রপূত মণির আকর্ষণে সর্পাহত ব্যক্তির নিকট আনীত হয়, এই যে মণিকর্ম্ম অথবা বিষপ্রস্তর নামক মুনিবিশেষের বিষস্থানে দৃঢ়সংযোগ হেতু যে স্পন্দন ইহার কারণ অদৃষ্ট। মন্ত্রপূত সূচীর তস্করাভিমুখে গমনের হেতুও অদৃষ্ট ॥ ১৫ ॥

উপস্কারঃ।

অদৃষ্টাধীনং কর্ম্ম পরিগণয়ন্নাহ।

মণিপদেন কাংস্যাদিকমুপলক্ষয়তি তেনাভিমন্ত্রিতং মণিকাংস্যাদি তস্করাভিমুখং যদ্ গচ্ছতি তত্র গমনে মণ্যাদি সমবায়িকারণম্, অদৃষ্টবত্তস্করাত্মমণিসংযোগোঽসমবায়িকারণম্, তস্করস্য পাপং নিমিত্তকারণম্। সূচ্যভিসর্পণমিতি সূচীপদেন লৌহমাত্রং তৃণকোপলক্ষয়তি: তথা চায়স্কান্তাভিমুখং যৎ সূচ্যাদের্গমনং তৃণকাণ্ডাভিমুখং যৎ তৃণস্য গমনং তত্র সূচ্যাদি সমবায়িকারণম্, যস্য হিতমহিতং বা তেন তৃণসূচ্যাদিগমনেন তদদৃষ্টবদাত্মসংযোগোঽসমবায়িকারণম্, তদদৃষ্টমেব নিমিত্তকারণম্, এবমন্যদপ্যূহ্যম্, তদ্ যথা বহ্নেরূর্দ্ধজ্বলনং বায়োস্তির্য্যগ্‌গমনং সর্গাদৌ পরমাণুকর্ম্মাদি ॥ ১৫ ॥

ইষাবযুগপৎসংযোগবিশেষাঃ কর্ম্মান্যত্বে হেতুঃ ॥ ১৬ ॥

অনুবাদ।

সংযোগবিশেষের অযৌগপদ্যই শরে বিবিধ কর্ম্ম সত্তার জ্ঞাপক ॥ ১৬

ব্যাখ্যা।

শরক্ষেপ করিলে শর চলিয়া গেল, সেই গমনসময়ে শর কত স্থান অতিক্রম করিয়াছে, সেই বিভিন্ন-দেশে বিভিন্ন-সংযোগ বিভিন্ন-কর্ম্ম-জন্য। এক কর্ম্ম নানা সংযোগের হেতু হইলে, সকল সংযোগ এক সময় হইতে পারে; তাহা যখন হয় না, তখন সেই শরের কর্ম্মও এক নহে, নানা। কর্ম্মও নানা এবং সংযোগও নানা, এরূপ হইলে এক একটী কর্ম্ম এক একটী সংযোগের হেতু ॥ ১৬ ॥

উপস্কারঃ।

ননু শরবিহঙ্গমালাতচক্রাদীনামুপরমপর্য্যন্তমেকমেব কর্ম্ম নানা বেতি সংশয়ে নির্ণয়হেতুমাহ।

ইষাবিতি ষষ্ঠ্যর্থে সপ্তমী, ইদমত্রাকূতং বেগেন গচ্ছতাং শরাদীনাং কুড্যাদিসংযোগানন্তরং শরাদৌ সত্যেব গত্যুপরমো দৃশ্যতে অত্রাশ্রয়নাশস্তাবন্ন তন্নাশকঃ আশ্রয়স্য বিদ্যমানত্বাৎ বিরোধিগুণান্তরঞ্চ নোপলভ্যতে তেন স্বজন্যঃ সংযোগ এব কর্ম্মনাশক ইত্যুন্নীয়তে স চ সংযোগচতুর্থক্ষণে জাতঃ পঞ্চমক্ষণে কর্ম্ম নাশয়তি তথাহি কর্ম্মোৎপত্তিরথ বিভাগঃ অথ পূর্ব্বসংযোগনাশঃ উত্তরসংযোগঃ কর্ম্মনাশঃ তেনাযুগপৎসংযোগবিশেষাঃ কর্ম্মনানাত্বজ্ঞাপকা ইত্যর্থঃ। সংযোগবিশেষা ইতি সংযোগে বিশেষঃ স্বজন্যত্বমেব অন্যথা সংযোগমাত্রস্য কর্ম্মনাশকত্বে কর্ম্ম ক্বচিদপি ন তিষ্ঠেৎ ॥ ১৬ ॥

নোদনাদাদ্যমিষোঃ কর্ম্ম তৎকর্ম্মকারিতাচ্চ সংস্কারাদুত্তরং তথোত্তরঞ্চ ॥ ১৭ ॥

অনুবাদ।

শরের প্রথম কর্ম্ম নোদননামক সংযোগ হইতে (উৎপন্ন হয়) (ঐ প্রথম-) কর্ম্মজন্য বেগনামক সংস্কারে পরবর্ত্তী কর্ম্ম উৎপন্ন হয়; এইরূপ উত্তরোত্তর (জানিবে) ॥ ১৭ ॥

ব্যাখ্যা।

জোরে একটী বাণ ছুড়িলে, তাহাতে অনেক কর্ম্ম উৎপন্ন হয়, তন্মধ্যে বাণের প্রথম কর্ম্ম নোদন হইতে উৎপন্ন হয়, তারপর বেগনামক সংস্কার উৎপন্ন হইয়া পর পর ধারাবাহিক কর্ম্ম উৎপাদন করে, যতক্ষণ তাহার বেগ থাকে, ততক্ষণই এইরূপ চলিয়া থাকে ॥ ১৭ ॥

উপস্কারঃ।

নোদননিষ্পাদ্যকর্ম্মপ্রকরণানন্তরং সংস্কারনিষ্পাদ্যকর্ম্মপ্রকরণমারভতে।

পুরুষপ্রযত্নেনাকৃষ্টয়া পতঞ্চিকয়া মুক্তস্যেষোরাদ্যং কর্ম্ম জায়তে তত্র নোদনমসমবায়িকারণম্, ইষুঃ সমবায়িকারণম্, প্রযত্নগুরুত্বে নিমিত্তকারণে, তেন চাদ্যেন কর্ম্মণা সমানাধিকরণো বেগাখ্যঃ সংস্কারো জন্যতে, স চ বেগেন গচ্ছতীতি প্রত্যক্ষসিদ্ধ এব তেন সংস্কারেণ তত্রেষৌ কর্ম্ম জায়তে তত্রাসমবায়িকারণং সংস্কারঃ, সমবায়িকারণমিষুঃ, নিমিত্তকারণঞ্চ তীব্রো নোদনবিশেষঃ। এবঞ্চ যাবদিষুপতনমনুবর্ত্তমানেন সংস্কারেণ উত্তরোত্তরঃ কর্ম্মসন্তানো জায়তে স্বজন্যোত্তরসংযোগেন কর্ম্মণি নষ্টে সংস্কারেণ কর্ম্মান্তরজননাৎ এক এব সংস্কারঃ কর্ম্মসন্তানজনকঃ ন তু কর্ম্মসন্তানবৎ সংস্কারসন্তানোঽপ্যভ্যুপগন্তুমুচিতো গৌরবাদিতি দর্শয়িতুমাহ তথোত্তরমুত্তরঞ্চেতি; তৎকর্ম্মকারিতাচ্চ সংস্কারাদিত্যেকবচনঞ্চ, ন্যায়নয়ে তু কর্ম্মসন্তানবৎ সংস্কারসন্তানস্বীকারে গৌরবম্, যত্তু যুগপৎপ্রক্ষিপ্তশরয়োরেকস্য তীব্রো বেগোঽপরস্য তু মন্দস্তত্র নোদনতীব্রত্বমন্দত্বে নিমিত্তম্ ॥ ১৭ ॥

পরিষ্কারঃ।

পতঞ্চিকা ইষুক্ষেপণযন্ত্রভেদঃ। ন্যায়নয়ে স্থিতি। একস্যৈব সংস্কারস্য কর্ম্মধারাজনকত্বে একৈককর্ম্মণঃ কর্ম্মান্তরপ্রতিবন্ধকত্বমঙ্গীকার্য্যমন্যথা পূর্ব্বোত্তরবর্ত্তিনাং সর্ব্বেষামেব কর্ম্মণাং যুগপদুৎপত্তিপ্রসঙ্গো দুর্ব্বার ইতি তত্তদ্ব্যক্তিত্বেন প্রতিবধ্যপ্রতিবন্ধকভাবকল্পনামপেক্ষ্য তত্তৎসংস্কারব্যক্তিত্বেন বিশেষকার্য্যকারণভাবাভ্যুপগম এব লাঘবমিতি ন্যায়নয় এব জ্যায়ানিতি তু তত্ত্বম্। ১৭।

সংস্কারাভাবে গুরুত্বাৎ পতনম্॥ ১৮॥

অনুবাদ।

বেগ নিবৃত্তি হইলে গুরুত্ব থাকাতে পতন (হয়)॥ ১৮॥

ব্যাখ্যা।

বেগনামক সংস্কার কতক্ষণ? তাহার বিনাশ হইলেই ঐ বাণ মাটীতে পড়িয়া যায়, কেননা বাণে গুরুত্ব আছে; পূর্ব্বেই কথিত হইয়াছে, গুরুত্ব পতনের হেতু; তবে গুরুত্ব সত্ত্বেও প্রতিবন্ধক থাকিলে পতন হয় না, প্রতিবন্ধক না থাকিলেই পতন হয়। ঐ বেগ বাণের পতনে প্রতিবন্ধক ছিল, সেই বেগ নিবৃত্ত হইলেই পতন হয়॥ ১৮॥

পঞ্চম অধ্যায়ে প্রথম আহ্নিক সমাপ্ত।

উপস্কারঃ।

নন্তু সংস্কার এক এব চেৎ কর্ম্মসন্তানজনকস্তদা কদাচিদপি শরপাতো ন স্যাৎ কর্ম্মজনকস্য সংস্কারস্য সত্ত্বাদিত্যত আহ।

গুরুত্বন্তাবৎ পতনকারণমনুবর্ত্তমানমেব তচ্চ গুরুত্বং সংস্কারেণ প্রতিরুদ্ধং পতনং নাজীজনৎ প্রতিবন্ধকাভাবে তদেব গুরুত্বং পতনং করোতীত্যর্থঃ॥ ১৮॥

ইতি শ্রীশাঙ্করে বৈশেষিকসূত্রোপস্কারে পঞ্চমাধ্যায়স্য প্রথমাহ্নিকম্।

পরিষ্কারঃ।

'কর্ম্মজনকস্য' তির্য্যগূর্দ্ধগমনরূপকর্ম্মজনকস্য। সংস্কারসত্ত্বে পতনং ন ভবতীতি সত্যমপি তু সংস্কার এবাস্ত্যকর্ম্মণা নশ্যতীতি ফলবলেন কল্পনীয়মিতি ভাবঃ। বয়ন্তু দৃঢ় সংস্কারসত্ত্বে পতনাভাব ইত্যাচক্ষ্মহে।

ইতি পঞ্চমাধ্যায়স্য প্রথমাহ্নিকম্।

পঞ্চমাধ্যায়ে—দ্বিতীয়াহ্নিকম্।

নোদনাভিঘাতাৎ সংযুক্তসংযোগাচ্চ পৃথিব্যাং কর্ম্ম ॥ ১ ॥

অনুবাদ।

নোদন, অভিঘাত এবং সংযুক্ত-সংযোগ পৃথিবীতে কর্ম্ম হইবার কারণ ॥ ১ ॥

ব্যাখ্যা।

পৃথিবী অর্থে পার্থিব বস্তু। অণু ও মৃত্তিকাপিণ্ড হইতে বৃক্ষলতা তৃণ ইত্যাদি বস্তুতে যে স্পন্দন বা ক্রিয়া হয়, তাহার তিনটী অভিব্যক্ত কারণ—একটী নোদন, অর্থাৎ চালনা—যেরূপ সংযোগে শব্দ হয় না, অথচ নড়াচড়া হয়, সেইরূপ সংযোগ ; আর একটী অভিঘাত—যাহাতে শব্দ হয় এমন সংঘর্ষ ; ইহাও একপ্রকার সংযোগ ; তৃতীয়টী সংযুক্ত-সংযোগ। মলয়-পবনের মৃদুমন্দ সংযোগে যে, কুসুমকুন্তলা নবমালিকার ঈষৎ নৃত্য, তাহা এই নোদন-সংযোগের কার্য্য। তালবৃক্ষ হইতে তাল পড়িলে, নীচের মৃত্তিকাও একটু বসিয়া যায়, এই যে সশব্দ তাল-ভূতল-সংযোগ ইহা অভিঘাত। এই অভিঘাত-ফলে মাটীর যে স্পন্দন, তাহারই ফল বসিয়া যাওয়া ; ইহা মৃত্তিকার অংশসমূহের নিবিড়-সংযোগ-মাত্র। অশ্বের ক্রিয়া হইতে যে রথের স্পন্দন, তাহা এবং তালকম্পিত ভূতলের একাংশে অবস্থিত তৃণাদির যে স্পন্দন, তাহা সংযুক্তসংযোগের ফল। মহর্ষি এই যে 'সংযুক্তসংযোগাৎ' বলিয়াছেন, ইহার আরও একটী অর্থ আছে, তাহা আমরা টীকাকারের কথায় অবগত না হইলেও মহর্ষির মিত-উপদেশে বুঝিতে পারি। অয়স্কান্ত প্রভৃতির যে তৈজস অংশ তাহার অস্পষ্ট রশ্মি আছে, সেই রশ্মিই অয়স্কান্তের সংযুক্ত, তাহার সংযোগ সংযুক্ত-সংযোগ ; ইহা লৌহে থাকিলে, বা তৃণকান্ত মণির রশ্মি-সংযোগ তৃণে থাকিলে, লৌহ বা তৃণ স্পন্দিত হয়, স্পন্দনের পর বেগ হয়, বেগ ও ক্রমাধিক সংযুক্তসংযোগের ফলে লৌহাদি অয়স্কান্ত অভিমুখে নীত হয়। যদি বল, সংযুক্ত-সংযোগ স্পন্দনের কারণ হইলে, অয়স্কান্ত লৌহের কেন বৃক্ষ-লতাদিরও স্পন্দন-হেতু হয় না কেন ? তাহার উত্তর করিতে হইলে, অপর কথা তুলিতে হয়, তাহাই তুলিতেছি ;—

সংস্কারের উল্লেখ উদ্দেশ সূত্রে নাই, কিন্তু এই পঞ্চমাধ্যায়ের প্রথমাহ্নিকে সপ্তদশ ও অষ্টাদশ সূত্রে সংস্কারের কথা আছে, সংস্কারের উল্লেখ পরেও আছে। যে কয়টী গুণ দৃষ্ট নহে—অ-দৃষ্ট, যথা গুরুত্ব, সংস্কার, ধর্ম্ম, এবং অধর্ম্ম, সেগুলি উদ্দেশসূত্রে নির্দ্দিষ্ট হয় নাই, কেননা তাহা কার্য্য দ্বারায় স্থিরীকরণীয়, শব্দ প্রত্যক্ষ-গোচর হইলেও তাহা দ্রব্য কি কর্ম্ম অথবা গুণ তাহা বিচার-সাপেক্ষ, এইজন্য শব্দের উল্লেখ উদ্দেশসূত্রে নাই; স্নেহ ও দ্রবত্ব স্পর্শবিশেষ কি স্বতন্ত্র গুণ, এ বিষয়ও বিচার করিতে হয়, এইজন্য উদ্দেশসূত্রে সেগুলি গৃহীত হয় নাই। কিন্তু অন্যান্য স্থানে তাহা গৃহীত হইয়াছে। তাহা দেখিয়াই বুঝা যায়, গুরুত্ব প্রভৃতি কয়টী ধর্ম্মও গুণ; ইহা মহর্ষির সম্মত। অ দৃষ্ট গুণের মধ্যে সংস্কার একটী। সংস্কার তিন প্রকার—বেগ, স্থিতি-স্থাপক ও ভাবনা। ইহাদিগের দ্বারা সংস্কৃত—অর্থাৎ আধিক্যযুক্ত হওয়া যায় বলিয়া ঐ গুলির নাম সংস্কার। আমি একটী পদার্থ ভাবিতেছি, যখন তাহা আমার মনে আসে নাই, তখন আমি ন্যূন—কিন্তু যখন মনে হইবে, তখনও আমি সে-ই, কিন্তু আমার একটু আধিক্য হইবে, একটা জ্ঞান বাড়িয়া যাইবে। নিস্পন্দ নিশ্চল অণ্ডাল পড়িয়া আছে, তাহাতে যেমন একটু নোদন সম্বন্ধ হইল, অমনি তাহার পূর্ব্বাপেক্ষা আধিক্য হইল, নির্জ্জীব অণ্ডাল গড়াইতে গড়াইতে কতদূর গেল। শাখাকে আকর্ষণ করিয়া স্থানভ্রষ্ট করিলে, হতমান শাখা যেমন তোমার হস্তচ্যুত হইল, অমনি সে পূর্ব্ববৎ স্বস্থানস্থ, অচেতন শাখায় এই যে দৃঢ়তা, ইহা তাহার ঘটপটাদি অপেক্ষা আধিক্যের পরিচায়ক। এই যে সংস্কার ইহা ফুটাইতে হইলে তাহার সহায় চাই। এই সহায় সর্ব্বত্র সমান নহে, কোথাও বা একটা বা দুইটা নির্দ্দিষ্ট আছে, কোথাও বা নাই। মনে কর, তুমি একটী বিষয় শিক্ষা করিয়াছ, কোন বিষয় কেহ জিজ্ঞাসা করিলে, শিক্ষানুরূপ জ্ঞানানুসারে তৎক্ষণাৎ তুমি তাহার উত্তর করিতে পার, আবার কোন বিষয় বা একটু ভাবিয়া উত্তর করিতে পার; কোন বিষয় বা তোমার মনে হইল না, উত্তর দিতে পারিলে না। এ স্থলে তোমার শিক্ষালব্ধ সংস্কার ফুটাইবার বস্তু আছে কিন্তু তাহা পৃথক্ পৃথক্। কোন সংস্কার অপরের প্রশ্ন মাত্রেই স্ফুটিত বা উদ্বুদ্ধ; কোন সংস্কার মনোযোগে উদ্বুদ্ধ, কোন সংস্কার বা তখন উদ্বুদ্ধই হয় নাই। কিন্তু কোন্ সংস্কারের উদ্বোধক যে কোন্টী তাহা স্থির করা যায় না। বেগনামক সংস্কারের পক্ষেও ঐরূপ উদ্বোধক বা উদ্দীপক স্থির করা যায় না; একটী ভারী পদার্থে নোদন করিলে, একটু নড়িল কিন্তু তাহার বেগ হইল না; বলপূর্ব্বক নোদন করিলে, তাহার স্পন্দন হইল, বেগও

হইল। এই বেগনামক সংস্কার ফুটাইবার মত উপকরণ না হইলে—অর্থাৎ উদ্দীপক না হইলে, অল্পক্ষণের মধ্যে বহু সংযোগ-হেতু কর্ম্ম পরস্পর দ্বারা বেগও প্রকাশ পায় না। একজাতীয় উদ্দীপক সর্ব্বত্র বেগের উপযোগী নহে। কোন্ বস্তু কোন্ বস্তুর বেগে উদ্দীপক, তাহা ফল দেখিয়া স্থির করিতে হয়। আমরা বুঝি, অয়স্কান্ত মণি লৌহের বেগোদ্দীপক; এই উদ্দীপক সাহায্যে প্রথমে ঈষৎ স্পন্দন, তৎপরে সেই স্পন্দন হইতেই লৌহের বেগ ও ধারাবাহিক স্পন্দন হইয়া থাকে। যেমন একবিধ নোদন সর্ব্ববিধ বস্তুর স্পন্দন-হেতু হয় না, সেইরূপ একবিধ সংযুক্ত-সংযোগ লৌহের ন্যায় সর্ব্বত্র বেগোদ্দীপক না হওয়ায় স্পন্দনহেতু হয় না। তৃণকান্ত মণিতেও এই নিয়ম জানিবে। অয়স্কান্তের তৈজস রশ্মি যে লৌহে সংযুক্ত না হইবে, সে লৌহে বেগ ফুটিবে না। টীকাকারেরা বলেন, বেগ প্রত্যক্ষসিদ্ধ; আমি বলি স্পন্দন প্রত্যক্ষসিদ্ধ; ঐযে সত্বর বহুসংযোগ-হেতু স্পন্দন, উহা প্রত্যক্ষসিদ্ধ; উহার দ্বারা বেগ অনুমান করিতে হয়। সেই কার্য্যগম্য বেগের অস্তিত্ব আত্মার অনুদ্বুদ্ধ সংস্কারের ন্যায় সুষুপ্ত বিরহ-দুঃখভোগ বা সুষুপ্ত সুখসম্ভোগের ন্যায় অস্ফুট; যেন নাস্তিত্বে পর্য্যবসিত। কিন্তু যেই সংস্কারের উদ্বোধ, সেই বিরহ-দুঃখভোগের উদ্দীপনা; যেই সুখসম্ভোগের উন্মেষণ, অমনই তাহা স্মৃতি-মূর্ত্তিতে পরিস্ফুট হয়; সেইরূপ নিশ্চল জড়পিণ্ডে সুষুপ্ত বেগ যেমন উদ্দীপক-যোগে সমুন্মীলিত হয়, অমনই তাহা দ্রুত স্পন্দন রূপে পরিস্ফুট হয়। এই গুরুত্ব প্রভৃতির যে অদৃষ্ট একটী সাধারণ সংজ্ঞা দিয়াছি, তাহার হেতু এই যে তাহা হইলে 'মণিগমনং সূচ্যভিসর্পণমদৃষ্টকারণম্' (৫ম অঃ ১ আঃ ১৫শ) সূত্রের অয়স্কান্তমণি অভিমুখে গমন ও তস্করাভিমুখে মন্ত্রপূত কাংস্যাদির গমন, অদৃষ্ট কারণ;—অর্থাৎ বেগজন্য এরূপ অর্থও করা যাইবে। ফলতঃ গুরুত্ব প্রভৃতির অদৃষ্ট নাম হউক, বা না হউক, তাহাতে কোন ক্ষতি নাই, বেগ প্রত্যক্ষ হউক বা না হউক, তাহাতেও ক্ষতি নাই; কেবল তাহা যে বিশেষ বিশেষ উদ্দীপক-সাহায্যে অভিব্যক্ত বা উৎপন্ন হয়, এইটুকু মানিলেই হইল ॥ ১ ॥

উপস্কারঃ।

নোদনাদিনিষ্পাদ্যকর্ম্মপরীক্ষাপ্রকরণম্। তত্রাহ।

নোদনং সংযোগবিশেষঃ যেন সংযোগেন জনিতং কর্ম্ম সংযোগিনোঃ পরস্পরং বিভাগহেতুর্ন ভবতি যঃ সংযোগঃ শব্দনিমিত্তকারণং ন ভবতি বা। যঃ সংযোগঃ শব্দনিমিত্তকারণং ভবতি যজ্জনিতং কর্ম্ম সংযোগিনোঃ পরস্পরবিভাগহেতুশ্চ ভবতি স সংযোগবিশেষোঽভিঘাতঃ। তাভ্যামপি প্রত্যেকং কর্ম্ম জন্যতে, পদ্ভ্যাং পৃথিব্যাক্রমণেন নোদনাৎ চরণাভিঘাতাচ্চ কর্ম্ম

জায়তে তত্র পঙ্কঃ সমবায়িকারণম্, নোদনাভিঘাতৌ যথাযথমসমবায়িকারণম্, গুরুত্ববেগ-প্রযত্না যথাসম্ভবং নিমিত্তকারণম্। সংযুক্তসংযোগাদিতি নোদনাদভিঘাতাদ্বা পঙ্কে কর্ম্ম তৎপঙ্ক-স্থিতে ঘটাদাবপি তৎসমকালমেব কর্ম্মদর্শনাৎ॥ ১॥

পরিষ্কারঃ।

নোদনবিশেষাদুদসনমিত্যুক্তম্, তথাচ তত্রত্যো নোদনবিশেষো যদা স্যৈব নোদনস্য বিশেষস্তদাস্য বিভাগহেতুত্বমিতি লক্ষণং ন সম্ভবতি, বিশেষস্য তস্য বিভাগহেতুত্বাদি-ত্যত আহ শব্দেতি। তথাচ উদসনহেতুসংযোগবিশেষে শব্দনিমিত্তকারণত্বাভাবো-হস্ত্যেবেতি ভাবঃ। গুরুত্বেতি গুরুত্বস্য নিমিত্তকারণতয়া পদদলিতস্য ক্রিয়াবিশেষো-পপত্তিঃ। অত্র তত্ত্বম্;—সংযুক্তসংযোগাদিত্যনেনায়স্কান্তস্য লৌহকর্ম্মজনকত্বমপ্যা-বেদিতম্। তথাহি বেগো নাম সংস্কারো ভাবনাবদুদ্বুদ্ধশ্চানুদ্বুদ্ধশ্চেতি দ্বেধা, অতএব সংস্কারান্তর্ভাবঃ। উদ্বুদ্ধবেগফলং স্পন্দঃ, স্পন্দান্তরং চোদ্বোধকমিতি প্রাচামমতি-বিরুদ্ধঃ পন্থাঃ। বেগস্তু ন প্রত্যক্ষঃ, তজ্জন্যস্পন্দবিশেষশ্চ প্রত্যক্ষ এব। উপস্কার-কৃদাদয়স্তু বেগমৈন্দ্রিয়কং মন্যন্তে। বেগোদ্বোধকঃ স্পন্দোহপি বিজাতীয়ঃ। সোহপ্যনুভবাদনেকবিধকারণকত্বেনানেকবিধঃ। কশ্চিদ্ধি নোদনজঃ, কশ্চিদভি-ঘাতজঃ, কশ্চিৎ সংযুক্ত-সংযোগজঃ, প্রযত্নাদিজশ্চেতি। তত্র সংযুক্ত-সংযোগজো যথা;—অয়স্কান্তসংযুক্তস্যানুদ্ভূতরূপতেজসঃ সংযোগাদক্ষিপক্ষ্মকম্পনমিব স্পন্দো জায়তে, স চ বেগোদ্বোধকঃ, নচৈবময়স্কান্তসংযুক্ত-সংযোগাদন্যত্রাপি তথাস্ত্বিতি বাচ্যম্ অন্যত্রাননুভবেন তথা কার্য্যকারণভাবানঙ্গীকারাৎ নোদনাভিঘাতৌ হি স্পন্দহেতু ভবন্তাবপ্যেকত্র ন স্পন্দায় প্রভবতঃ প্রভবতশ্চাপরত্রেতি, সর্ব্বেষাং বিশেষেণ কার্য্যকারণভাবো বিনিগম্যঃ। ১।

তদ্‌বিশেষেণাদৃষ্টকারিতম্‌॥ ২॥

অনুবাদ।

তাহা বিশেষ-সম্পৃক্ত বা বিশেষরূপে হইলে, অদৃষ্ট জন্য (হয়)॥২॥

ব্যাখ্যা।

এই নোদনাদিজন্য পৃথিবীর কর্ম্ম যদি ব্যক্তিবিশেষের ইষ্টানিষ্ট-হেতু হয়, তাহা হইলে অদৃষ্টও তাহার একটা কারণ হইবে। এবং যদি, ব্যক্তিবিশেষের ইষ্টানিষ্ট-হেতু পৃথিবীস্পন্দন হয়, অথচ তাহা নোদনাদিজন্য নহে ইহা স্বীকৃত হয়, তাহা হইলে তাহাকে অদৃষ্টজন্যই বলিবে। অথবা বিশেষরূপ যে পৃথিবীর স্পন্দন—অর্থাৎ ভূমিকম্প উহা অ-দৃষ্ট অপ্রত্যক্ষ নোদনাদি হইতে উৎপন্ন॥ ২॥

উপস্কারঃ।

ননু ভূকম্পাদৌ নোদনাভিঘাতাবন্তরেণ জায়মানে কিমসমবায়িকারণমত আহ।

তদিতি পৃথিবীকর্ম্ম পরামৃশতি পৃথিব্যামেব কর্ম্ম যদি বিশেষেণ আশয়েন ভবতি তদাদৃষ্ট-কারিতম্, তেন ভূকম্পেন যস্য দুঃখং সুখং বা ভবতি অদৃষ্টবত্তদাত্মসংযোগস্তত্রাসমবায়িকারণম্, ভূঃ সমবায়িকারণম্, অদৃষ্টং নিমিত্তকারণম্, যদ্বা তদা নোদনাভিঘাতৌ পরামৃশতি বিশেষো ব্যতিরেকঃ তথা চ নোদনাভিঘাতব্যতিরেকেণ যৎ পৃথিব্যাং কর্ম্ম তদদৃষ্টকারিতমিত্যর্থঃ ॥ ২ ॥

পরিষ্কারঃ।

বিশেষেণেতি বিবৃণোতি আশয়েনেতি, জাত্যায়ুর্ভোগানুগুণা বাসনা হ্যাশয়-শব্দার্থঃ, অত্র তু ভোগ এব। তথাচ যৎ পৃথিব্যাদিকর্ম্ম পুরুষবিশেষস্য দুঃখায় সুখায় বা ভবতি তদদৃষ্টকারিতম্ ; অদৃষ্টকারিতমিতি দৃষ্টকারণবিরহে সতীত্যাশয়ঃ। তচ্চ কর্ম্ম ভূকম্পাদি। যদ্যপি তত্রাপি নোদনাভিঘাতাবনুমীয়েতে তথাপি তৌ ন দৃষ্টাবিতি তৎকারণকং বা ধর্ম্মাধর্ম্মকারণকং বেত্যদৃষ্টকারণকমেবেতি বয়মাচক্ষ্মহে। ন খলু ভূয়সামদৃষ্টবিপাকারম্ভমন্তরেণ তাদৃক্ সর্ব্বজনদুঃখহেতুভূতং ভূস্পন্দনাদিকং ভবতীতি যৎকারণকং তৎকারণকং ভবত্বধর্ম্মকারণকং ভবত্বেবেতি ত্ববিরোধী মার্গঃ। ২।

অপাং সংযোগাভাবে গুরুত্বাৎ পতনম ॥ ৩ ॥

অনুবাদ।

সংযোগের অভাব হইলে গুরুত্বপ্রযুক্ত জল পতন হয় ॥ ৩ ॥

ব্যাখ্যা।

জল গুরুত্বযুক্ত, মেঘের অথবা বায়ুর কিংবা তেজের সহিত দৃঢ় সংযোগ থাকায় তাহা পতিত হয় নাই, সেই সংযোগ তাপবলে শিথিল হইলেই সেই জল পতিত হয়,—অর্থাৎ বৃষ্টি হয়, সংযোগের অর্থাৎ বিধারক সংযোগের অভাব হইলে জল নিম্নে পতিত হয়, নিম্নপতনের হেতু গুরুত্ব। গুরুত্বসত্ত্বেও সংযোগবিশেষ পতনের প্রতিবন্ধক হয়, বৃক্ষের ফল প্রভৃতিতে ইহা দেখিতে পাওয়া যায়। ঐযে শাখার সহিত ফলের সংযোগ, উহা যতক্ষণ বিনষ্ট না হয়, ততক্ষণ ফলে গুরুত্বসত্ত্বেও উহা পতিত হয় না। সংযোগ বিনষ্ট হইলেই পতিত হয়। সেইরূপ ঊর্দ্ধগত জলসমষ্টি এমন সংযোগে সংযুক্ত যে, তাহা থাকিতে জল নিম্নে পতিত হয় না ; সেই সংযোগ নষ্ট হইলেই জল পতিত হয়। কিন্তু সেই যে বিধারক-সংযোগ, তাহা জলসমষ্টির সহিত কোন্ দ্রব্যের সংযোগ ? মহর্ষি ত কেবল সংযোগই বলিয়াছেন। টীকাকারেরা বলেন, মেঘের সহিত

সংযোগ—কিন্তু এ মেঘ কি? ইহা জলসমষ্টি ব্যতীত অপর কোন দ্রব্য কি? কালিদাস বলিয়াছেন, 'ধূমজ্যোতিঃসলিলমরুতাং সন্নিপাতঃ' 'মেঘঃ' তেজ, বায়ু, জল ও ধূমাংশ কিঞ্চিৎ পার্থিব পদার্থ সম্মিলিত হইয়া মেঘ হয়, ঠিক উহাই মেঘ কি না? আধুনিক বৈজ্ঞানিকগণ তাহা মিলাইয়া দেখুন। অথবা বায়ুর সহিত কিংবা তেজের সহিত জলের যে সংযোগ থাকে, তাহাই সূত্রস্থ সংযোগ শব্দের অর্থ; সেই সংযোগ কোনরূপ বিরুদ্ধ-সংযোগে বিদূরিত হইলেই বৃষ্টি হয়। আমি স্বয়ং এ বিষয়ে কোন সিদ্ধান্ত না করিয়া মহর্ষি-সূত্রের যেমন যেমন অর্থ হইতে পারে, তাহা প্রকাশ করিলাম, বৈজ্ঞানিকগণ মিলাইয়া তত্ত্ব স্থির করুন। অনেকস্থলেই বৈজ্ঞানিকগণের এবিষয়ে শ্রম করা উচিত, আমরা সংক্ষিপ্ত ঋষিবাক্য যথাশক্তি পরিস্ফুট করিতে চেষ্টা করিতেছি। ৩।

উপস্কারঃ।

ইদানীং দ্রবদ্রব্যসমবেতকর্ম্মপরীক্ষাপ্রকরণম্, তত্রাহ।

অপাং যৎ পতনং বর্ষরূপং তদ্‌গুরুত্বাসমবায়িকারণকম্, তৎসংযোগস্য মেঘসংযোগস্যাভাবে সতি ভবতি তেন সংযোগাভাবস্তন্নিমিত্তকারণমিত্যর্থঃ॥ ৩॥

পরিষ্কারঃ।

সংযোগাভাব ইতি সূত্রং তত্র তদ্ঘটকসংযোগপদং মেঘসংযোগপরমিত্যুপস্কারঃ, তত্তথৈব বা তেজঃসংযোগপরং বায়ুসংযোগপরং বেতি বিজ্ঞানিনো বিচারয়ন্তু। ৩।৪।

দ্রবত্বাৎ স্যন্দনম্॥ ৪॥

অনুবাদ।

দ্রবত্ববশতঃ স্যন্দন হয়। ৪।

ব্যাখ্যা।

বিন্দু বিন্দু নিপতিত জল পরস্পর সংযোগে একাকার হইলে, তাহার যে স্যন্দন—গড়াইয়া যাওয়া, তাহার কারণ দ্রবত্ব। ৪।

উপস্কারঃ।

তেষামেব বৃষ্টিবিন্দূনামন্যোন্যসংযোগজনকং কর্ম্ম কথমিত আহ।

ক্ষিতৌ পতিতানামপাং বিন্দূনাং পরস্পরং সংযোগেন মহজ্জলাবয়বিস্রোতোরূপং যজ্জায়তে তস্য যৎ স্যন্দনং দূরসংসরণং তৎ দ্রবত্বাসমবায়িকারণাদ্‌ৎপদ্যতে গুরুত্বাদিনিমিত্তকারণাদস্য সহকারিত্বাদিতি॥ ৪॥

নাড্যো বায়ুসংযোগাদারোহণম্‌ ॥ ৫ ॥

অনুবাদ।

সূর্য্যরশ্মিসমূহ বায়ু-সংযোগ সাহায্যে (সেই জলকে) ঊর্দ্ধে আরোহণ (করাইয়া থাকে)। ৫।

ব্যাখ্যা।

টীকাকার বলেন, সূর্য্যরশ্মি-সমূহ বায়ু-সংযুক্ত হইয়া জল ঊর্দ্ধে আকর্ষণ করিয়া লয়। সূত্রার্থে ইহাও বুঝা যায় যে, সূর্য্যকিরণ জলকে ঊর্দ্ধে আকর্ষণ করে, জলের ঊর্দ্ধগমনে বায়ুসংযোগও একটী কারণ। জলকে ঊর্দ্ধে আকর্ষণ করিবার যোগ্য করিতে হইলে, জলকে যে অবস্থায় লইয়া যাইতে হয়, সূর্য্যকিরণ জলকে সেই অবস্থা প্রদান করে এবং বায়ুসংযোগ, তদবস্থাপ্রাপ্ত জলের ঊর্দ্ধগমনে সহায় হয়। জল সূর্য্যকিরণের তাপে বাষ্পাকার ধারণ করে এবং বায়ুমার্গে তাহা ঊর্দ্ধে উত্থিত হয়।

উপস্কার লিখিয়াছেন, নাড্যবায়ুসংযোগাৎ একপ পাঠও কোন কোন পুস্তকে আছে। তাহার তিনি এক অর্থও লিখিয়াছেন। ফলতঃ আমরা এই পাঠকে সমীচীন মনে করি; পরবর্ত্তী টীকাকারেরা এই পাঠের গূঢ় অর্থ বুঝিতে না পারিয়া নাড্যো বায়ুসংযোগাৎ এইরূপ পাঠ কল্পনা করিয়াছেন। ইহাই অনুমান হয়। নাড্যবায়ুসংযোগাৎ ইহার অর্থ—রশ্মি বা তেজঃসংস্পর্শে জল ঊর্দ্ধারোহণযোগ্য অর্থাৎ বাষ্প হয় এবং অ-বায়ুসংযোগ অর্থাৎ বায়ুসংযোগের অভাবেও বাষ্প হয়। ৫।

উপস্কারঃ।

ননু যদি ভূমিষ্ঠানামপাম্‌ ঊর্দ্ধং গমনং ভবতি তদা গুরুত্বাৎ পতনবর্ষণং সম্ভাব্যতে তদেব কুতঃ ইত্যত আহ।

কারয়ন্তীতি শেষঃ। যদপামূর্দ্ধমারোহণং তৎ নাড্যঃ সূর্য্যরশ্ময়ো বায়ুসংযোগাৎ কারয়ন্তি গ্রীষ্মে বায়ুভিহতাঃ সূর্য্যরশ্ময় এব আরোহয়ন্ত্যাপ ইত্যর্থঃ। কচিৎ পাঠো নাড্যবায়ুসংযোগাদিতি স চ নাড্যো নাড়ীসম্বন্ধো যো বায়ুসংযোগ ইত্যুপপাদনীয়ঃ ॥ ৫ ॥

পরিস্কারঃ।

নাড্য ইতি নাড্যো হি সূর্য্যকিরণাঃ, তৎপ্রাধান্যাদুষ্ণস্পর্শবন্ত ইত্যর্থঃ। আরোহণং কারয়ন্তীতি সমুদিতস্য ঊর্দ্ধারোহণযোগ্যতাং সম্পাদয়ন্তীত্যর্থঃ। অত্রাবস্থাপরিণামহেতুত্বং নাড়ীনাং যানরূপত্বং চ বায়োরিত্যস্মৎসিদ্ধান্তঃ। নাড্যবায়ুসংযোগাদিতীতি। পাঠোঽয়মুপস্কারকৃতিঃ স্পষ্টং ব্যাখ্যাতোঽস্যাশয়া-

তুরাবেদনার্থমস্মাভিঃ পুনর্ব্ব্যাখ্যায়তে। নাড়ীসহিতোঽবায়ুসংযোগঃ, তস্মাৎ, নাড়ী চ বায়ুসংযোগাভাবশ্চেতি দ্বাবেব হেতুরূপৌ। উর্দ্ধারোহণম্ উর্দ্ধারোহণ-যোগ্যতা, বাষ্পাবস্থেতি ফলিতার্থঃ। নাড়ী নাম উদ্ভূতরূপমনুদ্ভূতরূপং বা তেজঃ, সূর্য্যকিরণমুখ্যতয়া তথৈব ব্যপদেশঃ। স হ্যারম্ভকসংযোগবিঘটনদ্বারেণ জলং বাষ্পী-করোতি, বায়ুসংযোগাভাবেঽপি তথা করোতীতি। ৫।

নোদনাপীড়নাৎ সংযুক্তসংযোগাচ্চ ॥ ৬ ॥

অনুবাদ।

(জলের উর্দ্ধ আরোহণে) নোদন, আপীড়ন এবং সংযুক্ত-সংযোগ, হেতু। ৬।

ব্যাখ্যা।

সূর্য্যকিরণের বা তেজের নিঃশব্দ-সংযোগ নোদন, প্রবলভাবে আক্রমণ এবং সংযুক্তের সহিত সংযোগ, এই কয়টী কারণে জল বাষ্প হয়। সূর্য্যকিরণ বা তেজঃ বলিলে, কেহ যেন আলোক না বুঝেন, প্রকাশকত্ব এবং উষ্ণস্পর্শ অর্থাৎ তাপ তেজের ধর্ম্ম ; কোন তেজে প্রকাশকত্ব এবং তাপ দুইই আছে, কোন তেজে দুইই থাকিলেও একটী বুঝিতে পারা যায়, অপরটী বুঝা যায় না ; যাহা বুঝিতে পারা যায়, তাহার বিশেষ সংজ্ঞা 'উদ্ভূত'। প্রকাশকত্ব স্পষ্ট না থাকিলেও কেবল তাপযুক্ত বস্তুও তেজ। সেই তেজের ধীর-সংযোগেও জল বাষ্পরূপে পরিণত হয়, সচরাচর জলে সূর্য্যরশ্মি নিপতিত হইয়া যে বাষ্প সৃষ্টি করে, তাহা এই নোদনের ফল। কখন বা অগ্নির উত্তাপে জল 'টগ্‌বগ্' ফুটিতে থাকে—এই যে তেজঃ-সংযোগ ইহা আপীড়ন, এই আপীড়নেও জল বাষ্পাকার ধারণ করে। মাটীতে জল ফেলিলে, যে জল শুষিয়া যায়, তাহা হইতেও বাষ্প হয়, সেই বাষ্প সংযুক্ত-সংযোগের ফল, এখানে তেজঃসংযুক্ত মৃত্তিকা—তাহার সংযোগ জলে হইলে সেই জল বাষ্প হয়। ফলে এই হইল, যে সংযোগের ফলে জল দৃশ্য স্পৃশ্য হইয়াছে, সেই সংযোগ—অর্থাৎ স্থূল-জলের আরম্ভক সংযোগ, যদ্দ্বারা বিনষ্ট হয়—তাহাই বাষ্পাকার প্রাপ্তির হেতু। সুতরাং বায়ুর অভাব হইলেও এই তেজের আপীড়ন উপস্থিত হয়, তাহাতেও জল বাষ্প হইয়া যায়।

অথবা নোদন—ছুঁড়িয়া দেওয়া, আপীড়ন—আছাড়ান এবং সংযুক্ত-সংযোগ তেজঃসংযুক্ত ভূমিতে বা শিথিল-সংযোগ-যুক্ত বালুকাময় ভূমিতে সংযোগ, এই কয়টীও জলের উর্দ্ধ আরোহণের অর্থাৎ বাষ্পভাব প্রাপ্তির হেতু। মুখে

জল লইয়া, মুখ-বায়ুবেগে নিঃসারণ করিলে তাহা বিচ্ছিন্ন হইয়া যায় এবং কিয়দংশ বাষ্পাকার ধারণ করে, জলের উপর জোরে আঘাত করিলেও কিয়দংশ বাষ্প হয়, এবং তপ্ত বা বালুকাময় ভূমিতে জল ঢালিলেও তাহার কিয়দংশ বাষ্প হয়। কিন্তু পূর্ব্ব সূত্রে যে নাড়ী শব্দের ব্যবহার আছে, তাহা যদি রশ্মিরূপ মুখ্য অর্থে ব্যবহৃত হইয়া থাকে, তাহা হইলে এরূপ অর্থ হয়। আর সে সূত্রে নাড়ী অর্থে যদি তেজ এবং তেজঃ শব্দে উষ্ণস্পর্শবিশিষ্ট বস্তু, ইংরাজি-বাঙ্গালায় যাহা তাপ নামে ব্যবহৃত—উষ্ম হয়, তাহা হইলে, অবায়ু-সংযোগ, নোদন, আপীড়ন, তিন অবস্থাতেই তাপ-সম্পর্ক হয়, এইজন্য তাহাকে পৃথক্ কারণ বলিতে হয় না। ৬।

উপস্কারঃ।

ননু সূর্য্যরশ্মীনাং কথমরং মহিমা যৎ ভূমিষ্ঠা অপ ঊর্দ্ধং নয়ন্তীত্যত আহ। নোদনেন বলবদ্বায়ুনোদনেন আপীড়নাদাস্কন্দনাৎ বায়ুসংযুক্তা রশ্ময়স্তৎসংযুক্তা আপ ঊর্দ্ধং ধাবন্তি যথা স্থালীস্থা অপঃ ক্বথ্যমানাঃ বায়ুনুন্নবহ্নিরশ্ময় ঊর্দ্ধং নয়ন্তি, চকার ইবার্থস্তত্র চ উপমানং স্থালীস্থা এবাপো দ্রষ্টব্যাঃ॥ ৬॥

পরিষ্কারঃ।

সূত্রব্যাখ্যানান্তরমত্র প্রদর্শ্যতে। 'নোদনাৎ' মুখমারুতাদিপ্রেরণাৎ 'আপীড়নাৎ' অভিঘাতাৎ 'সংযুক্ত-সংযোগাৎ' তেজঃসংযুক্তসংযোগাৎ, নিদাঘতপ্তভূসংযোগাদেঃ শিথিলসংযোগিসৈকতাদিসংযোগাচ্চ ঊর্দ্ধারোহণমিত্যনুষজ্যতে। ঊর্দ্ধারোহণং তদ্যোগ্যতা বাষ্পভাবপ্রাপ্তিরিতার্থঃ; ইদন্তু বোধ্যম্। যদি পূর্ব্বসূত্রং নাড্যা-বায়ুসংযোগাদিত্যাকারকং ভবেৎ, নাড়ী শব্দশ্চ রশ্মিমাত্রবচনস্তদৈবং বাষ্পভাব-প্রাপ্তৌ নানা হেতুকথনমুপপদ্যতে। নাড্যো বায়ুসংযোগাদিতি পাঠে তু নাড়ী-শব্দস্তেজঃসামান্যপরঃ। তেজস্তু ক্বচিৎ শব্দাহেতুসংযোগেন, ক্বচিৎ শব্দহেতুসংযোগেন ক্বচিৎ স্বসংযুক্তভূম্যাদিসংযোগেন জলং বাষ্পীকরোতীতি সূত্রাশয়ঃ। ৬।

বৃক্ষাভিসর্পণমিত্যদৃষ্টকারিতম্॥ ৭॥

অনুবাদ।

(জলের) বৃক্ষাভিসর্পণ—অর্থাৎ বৃক্ষদেহে অভিগমন—অদৃষ্টের কার্য্য। ৭।

ব্যাখ্যা।

যে অদৃষ্ট বলে, বৃক্ষ জীবিত থাকে, জীবন-যোনি যত্ন সেই অদৃষ্টেরই কার্য্য।

বৃক্ষমূল ভিন্ন স্থানে জল সেচন করিলে, যতটা জল বাষ্প হয়, বৃক্ষমূলে জলসেচন করিলে, ততটা বাষ্প হয় না, কেন না বৃক্ষমূল দ্বারা জল বৃক্ষের সর্ব্ব শরীরে প্রবিষ্ট হইয়া বৃক্ষ পোষণ করে। বৃক্ষের এই যে জল আকর্ষণ, বা জলের এই যে বৃক্ষশরীরে প্রবেশ. ইহা বৃক্ষের জীবন-যোনি যত্নেরই কার্য্য। জীবন-যোনি যত্ন অদৃষ্টমূলক এই কারণে জলের এই বৃক্ষাভিসর্পণ 'অদৃষ্টকারিত' বলিয়া সূত্রে উল্লিখিত হইয়াছে। টীকাকারেরা জীবন-যোনি যত্নের উল্লেখ না করিয়া অদৃষ্টেরই কার্য্য এইরূপ অর্থ করিয়াছেন; ফলতঃ, সে কার্য্যও পরম্পরাকার্য্য, এইভাবে অনুবাদেও আমি 'কার্য্য' শব্দ ব্যবহার করিয়াছি। সূত্রে 'কৃত' নাই 'কারিত' আছে ইহা দেখিলেই বুঝা যায়, মহর্ষি বৃক্ষের প্রযত্নকেই সাক্ষাৎ কারণরূপে লক্ষ্য করিয়াছেন। বৃক্ষের যে জীবন আছে তাহারও যে জীবন-যোনি যত্ন আছে, তাহা আধুনিক বিজ্ঞানেও স্বীকৃত। ৭।

উপস্কারঃ।

নম্নু মূলে সিক্তানামপাং বৃক্ষাভ্যন্তরেণোর্দ্ধগমনম্ অভিতঃ, তত্র ন নোদনাভিঘাতৌ নবা-দিত্যরশ্ময়ঃ প্রভবন্তি তৎ কথং তদিত্যত্রাহ।

অভিতঃ সর্পণমভিসর্পণং তদভিসর্পণং মূলে নিষিক্তানামপাং বৃক্ষে তদদৃষ্টকারিতং পত্রকাণ্ড-ফলপুষ্পাদিবৃদ্ধিকৃতং সুখং দুঃখং বা যেষামাত্মনাম্, অদৃষ্টবত্তদাত্মসংযোগাদসমবায়িকারণাৎ অদৃষ্টান্নিমিত্তাদপ্সু সমবায়িকারণেষু তৎ কর্ম্ম ভবতি যেন কর্ম্মণা আপ উর্দ্ধং গত্বা বৃক্ষং বর্দ্ধয়ন্তীত্যর্থঃ॥ ৭॥

পরিষ্কারঃ।

বৃক্ষমূলস্থ উত্তপ্তস্যাপি সংযোগাদুত্তপ্তভূম্যন্তরসংযোগাদিব জলস্য ন বহুলবাষ্প-ভাবঃ, কিন্তু বৃক্ষাভিসর্পণং ভবতি, তচ্চ বৃক্ষস্য জীবনাদৃষ্টপ্রযোজ্যম্। জীবনাদৃষ্ট-মূলকো হি জীবনযোনিযত্নস্তেন চাকৃষ্যমাণং জলং বৃক্ষশরীরমভিব্যাপ্নোতীতি তস্য বাষ্পভাবপ্রাপ্তিবিরহেণ ভূম্যন্তরপতিতোদকবন্ন বাষ্পবাহুল্যমিত্যর্থান্তরম্। ৭।

অপাং সংঘাতো বিলয়নঞ্চ তেজঃসংযোগাৎ॥ ৮॥

অনুবাদ।

জলের সংঘাত—অর্থাৎ জমাট এবং বিলয়ন—অর্থাৎ দ্রবীভাব তেজঃ-সংযোগমূলক।

ব্যাখ্যা।

তেজঃ-সংযোগের ইতর বিশেষ আছে। একপ্রকার তেজঃ-সংযোগে জল জমাট হইয়া করকা বা বরফ হয়, অন্যপ্রকার তেজঃ-সংযোগে, তাহা গলিয়া যায়।

বাষ্পাকারে পরিণত জলসমূহ ঊর্দ্ধে আকৃষ্ট হইয়া বায়ু-সংযোগে ঊর্দ্ধে অবস্থিতি করে. ক্রমে তেজঃ-সংযোগবিশেষের ফলে পরস্পর মিলিত হইয়া জমাটও হয়, আবার অধিকতর-তাপযুক্ত তেজঃ-সংযোগের ফলে তাহা গলিয়া যায়। এই গলিত হওয়ার সময়ে বিধারক-সংযোগ বিনষ্ট হয়, তখন গুরুত্ব-প্রযুক্ত তাহা পতিত হয় —ইহাই বৃষ্টি। ৮।

উপস্কারঃ।

অপাং সাংসিদ্ধিকদ্রবত্বং লক্ষণমুক্তং তাদৃশানামেবাপামূর্দ্ধমধস্তির্য্যক্ চ গমনমুপপাদিতং হিমকরকাদীনাঞ্চ শৈত্যাদপ্ত্বমবিবাদসিদ্ধম্, তৎ কথং তেষাং সংঘাতঃ কাঠিন্যম্, কথঞ্চ বিলয়নমিত্যত আহ।

দিব্যেন তেজসা প্রতিবদ্ধাদাপ্যাঃ পরমাণবো দ্ব্যণুকমারভমাণা দ্ব্যণুকেষু দ্রবত্বং নারভন্তে ততো দ্রবত্বশূন্যৈর্দ্ব্যণুকাদিপ্রক্রমেণ দ্রবত্বশূন্যা হিমকরকাদয় আরভ্যন্তে তেন তেষাং কাঠিন্যমুপলভ্যতে। নন্বেবং হিমকরকাদীনামাপ্যত্বে কিং প্রমাণমত উক্তং বিলয়নঞ্চ তেজঃসংযোগাদিতি তেজঃসংযোগেন বলবতা হিমকরকারম্ভকপরমাণুনাং ক্রিয়া ক্রিয়াতো বিভাগস্তত আরম্ভকসংযোগনাশপরম্পরয়া হিমকরকাদিমহাবয়বিনাশস্তত্র দ্রবত্বপ্রতিবন্ধকতেজঃসংযোগবিগমাৎ ত এব পরমাণবঃ দ্ব্যণুকেষু দ্রবত্বমারভন্তে ততো দ্রবত্ববতাং হিমকরকাদীনাং বিলয়নং তত্র চ বলবত্তেজোঽনুপ্রবেশো নিমিত্তম্॥ ৮॥

পরিষ্কারঃ।

দিব্যতেজস্তড়িৎ। তদ্যোগাৎ তদ্যোগতারতম্যাৎ অপাং মেঘস্থাদি জলানাং সংঘাতো দ্রবত্বঞ্চেত্যর্থঃ। অথবা সূত্রস্যায়মর্থঃ,—তেজঃসংযোগাদুষ্ণবিশেষসংযোগাৎ জলসংযুক্তোষ্ণপরিমাণেনৈকবিধেন হিমকরকাদয়শ্চাপরবিধেন তদ্বিলয়নমিতি। ৮।

তত্র বিস্ফূর্জ্জথুর্লিঙ্গম্॥ ৯॥

অনুবাদ।

বজ্রনির্ঘোষ সেই তেজঃসংযোগের অনুমাপক। ৯।

ব্যাখ্যা।

সেই তেজঃসংযোগ-অর্থে সংঘাত ও দ্রবত্বের হেতু তাপসংযোগ। যেরূপ তাপ হইলে, জল সংঘাত অবস্থা প্রাপ্ত হইয়া কঠিনাকৃতি হয় এবং যেরূপ তাপ হইলে, জল সংঘাতাবস্থা বা বাষ্প অবস্থা হইতে দ্রবীভূত হইয়া থাকে, সেই বিভিন্নপ্রকার তাপযুক্ত শীত ও উষ্ণ বস্তুদ্বয় পরস্পর সংযুক্ত হইয়া সন্নিহিত মেঘে বা বায়ুতে যে তড়িৎ উৎপন্ন করে, তাহা ঐ শীতোষ্ণ বস্তুদ্বয়ের তড়িদ্ভাগের সহিত সম্মিলন হইবার পথে জলাদি দ্বারা বাধা প্রাপ্ত

হইলেই বজ্রনির্ঘোষ হয়। সুতরাং বজ্রধ্বনি যে বিভিন্নরূপ তাপসংযোগের অনুমাপক ইহা বেশ বুঝা গেল। ৯।

উপস্কারঃ।

ননু বলবদ্দিব্যাত্তেজোঽনুপ্রবেশস্তত্র ইত্যত্র কিং প্রমাণমিত্যত আহ।

তত্র দিব্যাসু অপ্সু দিব্যানাং তেজসামনুপ্রবেশে বিস্ফূর্জথুর্লিঙ্গং বজ্রনির্ঘোষ এব লিঙ্গমিত্যর্থঃ। আত্যন্তিকবিদ্যুৎপ্রকাশস্তাবৎ প্রত্যক্ষ এব তদনুপদং স্ফূর্জথুঃ সোঽপি প্রত্যক্ষ এব, তেনানুমীয়তে যন্মাদ্যেষাং করকাঃ প্রাদুর্ভবন্তি তত্র দিব্যন্তেজো বিদ্যুদ্রূপমনুপবিষ্টং তদুপষ্টম্ভেন করকারম্ভিকাণামপাং দ্রবত্বপ্রতিবন্ধ ইতি॥ ৯॥

পরিষ্কারঃ।

বিস্ফূর্জথুস্তড়িৎসংযোগস্যানুমাপক ইত্যর্থমাহ তত্রেতি। পূর্ব্বোক্তস্য সূত্রার্থান্তরস্য যোগ্যতারক্ষার্থমস্যাপার্থান্তরমুপন্যস্যতে। তথাহি সংঘাতবিলয়নহেত্বোরুষ্ণভেদসংযোগয়োর্বজ্রনির্ঘোষোঽনুমিতিহেতুরিত্যর্থঃ। উষ্ণভেদযোগিনী শীতোষ্ণজলে, স্বোৎপন্নতড়িতা স্বসন্নিহিতে মেঘে পদার্থান্তরে বা তড়িদন্তরমুৎপাদয়ত৷ উৎপাদিতা চ তড়িৎ উৎপাদিকয়া তড়িতা সংযুজ্যমানা অন্তরালপতিতং মেঘং জলং বায়ুং বাপসারয়ন্তী নির্ঘোষমুৎপাদয়তি সোঽয়ং বিস্ফূর্জথুরবশ্যমেব জলয়োরুষ্ণভেদগ্রাহক ইতি। ৯।

বৈদিকঞ্চ॥ ১০॥

অনুবাদ।

বৈদিক হেতুও আছে। ১০।

ব্যাখ্যা।

বেদে আছে, জল অগ্নিকে অর্থাৎ তেজকে গর্ভে অর্থাৎ অভ্যন্তরে ধারণ করিয়াছিল—অতএব, জল যে তেজোগর্ভ অর্থাৎ তাপগর্ভ ইহা প্রমাণিত হইল। ১০।

উপস্কারঃ।

অত্রৈব প্রমাণান্তরমাহ।

অপাং মধ্যে তেজোঽনুপ্রবেশ আগমসিদ্ধ এবেত্যর্থঃ। তথাহি "আপস্থা অগ্নিং গর্ভমাদধীরন্ যা অগ্নিং গর্ভং দধিরে সুবর্ণা" ইত্যাদি॥ ১০॥

অপাং সংযোগাদ্বিভাগাচ্চ স্তনয়িত্নোঃ॥ ১১॥

অনুবাদ।

জলের অর্থাৎ সংঘাতপ্রাপ্ত জল ও দ্রবীভূত জলের মেঘের সহিত যে সংযোগ বিভাগ তাহা বজ্রনির্ঘোষের হেতু। ১১।

ব্যাখ্যা।

সংহত ও দ্রবীভূত জল অর্থাৎ অল্পতাপযুক্ত ও অধিকতাপযুক্ত মেঘজল পরস্পর সংযুক্ত থাকিলে তাহাতে তড়িৎ উৎপন্ন হইয়া নিকটস্থ মেঘে তড়িৎ উৎপন্ন করে, তখন ঐ তড়িদ্দ্বয় পরস্পর মিলিত হইতে যায়, মধ্যে মেঘান্তর উপস্থিত হইলে, মিলনোন্মুখ তড়িদ্দ্বয় তাহা ভেদ করিবার সময় যে শব্দ উৎপাদন করে, তাহাই বজ্রনির্ঘোষ। এবং যদি ঐ তড়িদ্যুক্ত সংহত ও দ্রবীভূত জলের আশ্রয় মেঘখণ্ডের কিয়দংশ বায়ুযোগে বিক্ষিপ্ত বা বিভক্ত হয়, তাহা হইলেও বজ্রনির্ঘোষ হয়, কেননা মেঘবিভাগ-হেতু বায়ু ঐ তড়িদ্দ্বয়ের সম্মিলনে বাধক। জল, বায়ু বা পার্থিবাংশ যাহাই তড়িদ্দ্বয়ের মিলনপথে কিঞ্চিন্মাত্রও বাধক হইবে, তাহাকে অতিক্রম করিবার সময় শব্দ উৎপন্ন হইবে, উহাই বজ্রনির্ঘোষ। ৮ম হইতে ১১শ পর্য্যন্ত সূত্রের নিম্নলিখিত অর্থও হইতে পারে ;— বিভিন্নপ্রকার তাড়িৎসংযোগে জল জমাট হইয়া যায় এবং গলিয়া থাকে। ৮। বজ্রনির্ঘোষ সেই তড়িৎ সংযোগের অনুমাপক। ৯। জল যে তড়িৎ উৎপন্ন করিতে সমর্থ তাহা বেদেও আছে, এই শ্রুতি উপস্কারে উদ্ধৃত হইয়াছে। ১০। মেঘের ও জলের যে সংযোগ-বিভাগ অর্থাৎ বায়ুজনিত আবর্ত্তন তাহাও তড়িৎ উৎপত্তির হেতু। ১১। বিস্তৃত ব্যাখ্যা নিষ্প্রয়োজন ; বৈজ্ঞানিকগণ, মহর্ষিকথিত সংক্ষিপ্ত সূত্রের উল্লিখিত ও অনুল্লিখিত বিবিধ অর্থের তত্ত্ব চিন্তা করিয়া বিস্মিত হইবেন। মহর্ষিগণকে যাঁহারা বাহ্যজগতের তত্ত্বনির্ণয়ে একেবারে উদাসীন অধিকন্তু অসমর্থ বলিতেও কুণ্ঠিত নহেন, যাঁহারা মহর্ষিগণকে কল্পনাপ্রিয় মিথ্যাবাদী বলিতেও ভীত নহেন, তাঁহারা সহস্র সহস্র বৎসর পূর্ব্বে মহর্ষির এই বাহ্যজগতের তত্ত্ব আবিষ্কার অনুভাব করিয়া একটু স্বীয় অজ্ঞতার প্রতি ধিক্কার প্রদান করিবার সুযোগ প্রাপ্ত হইলে আমরা আনন্দিত হইব ॥ ১১ ॥

উপস্কারঃ।

ননু বিস্ফূর্জথুঃ কথমুৎপদ্যতে সংযোগবিভাগৌ শব্দযোনী তৌ চ নানুভূয়েতে ইত্যত আহ।

বিস্ফূর্জথুরিতি শেষঃ। অদ্ভিঃ স্তনয়িত্নোঃ সংযোগবিভাগৌ নিমিত্তকারণীভূয় স্তনয়িত্নোরেবাকাশেন সংযোগাদসমবায়িকারণাদাকাশে সমবায়িকারণে শব্দং গর্জ্জিতং জনয়তঃ। কচিচ্চ বায়ুবলাহকসংযোগবিভাগৌ নিমিত্তকারণে বলাহকবিয়ৎসংযোগবিভাগাবসমবায়িকারণে, কর্ম্মকারণাধিকারেঽপি প্রাসঙ্গিকমিদমুক্তম্, যদ্বা মেঘাবয়বসংযোগে বিভাগে বা শব্দাসমবায়িকারণে কারণম্ অপামেব নোদনাভিঘাতজনিতং কর্ম্মেতি সূচিতং কর্ম্মণ এবাধিকারপ্রাপ্তত্বাৎ ॥ ১১ ॥

পরিষ্কারঃ।

সংযোগবিভাগৌ বায়ুকৃতাবিতি শেষঃ। তথাচ মেঘঘটকীভূতজলানাং বায়্বাধর্ষিতানাং পরস্পরাভিঘাতাদ্ বায়্বভিঘাতাদ্ বা বিস্ফূর্জ্জথুরিতি ভাবঃ। অন্যথা চ সূত্রমিদং ব্যাখ্যায়তে। তথাহি,—অপাং সংঘাতবিলয়নপ্রাপ্তানাং দ্বিবিধানামিতি শেষঃ। সংযোগাৎ পরস্পরসংযোগাৎ তড়িদুৎপাদেন বিস্ফূর্জ্জথুঃ। স্তনয়িত্নো-র্মেঘস্য বিভাগাৎ অবয়ববিভাগাচ্চ বিজাতীয়তড়িদ্দ্বয়সংযোগবাধকভূতাদ্ বিস্ফূর্জ্জথুঃ। অথবা পরস্পরসংযুক্তসংহতবিলীনজলসন্নিহিততয়া তদীয়তড়িদুৎপাদিততড়িদন্তরস্য মেঘান্তরস্য সংযোগাদ্ বিভাগাচ্চ বায়ুকৃতাদিত্যর্থাৎ, বিস্ফূর্জ্জ ভবতীত্যর্থঃ। যদ্বা তেজঃসংযোগ ইতি শেষঃ, তদর্থশ্চ দিব্যতেজঃসংযোগঃ, তড়িদুদ্ভব ইত্যর্থঃ। স্তনয়িত্নোরপাং চ মেঘস্য জলানাং চ সংযোগাদ্ বিভাগাচ্চ ভূয়ঃ সংঘর্ষাদিতি যাবৎ ॥ ১১।১২ ॥

পৃথিবীকর্ম্মণা তেজঃকর্ম্ম বায়ুকর্ম্ম চ ব্যাখ্যাতম ॥ ১২ ॥

অনুবাদ।

পৃথিবীকর্ম্ম দ্বারা তেজঃকর্ম্ম ও বায়ুকর্ম্ম বিবৃত হইল ॥ ১২ ॥

ব্যাখ্যা।

দিগ্‌দাহ এবং ঘোর ঝড় ইহাও অদৃষ্টমূলক। সাক্ষাৎ কারণ অপর কিছু থাকিলেও দিগ্‌দাহ প্রভৃতির অশুভ ফল যখন শাস্ত্রে কথিত হইয়াছে তখন উহা যে অদৃষ্টসম্ভূত ইহা একেবারে উড়াইয়া দিবার কথা নহে ॥ ১২ ॥

উপস্কারঃ।

ভূকম্পং প্রত্যদৃষ্টবদাত্মসংযোগঃ কারণমুক্তং তত্রৈবাকস্মিকদিগ্‌দাহহেতোস্তেজসঃ আকস্মিকবৃক্ষাদিকোজহেতোশ্চ প্রভঞ্জনস্য কর্ম্ম যৎ সংজায়তে তত্রাপ্যদৃষ্টবদাত্মসংযোগোঽসমবায়িকারণম্, বায়ুতেজসী সমবায়িকারণম্, অদৃষ্টং নিমিত্তকারণমিত্যর্থঃ, কর্ম্মশব্দস্য হারক্তির্য্যগো-ৰ্দ্ধাদিকর্ম্মসূচনার্থা ॥ ১২

অগ্নেরূর্দ্ধজ্বলনং বায়োস্তির্য্যক্‌পবনমণূনাং মনসশ্চাদ্যং কর্ম্মাদৃষ্টকারিতম ॥ ১৩ ॥

অনুবাদ।

অগ্নির ঊর্দ্ধজ্বলন, বায়ুর তির্য্যগ্ গমন, পরমাণু ও মনের প্রাথমিক কর্ম্ম অদৃষ্টমূলক ॥ ১৩ ॥

ব্যাখ্যা।

অগ্নি প্রজ্বলিত হইলে, উষ্ণ বায়ু এবং বাষ্পের ঊর্দ্ধগমনবেগে অগ্নিও ঊর্দ্ধজ্বলনযুক্ত হয়। মনে কর—একটী দীপশিখা। উহার মধ্যে তেজ, দাহ্য পার্থিব বস্তুর ও জলীয় বস্তুর বাষ্প এবং বায়ু আছে। আকাশের অস্তিত্ব ত আছেই, তাহার কথা ছাড়িয়া দিলাম। পরন্তু ঐ সকল বাষ্প ও বায়ু তেজের অঙ্গভূত নহে দীপের সঙ্গী। সঙ্গীদিগের ঊর্দ্ধগমনে দীপশিখার তেজোভাগকেও ঊর্দ্ধজ্বলনযুক্ত হইতে হয়, সঙ্গী বায়ু উষ্ণস্পর্শে লঘু হইয়া ঊর্দ্ধগত হইতে থাকে, দাহ্য বস্তুর বিসর্পণশীল বাষ্প সেই বায়ুর অনুগামী হয়। সেই একস্রোতোগত সঙ্গীর টানে তেজকে ঊর্দ্ধগামী হইতে হয়, পরন্তু তৈজস অবয়বের প্রবল আকর্ষণে তাহা একেবারে বিচ্ছিন্ন হইয়া যায় না। এই যে বায়ুর শুষ্কতা এবং পৃথিবী ও জলাংশের বাষ্পভাব, ইহার হেতু তেজঃসংযোগ। এই যে তেজঃসংযোগ ইহা অবশ্যই স্পন্দনসাপেক্ষ, কেবল বায়ুস্পন্দনে তেজঃসংযোগ ঘটিয়া যদি বাষ্পভাব ও বায়ুর শুষ্কতা হইত, এবং তদ্দ্বারা বায়ুস্রোতের ঊর্দ্ধগমন হওয়ায় অগ্নিরও ঊর্দ্ধজ্বলন হইত, তাহা হইলে, অগ্নিপ্রোজ্জ্বললৌহপিণ্ডের অগ্নিও ঊর্দ্ধজ্বলনযুক্ত হইত; কেননা সেখানকার বায়ুরও শুষ্কতা হওয়ায় তাহাও ঊর্দ্ধগত হয়। যদি বল দাহ্যবস্তুর স্পন্দনবশতঃ তেজঃসংযোগ হয়, তদুত্তরে বলা যায়, দাহ্য বস্তুর স্পন্দনের পূর্ব্বে তেজেরও স্পন্দন মানিতে হয় মনে কর একটী প্রদীপ জ্বালিলাম, এই জ্বালিত প্রদীপে তৈলাদির যে দাহ্য অংশের স্পন্দন হইতে থাকিল, তাহা কি অগ্নিসংযোগসাপেক্ষ নহে? সে অগ্নিসংযোগ কি পূর্ব্বতন অগ্নির স্পন্দনসাপেক্ষ নহে? অতএব প্রথমে তেজের স্পন্দন মানিতে হয়, তেজ স্পন্দিত হইয়া স্বসংযুক্ত উপযুক্ত বস্তু হইতে বাষ্প সৃষ্টি করে এবং স্বসংযুক্ত বায়ুর শুষ্কতা সম্পাদন করে; অবশ্য তেজের এই স্পন্দনপূর্ব্বক দাহ্য বস্তুর সহিত সংযোগ এবং সংযুক্ত বস্তুর উষ্ণতা ও বাষ্পভাব এত অল্প সময়ের মধ্যে হয় যে, উহার পৌর্ব্বাপর্য্য অনুভূত হয় না; কিন্তু পৌর্ব্বাপর্য্য আছে, পৌর্ব্বাপর্য্য না থাকিলে কার্য্যকারণভাব ঘটে না, যাহা কারণ তাহা পূর্ব্ববর্ত্তী হইবেই। উত্তপ্ত লৌহপিণ্ডের অগ্নিসংযোগ তেজঃস্পন্দন জন্য হইলেও, তেজ যাহাকে অবলম্বন করিয়া অবস্থিত, সে অংশ স্থির বলিয়া অর্থাৎ স্পন্দনধর্ম্মা দাহ্য বাষ্পসমূহ উৎপাদনের উপকরণ নহে বলিয়া, উহা বায়ুস্রোতে ঊর্দ্ধগামী হয় না। এক্ষণে দেখ ঐ যে প্রাথমিক তেজঃস্পন্দন ইহার হেতু কি? ইহার হেতু মহর্ষি বলিতেছেন অদৃষ্ট। অ-দৃষ্ট

অপ্রত্যক্ষ এমন অর্থ করিতে হয় কর, কিন্তু অদৃষ্টের মুখ্য অর্থ ধর্ম্মাধর্ম্ম, তাহাই হেতু, ইহাই প্রকৃত কথা। অগ্নির এই যে ঊর্দ্ধজ্বলন-হেতু তেজের প্রাথমিক স্পন্দন, যাহার জন্যই দাহ্যবাষ্পের উৎপত্তি, বায়ুর উষ্ণতা ও ঊর্দ্ধগতি, যে ঊর্দ্ধগত বায়ুর বেগে শিখারও ঊর্দ্ধগমন, এই ঊর্দ্ধগমনের জন্য জগতে কত লোক কত সুখদুঃখ প্রাপ্ত হইয়া থাকে, সেই সুখ-দুঃখ হেতু অদৃষ্টই ঊর্দ্ধজ্বলনের মূলীভূত প্রাথমিক তেজঃস্পন্দনের হেতু। বায়ু জলাংশযুক্ত হইয়া গুরু হয়, শুষ্ক হইলে লঘু হয়, যাহা গুরু তাহা অধোগামী, যাহা লঘু তাহা ঊর্দ্ধগামী হয়; কিন্তু বায়ুর যে প্রাথমিক বক্রগমন ইহার হেতু অদৃষ্ট, বায়ুর এই বক্রগতি না থাকিলে, হিম-প্রধান দেশ মনুষ্যবাসের যোগ্য হইত কি না সন্দেহ? ঝড় ইত্যাদি হইত না। সুতরাং বায়ুর বক্রগতি যে সকল জীবের সুখদুঃখের হেতু তাহাদিগের অদৃষ্ট প্রাথমিক বক্রগতির কারণ। একটী বক্রগতি উৎপন্ন হইলে বেগপ্রযুক্ত ধারাবাহিক বক্রগতি হইতে পারে। বৈশেষিক যে যে স্পন্দনের হেতু অদৃষ্ট বলিয়াছেন, স্বভাববাদীরা তাহাকেই স্বভাব বলিয়া বর্ণনা করেন। কার্য্যকারণবাদ অপেক্ষা ফলতঃ স্বভাববাদ যে স্থূল, তাহা অবসর হয় ত বিচার করিয়া বুঝাইব। প্রাথমিক অর্থাৎ বর্ত্তমান সৃষ্টির প্রারম্ভে পরমাণুর যে স্পন্দন, এবং মনের যে প্রাথমিক অর্থাৎ যত্নের কারণীভূত ক্রিয়া তাহাও অদৃষ্টমূলক। সৃষ্টিপ্রারম্ভে পরমাণু স্পন্দিত হয়, স্পন্দনের পর দ্ব্যণুকারম্ভক সংযোগ হয়, দ্ব্যণুকোৎপত্তির হেতু ঈশ্বরপ্রযত্ন, অদৃষ্টজনিত পরমাণুস্পন্দনকে সহায় পাইলে ফলোন্মুখ হইয়া থাকে। সেই পরমাণু মাত্রে পর্য্যবসিত পৃথিব্যাদি ভূতচতুষ্টয়ের অসংহত অবস্থায় পরমাণুস্পন্দনের অন্যবিধ কারণ থাকে না। প্রত্যেক পরমাণুর ঐরূপ স্বভাব স্বীকার অপেক্ষা অদৃষ্টকে সকল পরমাণুস্পন্দনহেতু বলিলে লাঘব আছে। ১৩।

উপস্কারঃ।

অদৃষ্টবদাত্মসংযোগাসমবায়িকারণকং কর্ম্মান্তরমাহ।

আদ্যমিতি সর্গাদ্যকালীনমিত্যর্থঃ, তদা নোদনাভিঘাতাদীনামভাবাৎ অদৃষ্টবদাত্মসংযোগ এব তত্রাসমবায়িকারণম্ আদ্যমূর্দ্ধজ্বলনম্ আদ্যং তির্য্যক্পবনমিতি, ইতরেষাং জ্বলনপবনকর্ম্মণাং বেগাসমবায়িকারণকত্বমেব সম্ভমুচিতং দৃষ্টে কারণে সত্যদৃষ্টকল্পনানবকাশাৎ। ১৩॥

পরিষ্কারঃ।

আদ্যমূর্দ্ধজ্বলনমিতি। অয়মাশয়ঃ,—পৃথিবীজলপবনবিশেষাকাশোপষ্টব্ধতেজঃ-সমবায়িকারণকোঽগ্নিরিত্যুক্তম্। তস্যোর্দ্ধজ্বলনম্ অদৃষ্টকারিতং তথাহি তপ্তবায়ো-

যদূর্দ্ধগমনং যদ্দ্যতিত্বেনাগ্নিরপ্যূর্দ্ধং জ্বলতি তৎ কস্য হেতোঃ, তৎসংসর্গিসলিল-শোষণেন লঘুত্বাপাদনাদিতি চেৎ নহ্যেকস্মিন্নেব ক্ষণে জ্বলনবায়ূন্নতসলিলশোষণ-তল্লঘুত্বাপাদনানাং সম্ভবঃ কার্য্যকারণভাবস্য পূর্ব্ববর্ত্তিত্বনিয়তত্বাদিতি তপ্তবায়োঃ সত্যপ্যূর্দ্ধগমনসম্ভবে বায়ুতাপনাৎ পূর্ব্বং বহ্নেঃ কীদৃগ্ গতিরিতি বক্তব্যম্। ন কাচিৎ কিন্তু স্পন্দনমাত্রমিতি চেৎ তদেব কিংহেতুকং? স্বভাবহেতুকঞ্চেৎ কোঽয়ং স্বভাবঃ বহ্নিস্বরূপো বহ্নিধর্ম্মো বা? নাদ্যঃ সত্যপি বহ্নৌ কাচিদঙ্গারাদৌ স্পন্দা-ভাবাৎ, নান্ত্যঃ তস্য স্বাভাবিকাগন্তুকবিকল্পাসহত্বাৎ, স্বাভাবিকত্বায়ামনবস্থাপাতাদা-গন্তুকতায়াং হেতুজিজ্ঞাসায়া অনিবৃত্তেঃ। যদি নাম বহ্নিশিখায়াং স্পন্দনং স্বভাবো নতু বহ্নিমাত্রস্য, স্বভাবশ্চ শিখায়া নাতিরিচ্যতে, হন্ত তোঃ শিখৈব কথঙ্কারং লব্ধাত্মা ভবেৎ ন হি বায়ূর্দ্ধগমনং বিনা শিখাজন্ম বায়ূর্দ্ধগতিশ্চ ন তাপমন্তরেণ, নচ তাপো বহ্নিবায়ুসংযোগং বিনা, নাপ্যসৌ সংযোগঃ কেবলবায়ুস্পন্দজন্যঃ, কেবল-বায়ুস্পন্দজন্যসংযোগতপ্তবায়োরূর্দ্ধগমনেন বহ্নেরূর্দ্ধজ্বলনে তপ্তায়ঃপিণ্ডস্যাপ্যূর্দ্ধজ্বলন-প্রসঙ্গাৎ; তস্মাদ্দীপাদ্যাত্মকাগ্নেরাদ্যস্পন্দনমদৃষ্টজন্যং তেন কর্ম্মণা বায়ুকর্ম্মণা চ জনিতো যো বায়ুবহ্নিসংযোগস্তদ্ভুতপ্তবায়োরূর্দ্ধগমনং তেন চ বহ্নেরূর্দ্ধজ্বলনমিতি পরম্পরা; অদৃষ্টমূলকপরম্পরাপ্রভবত্বাদদৃষ্টকারিতমিতি নত্বদৃষ্টকৃতম্। অদৃষ্টঞ্চ বহ্নেরূর্দ্ধজ্বলনজন্যানাং পুরুষবিশেষসুখদুঃখানাং হেতুভূতো ধর্ম্মাধর্ম্মবিশেষঃ। এতেন পবনস্য তির্য্যক্পবনং ব্যাখ্যাতং তথা হ্যনুদ্ভূতরূপসলিলভরসঞ্জাতগৌরবো বায়ুরধো ভবত্যগ্নিগুরুকশ্চ লাঘবাদূর্দ্ধীভবতি এবমূর্দ্ধাধোবিবর্ত্তমানানাং বায়ূনামপামিব চক্রমুজ্জৃম্ভতে। পরে তু গুরুরয়ং বায়ুরুষ্মযোগাল্লঘুর্ভবতীতি মন্যন্তে যথা তথাস্তু তির্য্যক্পবনস্তু কথঙ্কারং সম্পদ্যতে নচায়ং স্বভাব ঊর্দ্ধগমনস্যাপ্যুপলম্ভাৎ বেগ-বিশেষাদিতি চেদ্বেগবিশেষোদ্দীপকমাদ্যং স্পন্দনং কিংহেতুকমিত্যত্রাহাদৃষ্টকারিত-মিতি ॥ ১৩ ॥

হস্তকর্ম্মণা মনসঃ কর্ম্ম ব্যাখ্যাতম্ ॥ ১৪ ॥

অনুবাদ।

হস্তকর্ম্ম দ্বারা মনের কর্ম্ম বিবৃত হইয়াছে। ১৪।

ব্যাখ্যা।

প্রযত্ন ও প্রযত্ন-বিশিষ্ট আত্ম-সংযোগ হইলে যেমন হস্তের স্পন্দন হয়, সেইরূপ প্রযত্ন ও প্রযত্ন-বিশিষ্ট আত্মসংযোগ হইলে মনেরও স্পন্দন হয়, এই জন্য যত্ন

করিয়া মনকে অভীষ্ট বিষয়ে নিযুক্ত করা যায়। অবশ্য এই স্পন্দন প্রযত্নপূর্ব্বক, প্রযত্নও মনঃস্পন্দনসাপেক্ষ; কেননা স্পন্দন না হইলে মনঃসংযোগ ঘটে না, আত্মমনঃসংযোগ ব্যতীত প্রযত্নও হইতে পারে না; এই জন্য প্রযত্নের হেতু আত্ম-মনঃ-সংযোগ অদৃষ্টজন্য, ইহা পূর্ব্বসূত্রে কথিত হইয়াছে। ১৪।

উপস্কারঃ।

অনাদ্যং কর্ম্মাভিক্ষুত্যাহ।

মুষলোৎক্ষেপণাদৌ যথা প্রযত্নবদাত্মসংযোগাসমবায়িকারণকং হস্তকর্ম্ম তথাভিমতবিষয়-গ্রাহিণীন্দ্রিয়ে সন্নিকর্ষার্থং যন্মনসঃ কর্ম্ম তদপি প্রযত্নবদাত্মসংযোগাসমবায়িকারণকমেব যদ্যপী-ন্দ্রিয়ং মনো ন সাক্ষাৎপ্রযত্নবিষয়স্তথাপি মনোবহনাড়ীগোচরেণ প্রযত্নেন মনসি কর্ম্মোৎপত্তি-র্দ্রষ্টব্যা, নাড়ীনাস্তু ত্বগিন্দ্রিয়গ্রাহ্যত্বমঙ্গীকর্ত্তব্যম্ অন্যথা প্রাণবহনাড়ীগোচরেণ প্রযত্নেনাশিত-পীতাদ্যভ্যবহরণমপি ন সম্ভবেৎ ॥ ১৪ ॥

পরিষ্কারঃ।

ইন্দ্রিয়ং মন ইতি। ইন্দ্রিয়মিত্যনেন অতীন্দ্রিয়ত্বং জ্ঞাপিতম্। 'প্রযত্নবিষয়ঃ' প্রযত্নস্তোপাদনত্বাখ্যবিষয়তাবান্। প্রযত্নে উপাদানপ্রত্যক্ষস্য কারণত্বাদিতি ভাবঃ। অশনাদিকং প্রাণবহনাড়ীকর্ম্ম। তত্র প্রবৃত্তিঃ প্রাণবহনাড্যাস্ত্বাচপ্রত্যক্ষাদেবেতি ভাবঃ। অশনাদিকং যদি প্রাণকর্ম্ম প্রাণাশ্চ যদি ত্বচা গ্রাহ্যা ইত্যুচ্যতে তদা মনসঃ কর্ম্ম মনোজন্যজ্ঞানগোচরপ্রত্যক্ষপূর্ব্বকপ্রবৃত্ত্যা প্রযত্নোপপাদ্যঃ ॥ ১৪ ॥

আত্মেন্দ্রিয়মনোঽর্থসন্নিকর্ষাৎ সুখদুঃখে ॥ ॥ ১৫ ॥

অনুবাদ।

আত্মার সহিত মনঃ-সংযোগ এবং বিষয়ের সহিত ইন্দ্রিয় সংযোগ সুখ-দুঃখের হেতু। ১৫।

ব্যাখ্যা।

আত্মার সহিত মনঃ-সংযোগ হইতে হইলে, মনের স্পন্দন আবশ্যক; স্পন্দন ব্যতীত ঐ সংযোগ হইতে পারে না। বিষয়ের সহিত যে ইন্দ্রিয়সংযোগ হয়—অর্থাৎ বিষয়ের সহিত যেরূপ ইন্দ্রিয়সংযোগে জ্ঞান উৎপন্ন হয়, সেই সংযোগও মনঃস্পন্দনসাপেক্ষ; কেননা মন ইন্দ্রিয়ের সহিত সংযুক্ত হইলে, তবে জ্ঞান হইবে, মনের সংযোগ হইতে হইলে স্পন্দন চাই; ইন্দ্রিয় দ্বারা ইষ্ট-সাক্ষাৎকারে সুখ ও অনিষ্ট-সাক্ষাৎকারে দুঃখ হয়। সুতরাং যেদিক্ দিয়াই দেখ, মনঃস্পন্দন ব্যতীত সুখ-দুঃখ—সুখ-দুঃখ বলিয়া নহে, জ্ঞান, প্রযত্ন, ইচ্ছাদিও উৎপন্ন হয় না। ১৫।

উপস্কারঃ।

ননু মনসি কর্ম্ম উৎপদ্যত ইত্যত্রৈব ন প্রমাণমত আহ।

সুখদুঃখে ইত্যুপলক্ষণং জ্ঞানপ্রযত্নাদ্যপি দ্রষ্টব্যং মনসো বৈভবং পূর্ব্বমেব নিরাকৃতম্, অণুত্বঞ্চ সাধিতম্, যুগপজ্জ্ঞানানুৎপত্তিশ্চ মনসো লিঙ্গমিত্যুক্তং তেন তত্তদিন্দ্রিয়প্রদেশেন মনঃসংযোগমন্তরেণ সুখদুঃখে ন স্যাতামেব যদি মনসি কর্ম্ম ন ভবেৎ ন ভবেচ্চ পাদে মে সুখং শিরসি মে বেদনেত্যাদ্যাকারোঽনুভব ইত্যর্থঃ। যদ্যপি মনঃসন্নিকর্ষাধীনঃ সর্ব্বোঽপ্যাত্মবিশেষগুণস্তথাপি সুখদুঃখে তীব্রসংবেগিতয়াতিস্ফুটত্বাদুক্তে ॥ ১৫ ॥

পরিষ্কারঃ।

আত্মমনোযোগাৎ সুখদুঃখাদিকম্, ইন্দ্রিয়মনোযোগাৎ চাক্ষুষাদিকম্, অর্থমনোযোগাচ্চ মানসপ্রত্যক্ষং, মনঃকর্ম্মানুমাপকম্। একজাতীয়জ্ঞানাদের্মনঃস্থৈর্য্যেঽপি সম্ভবাৎ, নানাস্থলোদাহরণম্। মনঃস্থৈর্য্যং কল্পয়িত্বা তত্র কারণান্তরকল্পনে চানুভববিরোধো গৌরবং চ স্যাদিতি ভাবঃ। তত্তদিন্দ্রিয়েতি পাদে মে সুখমিত্যাদ্যনুভবাৎ। ইন্দ্রিয়প্রদেশশ্চ ত্বগাদিপ্রদেশঃ ॥ ১৫ ॥

তদনারম্ভ আত্মস্থে মনসি শরীরস্থ দুঃখাভাবঃ স যোগঃ ॥ ১৬ ॥

অনুবাদ।

মন আত্মনিষ্ঠ হইলে মনের স্পন্দন হয় না, (তখন) শরীরাবচ্ছিন্ন আত্মার দুঃখ-নিবৃত্তি-হেতু যোগ (নিষ্পন্ন হয়)। ১৬।

ব্যাখ্যা।

ইন্দ্রিয়-সংযোগ-হীন আত্মনিষ্ঠ চিত্তের স্থিরাবস্থাই যোগ, যোগ মানবের দুঃখনিবৃত্তির উপায়। ১৬।

উপস্কারঃ।

নন্বেবং যদি চপলং মনস্তদা চিত্তনিরোধাভাবাদ্‌যোগং বিনা নাত্মসাক্ষাৎকারো নবা তমন্তরেণ মোক্ষ ইতি শাস্ত্রারম্ভবৈফল্যমত আহ।

বিষয়েষ্বসংপ্রত্যয়বত উদাসীনস্য বহিরিন্দ্রিয়েভ্যো ব্যাবৃত্তং মনো যদাত্মস্থমাত্মমাত্রনিষ্ঠং ভবতি তদা তৎকর্ম্মানুগুণপ্রযত্নাভাবাৎ কর্ম্ম মনসি নোৎপদ্যতে স্থিরতরং মনো ভবতি স এব যোগঃ চিত্তনিরোধলক্ষণত্বাদ্ যোগস্য, তদনারম্ভ ইতি মনসঃ কর্ম্মানারম্ভ ইত্যর্থঃ, যদ্বা তৎপদেন সুখদুঃখে এবাভিধীয়েতে প্রক্রান্তত্বাৎ, দুঃখাভাব ইতি দুঃখাভাবসাধনত্বাদ্‌যোগ এব দুঃখাভাবঃ "অন্নং বৈ প্রাণঃ" ইতিবৎ, যদ্বা দুঃখস্যাভাবো যত্রেতি বহুব্রীহিঃ, শরীরস্থেতি শরীরাবচ্ছিন্নস্যাত্মনঃ, স যোগ ইতি প্রসিদ্ধিসিদ্ধতয়া তৎপদম্, অয়ং স যোগঃ। যদ্বাত্মপদেনাত্র প্রাণ উচ্যতে উপচারাৎ প্রাণানুমেয়ত্বাদাত্মনঃ, তথা চ প্রাণবহনাড্যাং কর্ম্মণা প্রাণকর্ম্মাপি জায়তে যদ্বা জীবনযোনিযত্নবদাত্মপ্রাণসংযোগাসমবায়িকারণকং প্রাণকর্ম্ম, জীবনযোনিশ্চ যত্নোঽতীন্দ্রিয়ঃ প্রাণসঞ্চারানুমেয়ঃ কথমন্যথা সুষুপ্ত্যবস্থায়ামপি শ্বাসপ্রশ্বাসগতাগতমিতি ভাবঃ ॥ ১৬ ॥

যোগাসম্ভবান্মোক্ষাসম্ভব ইতি মোক্ষপ্রয়োজনকশাস্ত্রং বৈশেষিকং বিফলারম্ভং ভবেদিত্যাশঙ্কতে নত্বেবমিতি। যোগত্বস্য সম্প্রজ্ঞাতসমাধিসাধারণ্যায়াহ যত্বেতি। তথাচ মনস আত্মস্থত্বেঽপি নিদিধ্যাসনপরম্পরোপযোগিমনঃকর্ম্মসম্ভবেঽপি ন যোগত্বহানিরিতি ভাবঃ। দুঃখাভাবশব্দস্য দুঃখাভাবসাধনপরত্বেত্ব কাল্পনিক লক্ষণাপত্তিরিত্যাহ যত্বা দুঃখস্যেতি। যত্বাত্মপদেনেত্যারভ্য গতাগতমিতি ভাব ইত্যন্তসন্দর্ভঃ সম্পাতীয়াতঃ পূর্ব্বসূত্রচরমাংশতয়া তু কথঞ্চিদ্‌যোজ্যতে। তথাহি পূর্ব্বসূত্রে সুখদুঃখে ইতি পদং প্রযত্নাদীনামুপলক্ষণমিত্যুক্তং কর্ম্মণোঽপ্যুপলক্ষণত্বমভিপ্রেত্যাহ যত্বাত্মপদেনেতি। প্রাণসন্নিকর্ষাৎ প্রাণনিষ্ঠাৎ কর্ম্মবৎপ্রাণবহনাড়ীসংযোগাৎ প্রাণকর্ম্ম, প্রযত্নবদাত্মসংযোগাচ্চ প্রাণবহনাড়ীকর্ম্ম। ইন্দ্রিয়মনোঽর্থসন্নিকর্ষাচ্চ সুখদুঃখাদিকং ভবতীতি তদর্থঃ। প্রাণসন্নিকর্ষবোধকমাত্মসন্নিকর্ষপদং জীবনযোনিযত্নবদাত্মপ্রাণসংযোগপরম্। পঞ্চম্যা চ তদসমবায়িকারণত্বলাভঃ। যদ্যত্রৈব পাঠোঽয়ং স্বেমানমাসাদয়তে তদা অনারম্ভ ইত্যস্য অনানাং প্রাণানামারম্ভঃ কর্ম্মেত্যর্থকত্বমুপেয়ং মনসি 'আত্মস্থে' প্রাণস্থে প্রাণসম্বন্ধিনি সতি তৎসম্বন্ধশ্চ স্বাশ্রয়প্রাণবহনাড্যবচ্ছিন্নপ্রযত্নজনকসংযোগাশ্রয়ত্বম্। মনঃপদস্যাত্মপরত্বাভিপ্রায়েণাহ যত্বেতি। 'মনসি' আত্মনি 'আত্মস্থে' প্রাণস্থে সতি 'সঃ' সুষুপ্ত্যাদাবনুভূয়মানঃ 'অনারম্ভঃ' প্রাণকর্ম্ম ভবতীতি সূত্রাবয়বার্থঃ। শরীরাবচ্ছিন্নাত্মনো দুঃখাভাবহেতুশ্চ যোগ ইতি তদবয়বান্তরস্যার্থঃ॥ ১৬॥

অপসর্পণমুপসর্পণমশিতপীতসংযোগাঃ কার্য্যান্তরসংযোগাশ্চেত্যদৃষ্টকারিতানি॥ ১৭॥

অনুবাদ।

অপসর্পণ, উপসর্পণ, (গর্ভস্থ অবস্থায়) পান,ভোজন, কার্য্যান্তরের—অর্থাৎ গর্ভস্থ শরীরের স্পন্দন—অদৃষ্টমূলক। ১৭।

ব্যাখ্যা

অপসর্পণ—মরণকালে প্রাণ ও মনের দেহ ত্যাগ করিয়া উদ্গমন, উপসর্পণ—দেহান্তরের উৎপত্তি হইলে, তাহাতে প্রাণ ও মনের প্রবেশ; ইত্যাদি কর্ম্ম অদৃষ্টের কার্য্য। ১৭।

উপস্কারঃ।

নন্বু প্রাণস্য মনসশ্চ কর্ম্ম যদি প্রযত্ননিমিত্তকং তদা প্রাণমনসী যদা মরণাবস্থায়ামপসর্পতঃ দেহাদ্বহির্ভবতঃ দেহান্তরযোগতো তত্র পুনরপসর্পতঃ প্রবিশতঃ তত্র প্রযত্নাভাবাত্তদনুপপন্নম্,

অশিতপীতং ভক্তপানীয়াদি তস্যাপি শরীরাবয়বোপচয়হেতুর্যঃ সংযোগস্তজ্জনকং যৎ কর্ম্ম যচ্চ গর্ভবাসদশায়াং সংযোগবিভাগজনকং কর্ম্ম তেষাং কথমুৎপত্তিরত আহ।

অত্র নপুংসকমনপুংসকেনৈকবচ্চাস্যতরস্যামিতি নপুংসকনির্দ্দেশঃ, সংযোগপদঞ্চ তৎকারণে কর্ম্মণি লাক্ষণিকম্, "অপসর্পণং দেহারম্ভককর্ম্মক্ষয়ে দেহাদেব প্রাণমনসোরুৎক্রমণম্, উপসর্পণঞ্চ দেহান্তরোৎপত্তৌ তত্র প্রাণমনসোঃ প্রবেশনম্, অশিতপীতাদিসংযোগহেতুশ্চ কর্ম্ম, কার্য্যান্তরং গর্ভশরীরং তৎসংযোগহেতুশ্চ যৎ কর্ম্ম তৎ সর্ব্বমদৃষ্টবদাত্মসংযোগাসমবায়িকারণকম্, ইতিকারেণ ধাতুমলকর্ম্মণামপ্যদৃষ্টবদাত্মসংযোগাসমবায়িকারণকত্বং সূচয়তি ॥ ১৭ ॥

পরিষ্কারঃ।

অদৃষ্টকারিতানীত্যুক্ত্যা সংযোগাদীনামদৃষ্টমূলকত্বং সংযোগহেতুকর্ম্মণাঞ্চাদৃষ্ট-বদাত্মসংযোগজন্যত্বমাবেদিতমিত্যাশয়েনাহ সংযোগপদমিতি ॥ ১৭ ॥

তদভাবে সংযোগাভাবোঽপ্রাদুর্ভাবশ্চ মোক্ষঃ ॥ ১৮ ॥

অনুবাদ।

তাহার (অদৃষ্টের) অভাবে শরীরসংযোগের অভাব হয়, এবং ভবিষ্যতেও পুনরুৎপত্তিও হয় না—তাহাই মোক্ষ। ১৮।

ব্যাখ্যা।

যোগবলে আত্মসাক্ষাৎকার হইলে, রাগদ্বেষ নিবৃত্ত হয়, সুতরাং আর ধর্ম্মা-ধর্ম্ম হয় না, ধর্ম্মাধর্ম্ম-অভাবে পুনর্জ্জন্ম হয় না, যখন এই অবস্থা হয় তখন সেই ব্যক্তি জীবন্মুক্ত নামে আখ্যাত, সে জন্মের শরীর-পাত হইলেই তাহার নির্ব্বাণ মুক্তি। এই মুক্তি বা মোক্ষই সূত্রে কথিত হইয়াছে। এই অবস্থা চরমদুঃখ-নিবৃত্তির অবস্থা। ১৮।

উপস্কারঃ।

ননু দেহান্তরোৎপত্তেরাবশ্যকত্বেতদা কথং মোক্ষ ইত্যত আহ।

ইদমত্রাকূতং যোগবলেনাত্মতত্ত্বসাক্ষাৎকারে সতি তেন চ সবাসনমিথ্যাজ্ঞানে ধ্বস্তে তন্নি-বন্ধনানাং রাগদ্বেষমোহানাং দোষাণামপায়াৎ প্রবৃত্তেরপায়ে তন্নিবন্ধনস্য জন্মনোঽপায়ে তন্নি-বন্ধনস্য দুঃখস্যাপায় ইতি তাবদবগতিঃ, তত্র যোগিনো যোগজধর্ম্মবলেন তত্তদ্দেশকালতত্তত্তুরগ মতঙ্গজভুজঙ্গবিহঙ্গমাদিদেহোপভোগ্যসুখদুঃখাসাধারণকারণধর্ম্মাধর্ম্মনিকুরম্বমালোচ্য . তত্তৎকায়-ব্যূহং নির্ম্মায় ভোগেন পূর্ব্বোৎপন্নধর্ম্মাধর্ম্ময়োঃ ক্ষয়ঃ, নিবৃত্তদোষস্য ধর্ম্মাধর্ম্মান্তরানুৎপত্তাবপূর্ব্ব-শরীরান্তরানুৎপত্তৌ পূর্ব্বশরীরেণ সহাত্মনো যঃ সংযোগাভাবঃ স এব মোক্ষঃ; তদভাব ইতি অনাগতশরীরানুৎপাদে সংযোগাভাব ইত্যর্থঃ। নম্বিয়মবস্থা প্রলয়সাধারণীত্যত আহ, অপ্রাদুর্ভাব ইতি। যদনন্তরং শরীরাদেঃ পুনঃ প্রাদুর্ভাবো ন ভবতীত্যর্থঃ, স মোক্ষ ইতি তস্যামবস্থায়াং যো দুঃখধ্বংসঃ স মোক্ষ ইত্যর্থঃ ॥ ১৮ ॥

পরিষ্কারঃ।

চরমদুঃখনিবৃত্তির্মোক্ষ ইতি ভাবঃ, পরিষ্কৃতলক্ষণন্তু প্রাগেব দর্শিতম্‌ ॥ ১৮ ॥

দ্রব্যগুণকর্ম্মনিষ্পত্তিবৈধর্ম্ম্যাদভাবস্তমঃ ॥ ১৯ ॥

অনুবাদ।

দ্রব্য, গুণ এবং কর্ম্মের উৎপত্তিগত বিরোধহেতু তমঃ অভাব (পদার্থ)। ১৯।

ব্যাখ্যা।

তমঃ অন্ধকার, অন্ধকারকে ভাব পদার্থ বলিলে, তাহাকে অনিত্য বলিতে হয়, কেননা তাহার নাশ উৎপত্তি সকলই প্রতিবাদীর অনুভবসিদ্ধ; অন্ধকারকে অনিত্য ভাবপদার্থমধ্যে পরিগণিত করিতে হইলে, হয় দ্রব্য না হয় কর্ম্ম, অথবা গুণ বলিতে হইবে; কিন্তু দ্রব্যাদির উৎপত্তি যেরূপে হয়, অন্ধকারের উৎপত্তি সেরূপে হয় না, অবয়বক্রমে দ্রব্যোৎপত্তি হয়, পরন্তু রাত্রিকালে গৃহে শত তাড়িতালোক এককালে নির্ব্বাপিত করিলে, গৃহ তৎক্ষণাৎ অন্ধকারে আচ্ছন্ন হয়। ঘট-উৎপত্তির জন্য কপাল, বস্ত্র-উৎপত্তির জন্য তন্তু—যেমন পূর্ব্বে অপেক্ষিত, অন্ধকার-উৎপত্তির পূর্ব্বে সেরূপ কোন অবয়বের অপেক্ষা করিতে হয় না। অতএব দ্রব্য-উৎপত্তির ন্যায় অন্ধকারের উৎপত্তি নহে, সুতরাং অন্ধকার দ্রব্য হইতে পৃথক্‌। গুণের উৎপত্তি—পাক, অবয়ব-গুণ কর্ম্ম বা মনঃসংযোগসাপেক্ষ। কর্ম্মের উৎপত্তি—বেগ গুরুত্ব প্রযত্ন ও সংযোগাদিসাপেক্ষ; অন্ধকার-উৎপত্তিতে সে সমস্ত অপেক্ষিত নহে, এই উৎপত্তিগত বৈষম্যবশতঃ, অন্ধকারকে গুণ ও কর্ম্মও বলা যায় না। বিশেষতঃ যখন অন্ধকারের গতি ও রূপ প্রত্যয় আছে, তখন তাহাকে গুণ বা কর্ম্ম ত বলিতেই পার না; গুণাদিতে গুণ কর্ম্ম নাই। অতিরিক্ত পদার্থ কল্পনাও অসম্ভব এবং অনাবশ্যক; কেননা আলোকের অভাবই অন্ধকার, উৎপত্তি, নাশ ও গতি প্রভৃতি অন্ধকারের স্বাভাবিক ধর্ম্ম নহে। আলোকের নাশ, উৎপত্তি ও অপসারণ প্রযুক্ত ঐরূপ প্রত্যয় হয়। ১৯।

উপস্কারঃ।

নমু তমসোঽপি দ্রব্যস্ত কথং দৃশ্যতে চলতি চ্ছায়েতিপ্রত্যয়াৎ তত্র ন প্রযত্নো ন বা নোদনাভিঘাতৌ ন বা গুরুত্বদ্রবত্বে ন বা সংস্কারস্তথাচ নিমিত্তান্তরং বক্তব্যং তচ্চ নানুভূয়মানমিত্যত আহ।

এতেন নবৈব দ্রব্যাণীত্যবধারণমপ্যুপপাদিতং দ্রব্যানিষ্পত্তিস্তাবৎ স্পর্শবদ্দ্রব্যাদীনা ন চ তমসি স্পর্শোঽনুভূয়তে, ন চানুদ্ভূত এব স্পর্শঃ, রূপোদ্ভবে স্পর্শোদ্ভবস্যাবশ্যকত্বাৎ। পৃথিব্যা-

মম্ন্ ...ঃ। তমস্তু দশমং দ্রব্যমিতি চেন্ন দ্রব্যান্তরস্য নীলরূপানধিকরণত্বাৎ নীলরূপস্য চ গুরুত্ব-নান্তরীয়কত্বাৎ রসগন্ধনান্তরীয়কত্বাৎ। যথাকাশং শব্দমাত্রবিশেষগুণং তথা তমোঽপি নীলরূপ-মাত্রবিশেষগুণং স্যাদিতি চেন্ন চাক্ষুষত্ববিরোধাৎ যদি হি নীলরূপবন্নীলং রূপমেব বা তমঃ স্যাৎ বাহ্যালোকপ্রগ্রহমন্তরেণ চক্ষুষা ন গৃহ্যেত ॥ ১৯ ॥

পরিষ্কারঃ।

স্পর্শোদ্ভবস্যাবশ্যকত্বাদিত্যুপলক্ষণম্। গন্ধাভাবনত্বান্ন পৃথিবী নীলত্বেনানুভূয়-মানত্বাচ্চ ন দ্রব্যান্তরমিতি ভাবঃ ॥ ১৯ ॥

তেজসো দ্রব্যান্তরেণাবরণাচ্চ ॥ ২০ ॥

অনুবাদ।

দ্রব্যান্তর দ্বারা তেজের আবরণ হইতে (অন্ধকার হয়)। ২০।

ব্যাখ্যা।

অন্ধকার যে গমনশীল—এরূপ জ্ঞান হইবার কারণ তেজের—অর্থাৎ আলো-কের আবরণ, গমনশীল আলোক যে স্থানে প্রবেশ করে, তথায় অন্ধকার থাকে না; আলোক সরিয়া গেলে আলোকাভাব হয়; এই আলোকের গমনাগমন প্রযুক্ত অন্ধকার গমনশীল বলিয়া প্রতীত হয়। ২০।

উপস্কারঃ।

তর্হি গতিপ্রতীতিঃ কিন্নিবন্ধনেত্যত আহ।

গচ্ছতা দ্রব্যান্তরেণাবৃতে তেজসি পূর্ব্বদেশানুপলম্ভাদগ্রিমদেশে চোপলম্ভাত্তেজোঽভাবস্য গচ্ছদ্দ্রব্যসাধর্ম্ম্যাদ্ গতিভ্রমো ন তু বাস্তবী তত্র গতিরিত্যর্থঃ। অন্বয়ব্যতিরেকাভ্যাং তথা প্রতীতেঃ। উদ্ভূতরূপবদ্যাবত্তেজঃসংসর্গাভাবস্তমঃ ॥ ২০ ॥

পরিষ্কারঃ।

যাবত্তেজঃসংসর্গাভাব ইতি কতিপয়তেজঃসংসর্গাভাবোঽবতমসং যাবত্তেজঃ-সংসর্গাভাবোঽন্ধতমসমিতি ভাবঃ ॥ ২০—২৬ ॥

ইতি গৌতমসিদ্ধকুলোদ্ভব-শ্রীপঞ্চাননতর্করত্ন-ভট্টাচার্য্যকৃতৌ বৈশেষিকসূত্রোপস্কার-পরিষ্কারে পঞ্চমাধ্যায়স্য দ্বিতীয়মাহ্নিকম্। সমাপ্তশ্চ পঞ্চমাধ্যায়ঃ।

দিক্কালাবাকাশঞ্চ ক্রিয়াবদ্বৈধর্ম্ম্যান্নিষ্ক্রিয়াণি ॥ ২১ ॥

অনুবাদ।

দিক্, কাল, আকাশ এবং আত্মা—ক্রিয়াবিশিষ্ট দ্রব্যের বৈধর্ম্ম্য হেতু—নিষ্ক্রিয়। ২১।

ব্যাখ্যা।

অমূর্ত্তত্ব—অর্থাৎ আপেক্ষিক ক্ষুদ্র পরিমাণের অভাব ক্রিয়াবিশিষ্ট দ্রব্যের বৈধর্ম্ম্য। যাহা অপেক্ষাকৃত ক্ষুদ্রপরিমাণ-সম্পন্ন, তাহাই ক্রিয়াবান্। দিক্‌কাল ও আকাশ কাহারও অপেক্ষা ছোট পরিমাণ নাই—সুতরাং ক্রিয়া—স্পন্দন নাই।২১॥

উপস্কারঃ।

এবং দ্বিসূত্রকং প্রাসঙ্গিকং তমঃপ্রকরণং সমাপ্য কর্ম্মশূন্যতাপ্রকরণমাহ।

চকারাদাত্মসংগ্রহঃ ক্রিয়াবতা বৈধর্ম্ম্যাৎ দিগাদীনামমূর্ত্তত্বং মূর্ত্তাণুবিধানাং ক্রিয়ায়াঃ॥২১॥

এতেন কর্ম্মাণি গুণাশ্চ ব্যাখ্যাতাঃ॥ ২২ ॥

অনুবাদ।

ইহার দ্বারা কর্ম্ম ও গুণ বিবৃত হইল। ২২।

ব্যাখ্যা।

পরিমাণ গুণ,—গুণ-কর্ম্মে গুণ থাকে না, গুণ দ্রব্যের ধর্ম্ম, গুণ কর্ম্মের নহে; গুণ ও কর্ম্মে যখন পরিমাণ মাত্রই নাই, তখন অমূর্ত্তত্ব আছেই; সুতরাং ক্রিয়াও থাকিতে পারে না, কেন না ক্রিয়া মূর্ত্তত্বের অনুগামী। ২২।

উপস্কারঃ।

গুণকর্ম্মণোর্নিষ্ক্রিয়ত্বমাহ।

এতেনেতি ক্রিয়াবদ্বৈধর্ম্ম্যোপলক্ষণার্থঃ। ক্রিয়াবদ্বৈধর্ম্ম্যমমূর্ত্তত্বং গুণকর্ম্মণোরপীতি তে অপি নিষ্ক্রিয়ত্বেন ব্যাখ্যাতে ইত্যর্থঃ॥ ২২॥

নিষ্ক্রিয়াণাং সমবায়ঃ কর্ম্মভ্যো নিষিদ্ধঃ॥ ২৩ ॥

অনুবাদ।

নিষ্ক্রিয় বস্তুর সম্বন্ধ সমবায়, তাহা কর্ম্ম হইতে নিষিদ্ধ—অর্থাৎ কর্ম্ম-জন্য নহে। ২৩।

ব্যাখ্যা।

গুণ কর্ম্ম নিষ্ক্রিয় হইলে, কোন্ সম্বন্ধে গুণাদি থাকিবে—স্পন্দন ব্যতীত সংযোগ অসম্ভব, এই আপত্তি খণ্ডনের জন্য কথিত হইতেছে;—সমবায়ই তাহার সম্বন্ধ, সমবায় নিত্য, তাহা সংযোগের ন্যায় কর্ম্মাধীন নহে। ২৩।

উপস্কারঃ।

ননু গুণকর্ম্মণী যদি নিষ্ক্রিয়ে তদা তাভ্যাং দ্রব্যস্য কথং সম্বন্ধঃ, সংযোগসম্বন্ধঃ সম্ভাব্যেত স চ কর্ম্মাধীন এবেত্যত আহ।

নিষ্ক্রিয়াণাং গুণকর্ম্মণাং সমবায় এব সম্বন্ধঃ স চ কর্ম্মভ্যো নির্বৃত্তঃ তস্য সম্বন্ধস্য উৎপত্তিরেব নাস্তি দূরে তু কর্ম্মাধীনত্বেত্যর্থঃ ॥ ২৩ ॥

কারণন্ত্বসমবায়িনো গুণাঃ ॥ ২৪ ॥

অনুবাদ।

গুণ সকল সমবায়ি-(কারণ) নহে, পরন্তু কারণ। ২৪।

ব্যাখ্যা।

কর্ম্ম যে আশ্রয়ে উৎপন্ন হয়, তাহা কর্ম্মের সমবায়িকারণ, গুণ—কর্ম্মের সমবায়িকারণ নহে, কর্ম্মের আশ্রয়ও নহে; তবে গুণ—কর্ম্মের অপর কারণ—অর্থাৎ অসমবায়িকারণ ও নিমিত্তকারণ হয় বটে কিন্তু অসমবায়িকারণ ও নিমিত্তকারণ—সমবেত বস্তুর আশ্রয় হয় না। এই কারণেই কর্ম্মও কর্ম্মের আশ্রয় নহে। ভাবার্থ এই যে, এক দ্রব্য ব্যতীত কেহই সমবায়িকারণ হয় না, সুতরাং গুণ-কর্ম্মাদি দ্রব্য ব্যতীত অন্যত্রও থাকে না। ২৪।

উপস্কারঃ।

ননু যদ্যমূর্ত্তত্বাৎ গুণাঃ কর্ম্মসমবায়িকারণং ন ভবন্তি তদা গুণৈর্গুণাঃ কর্ম্মাণি চ কথমুৎপদ্যন্তে ন হি সমবায়িকারণাতিরিক্তস্বরূপেণাপি কারণতা সম্ভবতীত্যত আহ।

গুণা অসমবায়িকারণং ন তু সমবায়িকারণমপি যেন কর্ম্মাধারাঃ স্যুঃ, সা চাসমবায়িকারণতা ক্বচিৎ কার্য্যৈকার্থসমবায়াৎ যথাত্মমনঃসংযোগস্যাত্মবিশেষগুণেষু সংযোগবিভাগশব্দানাং শব্দে, ক্বচিৎ কারণৈকার্থসমবায়াৎ যথা কপালাদিরূপাদীনাং ঘটাদিরূপাদিষু ॥ ২৪ ॥

গুণৈর্দিগ্‌ব্যাখ্যাতা। ২৫।

অনুবাদ।

গুণ দ্বারা দিক্ বিবৃত হইল। ২৫।

ব্যাখ্যা।

ঐ দিকে লতা বিকম্পিত হইতেছে—এই যে প্রত্যয় ইহা দ্বারা দিক্ যে লতা-কম্পনের আশ্রয় স্থান, ইহা প্রমাণিত হইতেছে; সুতরাং দিক্‌কে নিষ্ক্রিয় বলা হয় কেন? যাহা ক্রিয়া—অর্থাৎ কম্পনাদির আশ্রয়, তাহাই ত ক্রিয়াবান্, এই আপত্তির উত্তরে বর্ত্তমান সূত্র। ঐ দিকে অপূর্ব্ব সৌরভ—এই প্রত্যয় থাকিলেও সৌরভ পুষ্প প্রভৃতিরই গুণ, পরন্তু দিকের নহে, ইহা যেমন স্থির—ঐ দিকে লতা বিকম্পিত হইতেছে—এই প্রত্যয় থাকিলেও ঐ কম্পন দিকের কর্ম্ম নহে, লতারই কর্ম্ম, ইহাও স্থির; তবে যে আশ্রয়রূপে প্রত্যয় হয় তাহা

বৈশিষ্ট্য সম্বন্ধমূলক। সমবায়-সম্বন্ধে কর্ম্ম দিক্ প্রভৃতিতে নাই—ইহাই নিষ্ক্রিয় শব্দের অর্থ। ২৫।

উপস্কারঃ।

নন্বিহ কর্ম্মোৎপদ্যতে ইদানীং কর্ম্মোৎপদ্যতে ইত্যাদিপ্রতীতিবলাৎ দিক্কালাবপি কর্ম্ম-সমবায়িকারণে এব কথমন্যথা তত্র তয়োরাধারত্বেত্যত আহ।

যথা গুরুত্বাদয়ো গুণা ন কর্ম্মসমবায়িকারণমমূর্ত্তত্বাৎ তথা দিগপি ন কর্ম্মসমবায়িকারণ-মমূর্ত্তত্বাদেবেত্যর্থঃ। আধারতা তু সমবায়িতামন্তরেণাপি, কুণ্ডে বদরাণি, কুণ্ডে দধি, বনে সিংহনাদ ইত্যাদিবদুপপদ্যত ইতি ভাবঃ॥ ২৫॥

কারণেন কালঃ। ২৬।

অনুবাদ।

কারণ দ্বারা অর্থাৎ কারণতা দ্বারা কাল বিবৃত হইল। ২৬।

ব্যাখ্যা।

এই সময়ে মলয় মারুত প্রবাহিত হয়—এই যে প্রত্যয় ইহা দ্বারা প্রমাণিত হইতেছে—কাল মলয় মারুত স্পন্দনের হেতু,—মলয়মারুতস্পন্দন যে কালে সমবায়-সম্বন্ধে আছে—তাহা নহে। অতএব কালও নিষ্ক্রিয়। ২৬।

পঞ্চম অধ্যায় দ্বিতীয় আহ্নিক সমাপ্ত।

পঞ্চম অধ্যায় সমাপ্ত। ৫।

উপস্কারঃ।

উক্তেনৈবাভিপ্রায়েণাহ।

নিষ্ক্রিয়ত্বেন ব্যাখ্যাত ইতি পরিণম্যানুষঙ্গঃ' কারণেনেতি ভাবপ্রধানো নির্দ্দেশঃ তেন নিমিত্ত-কারণত্বেনাধারমাত্রং কর্ম্মণঃ কালো ন তু সমবায়ীত্যর্থঃ॥ ২৬॥

ইতি শ্রীশাঙ্করে বৈশেষিকসূত্রোপস্কারে পঞ্চমাধ্যায়স্য দ্বিতীয়মাহ্নিকম্।

সমাপ্তশ্চায়ং পঞ্চমাধ্যায়ঃ।

ষষ্ঠাধ্যায়ে প্রথমাহ্নিকম্।

বুদ্ধিপূর্ব্বা বাক্যকৃতির্বেদে। ১।

অনুবাদ।

বেদবাক্যরচনা বুদ্ধিপূর্ব্বক (হইয়াছে)। ১।

ব্যাখ্যা।

প্রথমেই ধর্ম্ম-ব্যাখ্যা প্রতিজ্ঞাত হইয়াছে। ধর্ম্মতত্ত্ব-কথনই ধর্ম্ম-ব্যাখ্যা। ধর্ম্মতত্ত্ব বলিতে হইলে, ধর্ম্মের ফল, প্রমাণ, স্বরূপ, হেতু, এবং বিরোধী সকলই বলিতে হয়। ধর্ম্মব্যাখ্যান-প্রসঙ্গে ফলের কথা বলা হইয়াছে। কেননা, শিষ্য-দিগের ফল-জিজ্ঞাসা বলবতী ছিল। তৎপ্রসঙ্গে অনেক কথাই বলা হইয়াছে। প্রসঙ্গাগত অবশিষ্ট অনেক কথা পশ্চাৎ বিবৃত হইবে, এক্ষণে প্রমাণাদির কথা যাহা বক্তব্য আছে তাহা কথিত হইতেছে। এই সূত্রের ভাবার্থ এই যে,—ধর্ম্ম বা তদ্বিরোধী অর্থাৎ অধর্ম্মের প্রমাণ বেদ। বেদ ঈশ্বরকৃত। ঈশ্বর যাহা বলিয়াছেন, তাহা অভ্রান্ত। ঈশ্বর যখন বলিয়াছেন, 'স্বর্গকামো যজেত'—যাগ স্বর্গকামী পুরুষের ইষ্টসিদ্ধির কারণ,—তখন অবশ্যই ধর্ম্ম আছে। যাগ-কর্ম্ম অল্প সময়েই পরিসমাপ্ত হয়, স্বর্গ—মৃত্যুর পর হইয়া থাকে—সুতরাং যাগ হইবার পঞ্চাশ বৎসর পরেও স্বর্গ হইতে পারে, পরন্তু এই স্বর্গের অব্যবহিত পূর্ব্বক্ষণে যাগ সাক্ষাৎ সম্বন্ধে থাকে না, অথচ তাহা স্বর্গরূপ ইষ্টসিদ্ধির কারণ। সুতরাং কোন একটী পরম্পরা সম্বন্ধে যাগকে অব্যবহিত পূর্ব্বক্ষণে—রাখিতে হইবে, নতুবা কার-ণই হইবে না। সেই পরম্পরাসম্বন্ধ স্বজন্য ব্যাপার। অর্থাৎ যাগ-জন্য এমন একটা কিছু হয়—যাহা স্বর্গের অব্যবহিত পূর্ব্বক্ষণ পর্য্যন্ত থাকে, সেই যে কিছু অর্থাৎ বিহিত কর্ম্মের সেই যে ব্যাপার তাহাই ধর্ম্ম। পক্ষান্তরে যাহা নিষিদ্ধ অর্থাৎ 'গাং মা বধিষ্ঠাঃ' গোহত্যা করিও না—এই যে বেদের নিষেধ ইহা দ্বারা গোবধ যে অনিষ্টহেতু ইহা বুঝান হইয়াছে। কিন্তু কোন্ অনিষ্টের হেতু—মাংসভোজনাদিরূপ ইষ্টসাধক হইয়াও তাহা অনিষ্টের হেতু হইল কেন?—না তাহা নরকের কারণ। কিন্তু এই যে নরক ইহা ত মৃত্যুর পর হইবে, গোহত্যা নরকের হেতু হয় কিরূপে?—কেননা তাহা ও নরকের অব্যবহিত পূর্ব্বক্ষণে থাকিতেছে না। সুতরাং এখানেও গোহত্যা করিলে

এমন একটা কিছু হয় যাহা নরকের অব্যবহিত পূর্ব্বক্ষণে থাকে। তাহাই অর্থাৎ নিষিদ্ধকর্ম্ম-জন্য যে ব্যাপার—তাহাই অধর্ম্ম। তবেই দেখ এই বেদবাক্যই ধর্ম্মাধর্ম্মের প্রমাণ। কিন্তু বেদ যে অভ্রান্ত তাহা বুঝিতে হইলে, বেদকে ঈশ্বর-প্রণীত স্থির করিতে হয়, বেদকে যাঁহারা নিত্য বলেন, তাঁহাদের মতে বেদকে প্রমাণরূপে সংস্থাপিত করা সহজ হয় না; কেননা—দেখিতে পাওয়া যায়, যে ব্যক্তি যে বিষয়ে অভ্রান্ত ও অপ্রতারক তাহার বাক্যই, যোগ্য শ্রোতার প্রমা-জ্ঞান উৎপাদনে সমর্থ; অর্থাৎ সেই বাক্য প্রমাণবাক্যরূপে গণ্য হয়, নতুবা নহে; বেদবাক্য সেইরূপ হইলেই তাহাকে প্রমাণ বলিতে পারা যায়। বেদ নিত্য হইলে—তাহাকে প্রমাণ বলিয়া নিশ্চয় করিতে হইলে, তাহার প্রসিদ্ধ দৃষ্টান্ত মিলে না,—সুতরাং তাহাকে প্রমাণ বলিয়া প্রতিপন্ন করা দুর্ঘট হইয়া উঠে। এইজন্য মহর্ষি বলিতেছেন—যেমন সকল সত্য বাক্য রচনাই বুদ্ধিপূর্ব্বক অর্থাৎ বাক্যার্থ-জ্ঞানপূর্ব্বক হইয়া থাকে—বেদবাক্যও সেইরূপ। বরিশালে স্বদেশী আন্দোলন প্রবল, যে ব্যক্তি এই বাক্য প্রথম প্রয়োগ করে, তাহার এই বাক্যার্থে জ্ঞান থাকা চাই। তেমনই 'স্বর্গকামো যজেত' 'গাং মা বধিষ্ঠাঃ' ইত্যাদি বেদ-বাক্যও বক্তার বাক্যার্থজ্ঞানপূর্ব্বক উচ্চরিত। সেই বাক্যার্থ—ধর্ম্ম-অধর্ম্ম-স্বর্গ ইত্যাদি সাধারণ বক্তার পরিজ্ঞাত নহে। সৃষ্টির প্রারম্ভেও উহা যাঁহার পরিজ্ঞাত, তিনি বেদবক্তা, তিনি ঈশ্বর। বেদ সেই ঈশ্বরের বাক্য—ধর্ম্মাধর্ম্ম তাহারই প্রতিপাদ্য। এতদপেক্ষা ধর্ম্মাধর্ম্মের প্রবল প্রমাণ আর কি হইতে পারে। ১।

উপস্কারঃ।

সংসারমূলকারণয়োর্দ্ধর্ম্মাধর্ম্ময়োঃ পরীক্ষা ষষ্ঠাধ্যায়ার্থঃ। ধর্ম্মাধর্ম্মৌ চ "স্বর্গকামো যজেত" "ন কলঞ্জং ভক্ষয়েৎ" ইত্যাদিবিধিনিষেধবলকল্পনীয়ৌ। বিধিনিষেধবাক্যয়োঃ প্রামাণ্যে সতি স্যাতাং, তৎপ্রামাণ্যঞ্চ বক্তৃর্যথার্থবাক্যার্থজ্ঞানলক্ষণগুণপূর্ব্বকত্বাদুপপদ্যতে স্বতঃ প্রামাণ্যস্য নিষেধাদতঃ প্রথমং বেদপ্রামাণ্যপ্রযোজকগুণসাধনমুপক্রমতে।

বাক্যকৃতির্বাক্যরচনা সা বুদ্ধিপূর্ব্বা বক্তৃযথার্থবাক্যার্থজ্ঞানপূর্ব্বা বাক্যরচনাত্বাৎ নদীতীরে পঞ্চ ফলানি সন্তীত্যস্মদাদিবাক্যরচনাবৎ, বেদ ইতি বাক্যসমুদায় ইত্যর্থঃ। তত্র সমুদায়িন্যাং বাক্যানাং কৃতিঃ পক্ষঃ, ন চাস্মদাদিবুদ্ধিপূর্ব্বকত্বেনান্যথাসিদ্ধিঃ, "স্বর্গকামো যজেত" ইত্যাদাবিষ্টসাধনতায়াঃ কার্য্যতায়া বা অস্মদাদিবুদ্ধ্যগোচরত্বাৎ, তেন স্বতন্ত্রপুরুষপূর্ব্বকত্বং বেদে সিধ্যতি, বেদত্বঞ্চ শব্দতদুপজীবিপ্রমাণাতিরিক্তপ্রমাণজন্যপ্রমিত্যবিষয়ার্থকত্বে সতি শব্দজন্যবাক্যার্থজ্ঞানাজন্যপ্রমাণশব্দত্বম্ ॥ ১ ॥

পরিষ্কারঃ।

ধর্ম্মাধর্ম্মাবিতি। তথাহি যাগঃ কলঞ্জভক্ষণং বা স্বজন্যব্যাপারবত্ত্বসম্বন্ধেন ফল-

জনকঃ, সাক্ষাৎসম্বন্ধেন ফলোৎপত্তিপ্রাক্ক্ষণাবৃত্তিত্বে সতি ফলজনকত্বাৎ স্মৃতিজনকানুভববৎ ইত্যয়ং প্রয়োগঃ। বিধিবলং স্বর্গরূপফলজনকস্য যাগবৃত্তিত্বরূপং, নিষেধবলং কলঞ্জভক্ষণস্য নরকজনকত্বরূপম্। তেন কল্পনীয়ৌ হ্যনুমেয়ৌ। অনুমানপ্রয়োগশ্চোক্তঃ। 'প্রামাণ্যে' প্রমিতিকরণত্বে। 'তৎপ্রামাণ্যং' তজ্জন্যপ্রমাত্বম্। তদ্বাক্যজন্যশব্দপ্রমাং প্রতি তদ্বাক্যোচ্চারয়িতৃনিষ্ঠতদ্বাক্যার্থবিষয়কযথার্থজ্ঞানস্য প্রমাপরনামকস্য বিষয়তাসম্বন্ধেন কার্য্যকারণভাবঃ। গুণরূপবিশেষকারণসহিতজ্ঞানকারণত্বোমাৎ প্রমোৎপত্তির্দোষাচ্চ ভ্রমোৎপত্তিস্তথাচ তথাবিধগুণপূর্ব্বকত্বেন তচ্ছব্দবোধস্য প্রমাত্বোপপত্ত্যা তৎকরণে প্রামাণ্যমব্যাহতম্। ইদন্তু প্রাচাং মতম্। 'স্বতঃ' জ্ঞানসামান্যসামগ্রীমাত্রাৎ। নিষেধাদিত্যন্তস্য প্রমায়া জ্ঞানসামান্যসামগ্রীজন্যত্বনিষেধাদিত্যর্থঃ। জ্ঞানসামান্যসামগ্রীজন্যত্বং চ জ্ঞানসাক্ষাদ্বিভাজকোপাধ্যনবচ্ছিন্নজ্ঞাননিষ্ঠকার্য্যতাপ্রতিযোগিককারণতানিরূপিতজন্যত্বম্। তন্নিষেধশ্চ, জ্ঞানসামান্যসামগ্রীজন্যত্বেনাপ্রমায়া অপি প্রমাত্বাপত্তেরিতি ভাবঃ। অথবা মতান্তরে শাব্দবোধে বাক্যার্থযথার্থজ্ঞানবদুচ্চরিতত্বনিশ্চয়বৎ শাব্দপ্রমায়াং বাক্যার্থযথার্থজ্ঞানবদুচ্চরিতত্বপ্রমা হেতুঃ। হেতুভূতা প্রমা চ বক্তুর্বাক্যার্থযথার্থজ্ঞানং বিনা নোপপদ্যত ইত্যাশয়েনোক্তং বক্তুর্বাক্যার্থযথার্থজ্ঞানলক্ষণগুণপূর্ব্বকত্বাদিতি। ন চ বৈশেষিকমতে শব্দস্যাপ্রমাণত্বাৎ শব্দপ্রামাণ্যোপপাদনমযুক্তমিতি বাচ্যং শব্দস্যাপি অনুমানত্বাবান্তরপ্রমাণত্বাভ্যুপগমাৎ শব্দে প্রমাণান্তরত্বস্যৈব বৈশেষিকাসম্মতত্বাৎ। ন চ তথাপি অনুমিতৌ সাধ্যবিশিষ্টপক্ষধর্ম্মিকপরামর্শস্য গুণত্বাৎ বৈশেষিকমতসিদ্ধানুমিতিবিশেষরূপশাব্দে বক্তুর্যথার্থবাক্যার্থজ্ঞানস্য গুণত্বকথনং বিরুধ্যত ইতি বাচ্যং সাধ্যাদিভেদেনানুমিতিগুণয়োঃ কার্য্যকারণভেদাবশ্যকতয়া পদার্থসংসর্গাবগাহ্যনুমিতৌ পদার্থধর্ম্মিকমিথঃসংসর্গানুমিতৌ বা প্রমারূপায়াং বক্তৃযথার্থবাক্যার্থজ্ঞানলক্ষণগুণস্য কারণত্বমন্যত্র তু সাধ্যবিশিষ্টপক্ষে প্রকৃতপরামর্শরূপস্যেতি বিশেষস্যাভ্যুপগম্যত্বাৎ। যদ্বা তৎপ্রামাণ্যমিতি তন্নিষ্ঠং প্রমাণত্বমিত্যর্থঃ। শব্দে প্রমাণান্তরত্বমেব বৈশেষিকানভিমতং ন ত্বনুমানত্বমপীত্যুক্তম্। তদ্বিশেষ্যকতৎসংসর্গকতৎপ্রকারকপ্রমাণশব্দং প্রতি বাক্যাত্মকশব্দসামান্যজনকস্য তদ্বিশেষ্যকতৎসংসর্গকতৎপ্রকারকযথার্থজ্ঞানস্য পরম্পরয়া জনকতায়াঃ শব্দবিশেষণীভূতপ্রামাণ্যজনকতারূপত্ব এব পর্য্যবসানমিত্যভিপ্রেত্যাহ বক্তুরিতি। বাক্যার্থযথার্থজ্ঞানে গুণত্বোক্তিস্তু শব্দসামান্যাজনকত্বে সতি প্রমাণশব্দজনকতামাত্রেণেতি ভাবঃ। প্রমাণশব্দস্য বাক্যার্থযথার্থজ্ঞানজন্যত্বং যথা ভবতি তদুচ্যতে যেন কেনাপি

প্রমাণেন প্রথমতো বক্তুর্বাক্যার্থবিষয়কযথার্থজ্ঞানং ততো বাক্যার্থপ্রমাবিষয়কজ্ঞানং ততঃ পরস্য বাক্যার্থপ্রমা ভবত্বিতি বাক্যার্থপ্রমেচ্ছা, ততোঽন্যদীয়বাক্যার্থপ্রমারূপং যৎ স্বস্যেষ্টং তৎসাধনতাজ্ঞানাৎ বাক্যে ইচ্ছা, ততো বাক্যরূপেষ্টসাধনতাজ্ঞানাৎ কৃতিসাধ্যতাজ্ঞানসহকৃতাৎ কণ্ঠাভিঘাতাদৌ চিকীর্ষা, ততঃ কণ্ঠাভিঘাতাদিসাধিকা কণ্ঠাদ্যুপাদানকপ্রবৃত্তিঃ, ততঃ কণ্ঠাদিচেষ্টাবিভাগাদিক্রমেণ কণ্ঠাভিঘাতাদ্যুৎপত্তিঃ, ততঃ প্রমাণশব্দাত্মকবাক্যোৎপত্তিরিতি। ঈশ্বরস্য জীবাদৃষ্টাধীন-ব্রহ্মাদিশরীরাবচ্ছেদেন জন্যেচ্ছাদিস্বীকারাদিয়ং রীতির্বেদবাক্যোৎপত্তিসাধারণী। নিত্যেচ্ছাজ্ঞানয়োঃ তত্তৎকালতত্তচ্ছরীরাবচ্ছিন্নত্বসম্বন্ধস্য কারণসাপেক্ষত্বাভ্যুপগমাৎ ক্রৈমী বা জন্যতেতি নানুপপত্তিঃ। 'স্বতঃ প্রামাণ্যস্য' শব্দসামান্যসামগ্রীমাত্র-জন্যপ্রামাণ্যস্য। তৎপ্রামাণ্যকৈত্যাদের্নিষেধাদিত্যন্তস্য সন্দর্ভস্যায়মর্থঃ। 'বেদপ্রামাণ্যপ্রয়োজকগুণসাধনং' বেদবাক্যে প্রামাণ্যপ্রয়োজকং গুণপূর্ব্বকত্ব-সাধনম্। 'বাক্যরচনা' বাক্যোদ্দেশ্যকপ্রবৃত্তিঃ। বুদ্ধিপূর্ব্বেতি বাক্যার্থযথার্থজ্ঞান-পূর্ব্বিকজ্ঞানহেতুরিত্যর্থঃ। প্রবৃত্তেঃ স্বগোচরবাক্যেন শাব্দবোধজননাদিতি প্রথমকল্পসম্মতোঽর্থঃ। যদাকল্পে তু যথাশ্রুত এবার্থঃ। বাক্যরচনায়া বক্তৃযথার্থজ্ঞানপূর্ব্বকত্বং যথা তথানুপদমুপপাদিতম্। বাক্যরচনাত্বাদিতি আকাঙ্ক্ষাযোগ্যতাদিমৎপদসমূহরচনাত্বাদিত্যর্থঃ। প্রমাণবাক্যরচনাত্বাদিতি বা তেন বিপ্রলম্ভকবাক্যে ন ব্যভিচারঃ। বেদ ইতি সপ্তম্যর্থো ঘটকত্বম্। ইষ্টসাধনতায়াঃ ইতি ন্যায়মতম্, কার্য্যতায়া ইতি গুরুমতম্। ন্যায়মতে যজেতেত্যাখ্যাতার্থ ইষ্টসাধনত্বম্। গুরুমতে লিঙঃ কার্য্যে শক্তিঃ। তেন স্বর্গকামো যজেত ইতি বাক্যাৎ যাগস্য কার্য্যং স্বর্গকামকৃতিসাধ্যমিতি প্রথমং বোধঃ উত্তরকালস্তু যাগকার্য্যস্য স্বর্গকামকৃতিসাধ্যত্বং যাগস্য তথাত্বং বিনানুপপন্নমিত্যনুপপত্তিধীসহকৃতাদুক্তবাক্যাৎ যাগঃ স্বর্গকামস্য কৃতিসাধ্যঃ ইত্যাকারকঃ প্রবৃত্ত্যৌপয়িকো বোধো ভবতি। তদিদং কৃতিসাধ্যত্বমেব কার্য্যত্বং যজ্জ্ঞানং যাগকর্ম্মণি পুরুষং প্রবর্ত্তয়তি। ন চেয়ং কার্য্যতা অনুমানজন্যাস্মদাদিবুদ্ধিগোচরা, তথাহি যাগো মৎকৃতিসাধ্যঃ মৎকৃতিং বিনানুৎপদ্যমানত্বে সতি মদিষ্টসাধনত্বাৎ পাকবদিত্যনুমানপ্রয়োগ ইতি বাচ্যম্ এতদনুমিতের্ব্বাধধর্ম্মিকেষ্টসাধনত্বজ্ঞানাধীনত্বাৎ তজ্জ্ঞানস্য চাস্মদাদাবসম্ভবাৎ তদিষ্টস্য স্বর্গতয়া তস্য চাস্মদাদ্যগোচরত্বাৎ যাগে তৎসাধনত্বস্য বেদং বিনা কথমপি গ্রহীতুমশক্যত্বাচ্চ। 'তেন' ইতরবাধসহকৃতেন বাক্যার্থযথার্থজ্ঞানবতো বক্তৃত্বেন। শব্দেতি, শব্দজ্ঞানেত্যর্থঃ। শব্দজ্ঞানাদিতি

রিক্তং শব্দজ্ঞানোপজীবিপ্রমাণাতিরিক্তঞ্চ যৎ প্রমাণং, তজ্জন্যপ্রমিতিবিষয়ার্থকে
বস্তদন্যত্বে সতি শব্দজন্যবাক্যার্থজ্ঞানেনাজন্যো যঃ প্রমাণশব্দস্তত্ত্বমিত্যর্থঃ
ব্যাসাদিচাক্ষুষাদিপ্রত্যক্ষজন্যে দৃষ্টার্থকভারতাদাবতিব্যাপ্তিবারণায় সত্যন্তম্ ।
নৈবং দৃষ্টার্থকবেদভাগেঽব্যাপ্তিরিতি বাচ্যং পরৈস্তথাবিধাংশস্য বেদত্বা
নভ্যুপগমাৎ । ন চ তন্মতে দৃষ্টার্থকবেদমন্ত্রাদেঃ শূদ্রাদিকর্তৃকাধ্যয়নং প্রসজ্যেতেতি
বাচ্যং পুরাণপাঠবৎ তৎপাঠাদিনিষেধস্য বাচনিকত্বাৎ প্রমিত্যবিষয়ার্থকত্বমাত্রোক্তাব
সম্ভব ইতি জন্যান্তং প্রমিতিবিশেষণম্ । শব্দজ্ঞানাতিরিক্তত্বমাত্রস্য প্রমাণবিশেষণে
বেদস্যানুমিতিবিষয়ার্থকত্বাদসম্ভবঃ । অদৃষ্টসাধকানুমানাকারশ্চ দর্শিতঃ । শব্দোপ
জীবিপ্রমাণাতিরিক্তত্বমাত্রস্য প্রমাণবিশেষণত্বেঽপ্যসম্ভবঃ শব্দজ্ঞানোপজীবিপ্রমাণ
তিরিক্তেন প্রমাণেন বেদাদ্যাত্মকশব্দজ্ঞানেন বেদার্থস্য প্রমাপণাৎ । অত
শব্দতদুপজীবিপ্রমাণাতিরিক্তেতি অতিরিক্তত্বপ্রতিযোগিপ্রমাণপদং ভেদকূটলাভ
র্থায় । বিশেষ্যদলে চাজন্যান্তং বেদার্থং নিশ্চিত্য প্রতীতেষদৃষ্টার্থকভারতাদি
ভাগবিশেষেষতিব্যাপ্তিবারণায় । নিরর্থকে শব্দেঽতিব্যাপ্তিবারণায় প্রমাণেতি
শব্দবিশেষণম্ । শব্দজ্ঞানোপজীবিপরামর্শাতিব্যাপ্তিবারণায় শব্দেতি বিশেষ্য
পদম্ । অত্রোপজীবিত্বং পরম্পরয়া প্রযোজ্যত্বমাত্রম্ । প্রমাণাতিরিক্তপ্রমাণ
জন্যপ্রমিতিশব্দশ্চ জ্ঞানাতিরিক্তজ্ঞানপরঃ । যথাশ্রুতার্থে গৌরবাৎ । শব্দজ্ঞান
প্রযোজ্যেত্যত্র স্বজন্যজ্ঞানসমানাকারকজ্ঞানজনকত্বেন শব্দো বিশেষণীয়ঃ । স্বপদ
মন্যত্বপ্রতিযোগিবাক্যপরম্ । তেনাদৃষ্টস্য কার্য্যমাত্রে হেতুতয়া জ্ঞানমাত্রস্যৈবাদৃষ্ট
দ্বারা পরম্পরয়া গঙ্গাস্নানাদিবোধকবিধিবাক্যজ্ঞানপ্রযোজ্যত্বেঽপি ন তাদৃশজ্ঞানান্য
জ্ঞানাপ্রসিদ্ধিরিতি । বিস্তরস্তু রহস্যেঽনুসন্ধেয়ঃ । ব্রহ্মাদিশরীরাবচ্ছেদেশ্বরস
জন্যপ্রমাঙ্গীকর্তৃমতে শব্দতদুপজীবিপ্রমাণশব্দঃ তথাবিধেশ্বরপ্রমাসাধনস্যাপ্যুপ
লক্ষক ইতি ধ্যেয়ম্ । অথবা শব্দতদুপজীবিপ্রমাণাতিরিক্তপ্রমাণশব্দঃ লৌকিক
সন্নিকর্ষপরঃ, লৌকিকসন্নিকর্ষজন্যপ্রমিতিবিষয়ার্থকান্যত্বে সতীতি সত্যন্তদলস্যার্থঃ
তেন শ্রবণেন্দ্রিয়জন্যোপনীতভানবিষয়ার্থকে বেদভাগে নাব্যাপ্তির্বা আত্মমনো
জন্যানুমিতিবিষয়ার্থকেষু সর্ব্বেষু বেদভাগেষসম্ভবঃ । বেদত্বং বিশিষ্টানুপূর্ব্বীমৎ
সন্দর্ভবৃত্তিরখণ্ডোপাধিরিত্যুত্তানাঃ । আচার্য্যাস্তু অনুপলভ্যমানমূলান্তরত্বে সতি
মহাজনপরিগৃহীতবাক্যত্বং বেদত্বমিত্যাহুঃ । তেন দৃষ্টার্থকবেদভাগস্যাপি সংগ্রহঃ
এতৎসূত্রোপস্কারেণ বেদজন্যবোধে প্রমাত্বস্য বেদবক্তরীশ্বরত্বস্য বেদে পৌরুষেয়ত্ব
চ সাধনপ্রকারঃ প্রদর্শিতঃ । ১।

ব্রাহ্মণে সংজ্ঞাকর্ম্ম সিদ্ধিলিঙ্গম্। ২ ॥

অনুবাদ।

ব্রাহ্মণ-সম্প্রদায়ে জাত্যুচিত কর্ম্ম (প্রামাণ্য) সিদ্ধির হেতু। ২।

ব্যাখ্যা।

সকল সম্প্রদায়ই আপন-আপন শাস্ত্রকে ঈশ্বরবাক্য বলে, অথচ সেই সকল শাস্ত্র পরস্পর বিরোধী, সুতরাং বেদকে যে ঈশ্বরবাক্য বলিয়া প্রমাণ স্বরূপ গ্রহণ করিব ইহা অসম্ভব। এইরূপ আপত্তির উত্তর প্রদত্ত হইতেছে;—ব্রাহ্মণের নাম ও কর্ত্তব্যের নির্দ্দেশপ্রসঙ্গে মনু প্রভৃতি মহর্ষিগণ বেদের পুনঃপুন উল্লেখ করিয়াছেন, বেদের প্রতি যথেষ্ট সম্মান দেখাইয়াছেন, অতএব বেদ প্রমাণ—অর্থাৎ মহাপুরুষগণের আদৃত বলিয়া বেদ প্রমাণ শাস্ত্র। একথাও বলা যাইতে পারে, ব্রাহ্মণ নির্লোভ নিষ্কাম অবঞ্চক, ধনার্থী নহেন, মানার্থী নহেন; ব্রাহ্মণ ধর্ম্মার্থী, ব্রাহ্মণ মোক্ষার্থী; অথচ ব্রাহ্মণ মনে করিলে সর্ব্ববিধ ঐহিক ধন মান ঐশ্বর্য্য গ্রহণ করিতে সমর্থ। সেই ব্রাহ্মণ যখন আপনার নামানুরূপ কর্ম্ম—বেদজ্ঞানের উপযুক্ত কর্ম্ম—আচরণে রত, সকল ধনমানে উপেক্ষা করিয়া শরীরকে শরীর জ্ঞান না করিয়া বেদোক্ত আচার রক্ষা করিয়া আসিতেছেন, তখন বেদের প্রামাণ্য অবশ্যই সিদ্ধ হইতেছে। যাঁহারা আত্মভোগসুখে জলাঞ্জলি দিয়া জগতের কল্যাণ-সাধনে রত, সেই মহাপুরুষ ব্রাহ্মণগণ সহস্র সহস্র বৎসর যে বেদকে মানিয়া আসিতেছেন, তাহাকে অপ্রমাণ বিবেচনা করা ঔদ্ধত্য মাত্র। যখন জগতের সর্ব্বত্র অজ্ঞানের অন্ধকার প্রগাঢ়, তখন যে বেদ জ্ঞানরশ্মি বিতরণ দ্বারা এক ব্রাহ্মণ-জগৎকে আলোকিত করিয়া রাখিয়াছিলেন,—সেই আলোকের অল্প বিস্তর রশ্মি ইতস্ততো নিপতিত হইয়া অসম্পূর্ণ মানবের অসম্পূর্ণ ধর্ম্মশাস্ত্ররূপে বিরাজিত হইয়াছে, সেই সর্ব্বজ্ঞানের প্রথম জননী বেদসংহিতা—যদি প্রমাণ বাক্য না হয় ত জগতে কোন শাস্ত্রই প্রমাণ হইতে পারে না, ঈশ্বরবাক্য যদি কিছু থাকে ত এক বেদই সেই ঈশ্বরবাক্য, কেননা তাহা যুগযুগান্তর ধরিয়া মহাপুরুষ ব্রাহ্মণগণের আদৃত।

এই সূত্রের উপস্কারসম্মত অর্থ এই যে,—ব্রাহ্মণ অর্থাৎ বেদের একাংশে যে বিবিধ নাম ব্যবহার আছে, তাহা নামকর্ত্তার বস্তুজ্ঞানের পরিচায়ক; কেননা উহা বস্তুজ্ঞানসাপেক্ষ। ২।

উপস্কারঃ।

প্রকারান্তরেণবেদবাক্যানাং বুদ্ধিপূর্ব্বকত্বমাহ।

ব্রাহ্মণমিহ বেদভাগস্তত্র যৎ সংজ্ঞাকর্ম্ম নামকরণং তৎ ব্যুৎপাদকস্য বুদ্ধিমাক্ষিপতি যথা লোকে লম্বকর্ণ-দীর্ঘনাস-লম্বগ্রীবাদিনামকরণম্ ॥ ২ ॥

পরিষ্কারঃ ।

বুদ্ধিমাক্ষিপতি জ্ঞানমনুমাপয়তি। সূত্রস্যার্থান্তরস্তু ব্রাহ্মণে ব্রহ্ম জানাতীত্যুক্তে বর্ণশ্রেষ্ঠে সংজ্ঞা তদনুরূপং কর্ম্ম চ বেদপাঠাদিকং মন্বাদিমহাজনব্যবস্থাপিতং সিদ্ধিলিঙ্গং বেদপ্রামাণ্যানুমাপকম্। মহাজনপরিগৃহীতত্বাদ্বেদস্য প্রামাণ্যমিতি ভাবঃ। অতএব ম্লেচ্ছাদিশাস্ত্রস্য ঈশ্বরবক্তৃকত্বেন তৈরুক্তস্যাপি ন প্রামাণ্যং নহি তেষাং ব্রাহ্মণ্যং মহাজনত্বং বা সম্ভবতীতি ভাবঃ। ২।

বুদ্ধিপূর্ব্বো দদাতিঃ ॥ ৩ ॥

অনুবাদ।

দান বুদ্ধিপূর্ব্বক (হইয়া থাকে)। ৩।

ব্যাখ্যা।

ব্রাহ্মণোচিত কর্ম্ম ব্রাহ্মণেরা মহর্ষিগণের উপদেশে বেদশাস্ত্রানুসারে অনুষ্ঠান করেন, ইহা পূর্ব্বসূত্রে বুঝা গিয়াছে—এক্ষণে উদাহরণস্বরূপ—দুইটী সূত্র উল্লিখিত হইয়াছে। ধন কত ক্লেশে অর্জ্জন করিতে হয় এবং কিরূপ মমতার বস্তু তাহা সংসারী মাত্রেই জ্ঞাত আছেন। সে ধন যে অকাতরে প্রদত্ত হয়, তাহা বেদেরই শাসন-জ্ঞান-মূলক, সন্দেহ নাই, এইরূপ পরম্পরাগত ব্যবহার বেদের প্রামাণ্য জ্ঞাপক। ৩।

উপস্কারঃ।

প্রকারান্তরমাহ।

"স্বর্গকামো গাং দদ্যাৎ" ইত্যাদৌ যদ্দানপ্রতিপাদনং তদ্দানেষ্টসাধনতাজ্ঞানজন্যং দদাতিরিতি ধাতুনির্দ্দেশো ধাত্বর্থং দানমুপলক্ষয়তি ॥ ৩ ॥

পরিষ্কারঃ।

বিশেষব্যুৎপাদনায় সূত্রদ্বয়ী। দানমিতি দানঘটিতশ্রুতিমিত্যর্থঃ। অত্রার্থান্তরং দানপ্রতিগ্রহব্যাখ্যানাং পরম্পরাপ্রচলিতানাং ব্যবস্থানুগমাদপি, স্মৃতিপ্রামাণ্যান্তমূলবেদপ্রামাণ্যমনুমেয়মিত্যাহ বুদ্ধিপূর্ব্ব ইতি। নহি দানং সর্ব্বস্মৈ ক্রিয়তে নচ সর্ব্বতঃ সর্ব্বদা প্রতিগ্রহঃ। কথমেবং ব্যবস্থা বেদপ্রামাণ্যং বিনা পূর্ব্বোক্তং ঘটেতেতি ভাবঃ। ৩। ৪।

তথা প্রতিগ্রহঃ॥ ৪ ॥

অনুবাদ।

প্রতিগ্রহ(ও) সেইরূপ। ৪।

ব্যাখ্যা।

দানবৎ প্রতিগ্রহও বেদশাসন সম্মানিত। কতকগুলি বস্তু প্রতিগ্রহ করিতে আছে কতকগুলি বস্তু প্রতিগ্রহ করিতে নাই; কোন জাতির বা ব্যক্তির নিকট প্রতিগ্রহ করিতে আছে, কোথাও বা নাই; এই সকল বিবেচনা করিয়া ধনার্থী যে প্রতিগ্রহ করিয়া থাকে, তাহাও বেদের শাসনজ্ঞানমূলক। অতএব মহাপুরুষ-নিষেবিত বলিয়া বেদকে প্রমাণ বলিতে হয়। ৪।

উপস্কারঃ।

প্রমাণান্তরমাহ।

প্রতিগ্রহপ্রতিপাদিকা অপি শ্রুতয়ো বুদ্ধিপূর্ব্বিকাঃ; প্রতিগ্রহপদং স্ববিষয়াং শ্রুতিমুপলক্ষয়তি তেন ভূম্যাদিপ্রতিগ্রহপ্রতিপাদিকাঃ শ্রুতয়ঃ প্রতিগ্রহীতুঃ শ্রেয়ঃসাধনতাপরাঃ কৃষ্ণসারচর্ম্মাদিপ্রতিগ্রহপ্রতিপাদিকাঃ শ্রুতয়ঃ প্রতিগ্রহীতুরনিষ্টসাধনতাবোধিকাঃ। নচেষ্টানিষ্টসাধনত্বে অর্বাচীনপুরুষবুদ্ধিগোচরৌ ভবিতুমর্হতঃ॥ ৪॥

আত্মান্তরগুণানামাত্মান্তরে কারণত্বাৎ॥ ৫ ॥

অনুবাদ।

যেহেতু, আত্মান্তরের গুণ আত্মান্তরের (কার্য্যের) কারণ নহে, (অতএব শাস্ত্রপ্রামাণ্যজ্ঞানই হেতু বলিতে হইবে)। ৫।

ব্যাখ্যা।

দান পরকীয় দুঃখমোচনের জন্য, পরের অভাব হইয়াছে তাঁহার জন্যই লোকে দান করে, শাস্ত্রের প্রামাণ্যজ্ঞান তাহার হেতু নহে; ইহাই আপত্তি। এই আপত্তির খণ্ডন এই যে—অন্য আত্মাতে যে দুঃখাদি হয়, তাহা পরকীয় প্রবৃত্তির হেতু হয় না। যে দানপ্রবৃত্ত—সেই আত্মায় এমন কোন জ্ঞান রাখিতে হইবে যাহা প্রবৃত্তির হেতু। সেই জ্ঞান ইষ্টসাধনতা-জ্ঞান, সেই যে ইষ্টসাধনতা-জ্ঞান তাহা বেদাদর-মূলক—অর্থাৎ দান করিলে স্বর্গ হয়, এই প্রকার যে নিশ্চয় তাহাই দানপ্রবৃত্তির হেতু। এই নিশ্চয় বেদ-বিশ্বাস হইতেই জন্মে। নতুবা একের দুঃখ হইল, আর অপরের দান করিতে প্রবৃত্তি হইল, এমনটী ঘটে না; সেই প্রবৃত্তির মূলে দাতার জ্ঞান আবশ্যক। ৫।

উপস্কারঃ।

ইদানীং "শাস্ত্রদেশিতং ফলমনুষ্ঠাতরি" ইতি জৈমিনীয়ং সূত্রং সংবাদয়ন্নাহ॥

আত্মান্তরগুণানাং যাগহিংসাদিপুণ্যপাপানাম্ আত্মান্তরে যৌ সুখদুঃখাত্মকৌ গুণৌ তয়োর-কারণত্বাৎ এবঞ্চ প্রত্যাত্মনিষ্ঠাভ্যামেব ধর্ম্মাধর্ম্মাভ্যাং সুখদুঃখে, ন ব্যধিকরণাভ্যামন্যথা যেন যাগ-হিংসাদিকং ন কৃতং তস্য তৎ ফলং স্যাদিতি কৃতহানিরকৃতাভ্যাগমশ্চ প্রসজ্যেত, ননু নায়ং নিয়মঃ পুত্রেষ্টিপিতৃযজ্ঞাদৌ ব্যভিচারাৎ তথাহি পুত্রেণ কৃতস্য শ্রাদ্ধাদেঃ পিতরি ফলশ্রবণাৎ পিত্রা চ কৃতায়াঃ পুত্রেষ্টেঃ পুত্রে ফলশ্রবণাৎ, ন চ স্বর্গভাগিপিতৃকত্বস্য তেজস্বিপুত্রকত্বস্য চ ফলস্য পুত্র-পিতৃগামিতয়া সামানাধিকরণ্যমেবেতি বাচ্যং শ্রুতিবিরোধাৎ পিতৃতৃপ্ত্যাদেঃ পুত্রতেজস্বিত্বাদেরেব ফলস্য শ্রবণাৎ ফলান্তরস্য চ গৌরবপরাহতত্বাৎ, অস্তু তর্হ্যপূর্ব্বং ফলং কর্ত্তরি, স্বর্গস্তু পিতরীতি চেন্ন ব্যাপারস্য ফলসামানাধিকরণ্যনিয়মাৎ অন্যথা শ্রাদ্ধানন্তরং মুক্তে পুত্রে পিতুঃ স্বর্গো ন স্যাৎ, ন স্যাদিতি চেন্ন মুক্তে পিতরি সাঙ্গাদপি শ্রাদ্ধাৎ ফলং ন স্যাদিতি তুল্যত্বাৎ মৈব "শাস্ত্রদেশিতং ফলমনুষ্ঠাতরি" ইত্যস্যোৎসর্গত্বাৎ ক্বচিদ্ বলবতা বাধকেনাপোদ্যত্বাৎ প্রকৃতে চ পিতৃপুত্রগতফল-শ্রবণস্যৈব বাধকত্বাৎ, তথা সত্যতিপ্রসঙ্গ ইতি চেন্ন তাদৃশশ্রুতেরেবাতিপ্রসঙ্গনিবারকত্বাৎ। যত্তু মহাদানাদৌ স্বর্গমাত্রমেব ফলং তচ্চ যদুদ্দেশেন ক্রিয়তে তজ্জাতমপি ফলং জনয়তীতি যদুচ্যতে তত্রোৎসর্গে বাধকাভাবাৎ বাধকাভাবসহিতোৎসর্গস্য নিয়মত্বাৎ রাজাদীনামুপবাসাদ্যনুষ্ঠানা-নাপত্তেঃ পরদ্বারৈব তত্তৎকর্ম্মণাং স্বগতফলমুদ্দিশ্যানুষ্ঠানসম্ভবাৎ, সম্যগ্ গৃহস্থাশ্রমপরিপালনস্য ব্রহ্মলোকাবাপ্তিরূপে চ ফলে নিয়ম এব প্রাতিস্বিকফলাভিপ্রায়েণ তূৎসর্গাভিধানাৎ, বৃত্তিকারাস্তু "শাস্ত্রদেশিতম্" ইত্যাদিনিয়ম এব পিত্রাদীনান্তু যৎ ফলং তচ্ছ্রাদ্ধাদৌ ভোজিতানাং ব্রাহ্মণা-নামাশীর্ম্মন্ত্রানুভাবাৎ, "কৃতার্থাস্তে পিতরো ভূয়াসুঃ" ইতি পিতৃযজ্ঞে; পুত্রেষ্টৌ তু সন্তুষ্টানামৃত্বিজা-মাশীর্দানাং "তেজস্বী বর্চ্চস্ব্যন্নাদস্তে পুত্রো ভূয়াৎ" ইত্যাদেঃ, জাঙ্গলিকমন্ত্রপাঠাদিব সর্পদষ্টস্য বিষাপহরণমিত্যাহুঃ॥ ৫॥

পরিষ্কারঃ।

যেন যাগহিংসাদিকং ন কৃতং তস্য তৎফলং স্যাদিত্যাপত্ত্যা যেন যাগহিংসাদিকং কৃতং তস্যৈব তৎফলমিতি নিয়মো দ্যোত্যতে, নত্বয়ং ভবিতুমর্হতি ব্যভিচারাদিত্যা-শঙ্কতে নন্বিতি। পুত্রেষ্টিপিতৃযজ্ঞাদাবিতি। পিতৃযজ্ঞস্য পুত্রসাপেক্ষতয়া প্রথমং পুত্রেষ্ট্যুল্লেখঃ। পিতৃযজ্ঞে গৌরবপ্রদর্শনায় পশ্চাদুক্তস্যাপি পিতৃযজ্ঞস্য প্রথমং ব্যভিচারবিবরণম্। অত্র কশ্চিদুত্তরয়তি অস্ত্বিতি। অপূর্ব্বরূপফলং যাগহিংসাদিক-কৈককর্তৃনিষ্ঠং ভবতীতি ন নিয়মব্যাঘাত ইত্যাশয়ঃ। পূর্ব্বপক্ষী দূষয়তি ব্যাপার-স্যেতি। করণব্যাপারয়োঃ সামানাধিকরণ্যমুপপাদয়তাং ভবতাং মতেঽপি ফলব্যাপা-রয়োঃ সামানাধিকরণ্যনিয়মাভ্যুপগম আবশ্যকঃ, অন্যথা করণব্যাপারসামানাধি-করণ্যেঽপি কথমাগ্রহো ভবতামিত্যাশয়ঃ। ন চ স্বজনককর্ম্মোদ্দেশ্যতাসম্বন্ধেনা-

পূর্ব্বস্য ফলসামানাধিকরণ্যমন্ত্যেবেতি বাচ্যং কারণতানির্ব্বাহকসামানাধিকরণ্যস্যৈব প্রকৃতোপযোগিত্বেন যেন কেনাপি সম্বন্ধেন সামানাধিকরণ্যমাত্রপ্রতিপাদনস্যাকিঞ্চিৎকরত্বাৎ। ন চ তৎ-পরম্পরাসম্বন্ধঘটিতসামানাধিকরণ্যং কারণতানির্ব্বাহকং সমবায়ঘটিতসামানাধিকরণ্যাপেক্ষয়া গৌরবাৎ। 'অন্যথা' পুত্ত্রগতাপূর্ব্বেণ পিতৃস্বর্গস্বীকারে। স্বর্গো ন স্যাদিতি অপূর্ব্বাভাবাদিতি শেষঃ। ইষ্টাপত্তিমাশঙ্কতে ন স্যাদিতি। ইষ্টাপত্তৌ বাধকমাহ মুক্ত ইতি। অয়মাশয়ঃ,—যাগাদিকং হি গৌণমুখ্যভেদেন ফলদ্বয়ং জনয়তি, গৌণং কারণরূপং, মুখ্যং কার্য্যরূপং সুখাদি। তত্র কারণাভাবাৎ কার্য্যানুৎপত্তিঃ কার্য্যানুৎপত্ত্যা কারণস্য বন্ধ্যাত্বং চেতি দ্বয়মেব সমানম্। ভবতি হি মুক্তে পুত্রে যদ্বদপূর্ব্বাভাবাৎ পিতরি স্বর্গাভাব ইতি কর্ম্মবৈফল্যেন বিধেরপ্রামাণ্যং তদ্বৎ পিতরি মুক্তে তত্র স্বর্গরূপমুখ্যফলাভাবাৎ কর্ম্মবৈফল্যেন বিধেরপ্রামাণ্যমিতি তুল্যম্। যদি পুনরদৃষ্টস্য ফলনাশ্যতয়া পিতুঃ স্বর্গাভাবে মুক্তস্যাপি পুত্রস্য তন্নাশো ন ভবতি, ন চেদস্য বিনশ্যদপি স্বগতভোগজনকবিরহেণ মুক্তিং বিরুণদ্ধি তথাচ ন কর্ম্মবৈফল্যমিত্যুচ্যতে, তদা বয়মপি ব্রূমহে—মুক্তোঽপি পিতা পুত্রক্রিয়াজন্যেনাদৃষ্টেন পুত্রনিষ্ঠেন স্বর্গমনুভবত্বনুভবতু চেদবিশেষেণ নরকমপি কদাচিদনুভবেৎ "স বিষ্ঠায়াং কৃমির্ভূত্বা পিতৃভিঃ সহ মজ্জতী"তিস্মরণাত্তথাচ পুত্রকৃততথাবিধশঙ্কয়া ন কশ্চিন্মোক্ষার্থং ব্রহ্মচর্য্যাদিদুঃখেনাত্মানমবসাদয়েদিতি দৃঢ়ে পূর্ব্বপক্ষে সিদ্ধান্তী সমাধত্তে নৈবমিতি। অস্য শাস্ত্রার্থস্য একত্র যাগাদিকমন্যত্রাদৃষ্টতৎফলে ইতি রীত্যা ক্বচিদ্ব্যভিচারেঽপি ন ক্ষতিঃ, সামান্যশাস্ত্রস্য বিশেষেতরত্র ব্যবস্থাপনাৎ। মুক্তস্য পিতুরদৃষ্টানুৎপত্তিস্তু দোষরূপকারণবিরহাদিতি ভাবঃ। মণিকারমতং নিরসিতুমাহ যত্ত্বিতি। স্বর্গমাত্রমেবেতি ন তু স্বগত এব স্বর্গঃ, ফলমিতি ভাবঃ। 'উৎসর্গে' শাস্ত্রদেশিতং ফলমনুষ্ঠাতরীতি সামান্যশাস্ত্রে। 'নিয়মত্বাৎ' নিয়মতুল্যত্বাৎ। তুল্যযুক্ত্যা সর্ব্বেষামেব কর্ম্মণাং পরদ্বারা করণসম্ভবে বহুক্লেশফলকং স্বয়মনুষ্ঠানমযুক্তং স্যাৎ, স্যাচ্চ ব্রতাদাবুপবাসস্যাপি স্বগতফলোদ্দেশেন পরকর্ত্তৃকানুষ্ঠানম্। ন চেষ্টাপত্তিঃ, "কাম্যোপবাসে প্রক্রান্তে অন্তরা মৃতসূতকে। তত্র কাম্য ব্রতং কুর্য্যাদ্দানার্চ্চনবিবর্জ্জিতম্॥" ইতি "গর্ভিণী সূতিকা নক্তং কুমারী চ রজস্বলা। যদা শুদ্ধা তদান্যেন কারয়েৎ ক্রিয়তে সদা॥" ইতি বচনেনান্তরাশৌচপাতে স্বয়মুপবাসং কুর্য্যাদ্দানার্চ্চনন্তু পরদ্বারেতি ব্যবস্থাপিতত্বাৎ। ইদমত্রাবধেয়ম্।— "শ্রৌতং কর্ম্ম স্বয়ং কুর্য্যাদন্যোঽপি স্মার্ত্তমাচরেৎ। অশক্তো শ্রৌতমপ্যন্যঃ কুর্য্যাদা-

চারমন্ততঃ॥" ইতি শাতাতপবচনম্। অন্ততঃ উপক্রমাৎ পরতঃ। "কাম্যে প্রতিনিধি-র্নাস্তি নিত্যনৈমিত্তিকে হি সঃ। কাম্যেষূপক্রমাদূর্দ্ধং কেচিদিচ্ছন্তি সত্তমাঃ॥" ইতি বচনান্তরম্। তদনয়োরেকবাক্যতয়া নিত্যনৈমিত্তিককর্ম্মণাং সর্ব্বেষামেব প্রতিনিধি-দ্বারাপ্যনুষ্ঠানং শ্রৌতকাম্যকর্ম্মণস্তু সঙ্কল্পাদূর্দ্ধমিতি পর্য্যবস্যতি। স্বয়ং করণাসামর্থ্য এব পরদ্বারানুষ্ঠানং, নত্বন্যথা, তথাচ দক্ষঃ "স্বয়ং হোমে ফলং যত্তু তদন্যেন ন জায়তে।" প্রতিনিধৌ প্রকর্ষস্তু স এবাহ "ঋত্বিক্ পুত্রো গুরুর্ভ্রাতা ভাগিনেয়োঽথ বিট্পতিঃ। এভিরেব হুতং যদ্ধি তদ্ধ তং স্বয়মেব হি॥" ইতি। নারদঃ "ঋত্বিক্ চ ত্রিবিধো দৃষ্টঃ পূর্ব্বৈর্জুষ্টঃ স্বয়ং কৃতঃ। যদৃচ্ছয়া চ যঃ কুর্য্যাদার্ত্বিজ্যং প্রীতি-পূর্ব্বকম্॥" পুত্রং বিশেষয়তি স্মৃতিঃ "অন্যৈঃ শতকৃতাদ্ধোমাদেকঃ পুত্রকৃতো বরঃ। পুত্রৈঃ শতকৃতাদ্ধোমাদেকো হ্যাত্মকৃতো বরঃ॥" অতএব শঙ্খলিখিতাবপি "রাজ্ঞাং পুরোহিতোঽমাত্যঃ শুদ্ধিস্তস্য তদাশ্রয়া।" ইতি। যস্য যস্মিন্ কর্ম্মণ্যধিকারঃ, তস্য স্বয়ং তৎকরণাসামর্থ্যে প্রতিনিধিরূপানুকল্পনানুষ্ঠানং তৎসামর্থ্যে তু স্বয়মেবেতি ন রাজাদীনামুপবাসানাপত্তিঃ। আরব্ধকাম্যব্রতস্যান্তরা শৌচাদিপাতে যদুপবাসানুষ্ঠান-মুক্তং তদপি তদানীং তত্র স্বয়মধিকারস্থাপনায়। অয়ঞ্চ প্রতিনিধির্দ্বিধা ভবত্যনু-জ্ঞাতোঽননুজ্ঞাতশ্চ। তত্রানুজ্ঞাতো মুখ্যঃ "ঋত্বিক্ পুত্রোঽথবা পত্নী শিষ্যো বাপি সহোদরঃ। প্রাপ্যানুজ্ঞাং বিশেষেণ জুহুয়াদ্বা যথাবিধি॥" ইতি কৌর্ম্মবচনাৎ। অত্র যদৃচ্ছয়া যঃ কুর্য্যাদিত্যনেনাননুজ্ঞাতস্যাপি স্বয়ং প্রবর্ত্তনন্যায়েন সত্যপি হোমাধিকারে প্রাপ্তানুজ্ঞস্য হোমস্তদপেক্ষয়া ফলাধিক্যজনক ইত্যুক্তং বিশেষেণেতি। তথাচ বচনবলাচ্ছ্রৌতকাম্যকর্ম্মণ উপক্রমঃ পরদ্বারা নাস্তি, অন্যত্র তু পরদ্বারাপ্যনুষ্ঠানং বিশেষবাধকং বিনা ভবত্যেব। তথাচোদ্দেশ্যপরস্বর্গকামনৈব বিশেষশাস্ত্রব্যবস্থা। পিতা শাস্ত্রদেশিতং ফলমনুষ্ঠাতরীত্যুৎসর্গবাধিকা। যত্র তু আত্মগতফলমেব কাম্যত্বেন শাস্ত্রবোধিতং তত্র শাস্ত্রদেশিতং ফলমনুষ্ঠাতরীত্যুৎসর্গো নিরাবাধঃ। মৃতপিত্রাদি-স্বর্গায় দানাদিকঞ্চ স্মৃতিরামায়ণমহাভারতাদিপ্রসিদ্ধমস্ত্যেব। ব্যবহারোঽপি, তথেতি বণিক্মতমেব জ্যায়ঃ। পুত্রেষ্টিপিতৃযজ্ঞয়োরপি গৃহস্থকর্ম্মতয়া তৎকরণমপি সমস্তগৃহস্থধর্ম্মানুষ্ঠানফলে ব্রহ্মলোকপ্রাপ্তৌ হেতুরিতি শাস্ত্রদেশিতং ফলমনুষ্ঠাতরীতি স্বাযোগব্যবচ্ছেদরূপো নিয়ম এব। উৎসর্গস্তু প্রত্যেককর্ম্মফলাভিপ্রায়েণেতি প্রাচাং মতমাশ্রিত্য নিষ্কর্ষমাহ সম্যগিতি। নহু যাবন্নিত্যপরিপালনস্য তৎফলং ন তু কাম্য-শ্রাদ্ধাদেঃ,কাম্যাত্তর্ভাবে মানাভাবাৎ যাবৎকাম্যানুষ্ঠানাশক্তেশ্চ। যাবচ্ছক্যানুষ্ঠানমপি ন যাবৎ তস্য কামনাবিরহাদিনাপ্যকরণে যাবন্নিত্যানুষ্ঠানে তৎফলাভাবপ্রসঙ্গাৎ।

দুষ্টং হিংসায়াম্। ৭।

অনুবাদ।

হিংসা হইলে, দুষ্ট (বলিয়া জানিবে)। ৭।

ব্যাখ্যা।

যাহাকে ভোজন করাইলে পাপ হয়—সেই নরঘাতী প্রভৃতি হিংস্রই পূর্ব্বসূত্রে-বর্ণিত দুষ্টপদবাচ্য। কাক কুক্কুর চণ্ডালাদিকেও অন্নদানের ব্যবস্থা আছে, তাহারা একপ্রকার দুষ্ট হইলেও সে দুষ্ট পূর্ব্বসূত্রোল্লিখিত দুষ্ট নহে। ৭।

উপস্কারঃ।

কে তে দুষ্টা ইতি দুষ্টলক্ষণমাহ।

হিংসায়ামিতি নিষিদ্ধকর্ম্মমাত্রোপলক্ষণম্, তেন নিষিদ্ধে কর্ম্মণি প্রবৃত্তং পুরুষং দুষ্টং বিজানীয়াদিত্যর্থঃ ॥ ৭ ॥

পরিষ্কারঃ।

অর্থান্তরপক্ষে হিংসায়ামিতি হিংসাপদমন্নদানাদিপ্রতিষেধপ্রযোজকপাপপরম্। উপস্কারস্তাহ্নিকসমাপ্তিপর্য্যন্তঃ স্পষ্টঃ। অস্মাভিস্তু অর্থান্তরপক্ষ এবোত্তরসূত্রাণ্যপি যোজ্যন্তে। ৭।

তস্য সমভিব্যাহারতো দোষঃ। ৮।

অনুবাদ।

তাহার সমভিব্যাহারে দোষ হয়। ৮।

ব্যাখ্যা।

হিংস্রপুরুষের সংসর্গবশতঃ দাতা দুষ্ট অর্থাৎ দানপ্রবৃত্তিহীন হইয়া থাকে; ভোজনার্থী হিংস্র পুরুষ সমীপস্থ হইলে, তাহার সঙ্গেই দাতা দুষ্ট হইয়া পড়ে, এই জন্য তাহার দুঃখে দাতার দানপ্রবৃত্তি হয় না। অন্যত্র পরকীয় দুঃখই দাতার দান-প্রবৃত্তির হেতু, বেদ-বিশ্বাস নহে ইহাই আপত্তি। ৮।

উপস্কারঃ।

ন কেবলং দুষ্টব্রাহ্মণস্য শ্রাদ্ধে নিমন্ত্রিতস্য ভোজনেন ফলাভাবঃ কিন্তু পাপমপি ভবতীত্যাহ।

তস্য নিষিদ্ধে কর্ম্মণি প্রবৃত্তস্য ব্রাহ্মণস্য সমভিব্যাহারাৎ একপংক্তিভোজনসহশয়নসহাধ্যয়নাদিলক্ষণাৎ দোষঃ পাপমিত্যর্থঃ ॥ ৮ ॥

পরিষ্কার।

উপস্থিতদুষ্টসন্নিধানপ্রবৃত্তিব্যাঘাতরূপো দোষো ভবতীতি পূর্ব্বপক্ষসূত্রমেতৎ ॥ ৮ ॥

তদদুষ্টে ন বিদ্যতে। ৯।

অনুবাদ।

অদুষ্ট ব্যক্তিতে ত তাহা হয় না। ৯।

ব্যাখ্যা।

যদি হিংস্রের উপস্থিতিরূপ ক্ষণিক সঙ্গ দাতার দানপ্রবৃত্তির ব্যাঘাতক হইত, তাহা হইলে, তখন অদুষ্ট ভোজনার্থীও দাতার দানপাত্র হইত না। ৯।

উপস্কারঃ।

প্রমাণ নহে—এইরূপ নিশ্চয় করিব। উপমান প্রভৃতিও অতিরিক্ত প্রমাণ নহে, তাহাও অনুমানের অন্তর্গত; (সহজবোধের জন্য স্থূলভাবে এই উপমান বিচার করিতেছি, বিশেষ জিজ্ঞাসু ব্যক্তি উপস্কার ও পরিষ্কার দেখিবেন।) প্রথমে লোকমুখে শুনা আছে, গবয় নামক পশু—গো-সদৃশ, তৎপরে যখন সেই পশু দৃষ্টিগোচর হয়, তখন গো-সাদৃশ্য প্রত্যক্ষ হইয়া থাকে—এই যে গো-সাদৃশ্য ইহা গবয়সংজ্ঞা বা গবয়সংজ্ঞাশক্তির ব্যাপ্য এই জ্ঞান হইলে—এই জাতীয় পশুর নামই গবয়—অর্থাৎ ঐ প্রকার পশু যে গবয়পদবাচ্য ইহা অনুভব হয়—সেই অনুভব অনুমিতি; সুতরাং তাহার যাহা করণ তাহা অনুমান ব্যতীত আর কিছুই নহে; নৈয়ায়িকেরা বলেন, যে ব্যক্তি, পূর্ব্বে কখন গবয় দেখে নাই, তাহার ব্যাপ্তি-জ্ঞান সম্ভবপর নহে, সে কোন অরণ্য-প্রত্যাগত ব্যক্তির মুখে শুনিয়াছে যে, গবয় গো-সদৃশ হইয়া থাকে—তাহার পর যখন সে গবয় দেখিতে পাইল, তখন তাহার গো-সাদৃশ্য জ্ঞান হইল বটে। কিন্তু গো-সাদৃশ্য যে গবয় সংজ্ঞা অর্থাৎ গবয়-পদবাচ্যত্বের ব্যাপ্য এ পর্য্যন্ত জ্ঞান ত তাহার হয় না, কিন্তু তখন সেই অরণ্য-প্রত্যাগত ব্যক্তির কথা মনে পড়ে—গবয়নামক পশু গো-সদৃশ—এই স্মরণের পর এই দৃশ্যমান গবয়জাতীয় পশু গবয়পদবাচ্য এই জ্ঞান হয়—এই জ্ঞান উপমিতি; —গো-সাদৃশ্য জ্ঞান—তাহার কারণ উপমান নামক প্রমাণান্তর; শাব্দবোধ স্থলের ন্যায় এখানেও সেই ব্যাপ্তি জ্ঞান হওয়া না-হওয়া লইয়া মতভেদ। নৈয়ায়িক মতের অন্য যুক্তিও আছে, তাহা গ্রন্থান্তরে বুঝাইবার ইচ্ছা থাকিল। এতদ্ভিন্ন অর্থাপত্তি সম্ভব প্রভৃতি কতিপয় প্রমাণ অপরে স্বীকার করিয়াছেন, তাহা পূর্ব্বতন নৈয়ায়িক এবং বৈশেষিক উভয় সম্প্রদায়েরই অস্বীকৃত। তবে শিরোমণি ও তৎসম্প্রদায়স্থ বঙ্গীয় নৈয়ায়িকগণ অর্থাপত্তির প্রমাণান্তরত্ব স্বীকার করিয়াছেন। যাহা প্রমাণসিদ্ধ, তাহার অনুপপত্তিমূলক যে অপ্রত্যক্ষ বিষয়ের কল্পনা, তাহাই অর্থাপত্তি, মনে কর—(এই ভাবের শব্দঘটিত স্থল, যদিও শ্রুতার্থাপত্তির উদাহরণে প্রাচীন সম্প্রদায়ে উল্লিখিত হইয়াছে, তথাপি ইহা দৃষ্ট অর্থাপত্তির উদাহরণ হইতে পারে বিবেচনায় উল্লিখিত হইল।) হরিবাবু বেশ হৃষ্টপুষ্ট—কিন্তু সমস্ত দিন ধরিয়া দেখিয়া বুঝিয়াছ যে; হরিবাবু দিনে কিছুই আহার করেন না; রাত্রিতে তিনি আহার করেন কি'না তাহা তোমার অপ্রত্যক্ষ। তবে ইহাও স্থির যে বিনা আহারে মানুষ এমন হৃষ্টপুষ্ট হইতে পারে না—এই যে প্রমাণসিদ্ধ অর্থাৎ প্রত্যক্ষ হৃষ্টপুষ্ট ভাবের বিনা আহারে অনুপপত্তি—অর্থাৎ

হইতে না পারা তদ্দ্বারাই হরিবাবু যে রাত্রিতে আহার করেন ইহা অনুভব করা যায়। এই অনুভবের নাম অর্থাপত্তি, মীমাংসক ও বৈদান্তিকেরা এই অর্থাপত্তিহেতুকে অর্থাপত্তি-প্রমাণ নামে অভিহিত করিয়া থাকেন। নৈয়ায়িকেরা বলেন, অর্থাপত্তি ব্যতিরেকব্যাপ্তি জ্ঞানেরই কার্য্য। হেতু সাধ্যের ব্যাপ্য এই যে জ্ঞান, ইহা অন্বয় ব্যাপ্তিজ্ঞান নামে এবং সাধ্যের অভাব হেতুর অভাবের ব্যাপ্য এই যে জ্ঞান, ইহা ব্যতিরেক ব্যাপ্তি জ্ঞান নামে অভিহিত। রাত্রিতে আহারের অভাব হইলেই দিবসে অনাহারী ব্যক্তির হৃষ্টপুষ্ট ভাবের অভাব হয়—দিবসে অনাহারী ব্যক্তির হৃষ্টপুষ্ট ভাবের যে অভাব তাহা ব্যাপক—এবং রাত্রিতে আহারের অভাব ব্যাপ্য, কেবল রাত্রিতে আহার থাকিলেও কেহ কেহ কৃশ হয়—এই জন্য দিবসে অনাহারীর হৃষ্টপুষ্ট ভাবের অভাব বা কৃশতা অধিকদেশবৃত্তি, রাত্রিতে আহারের অভাব তদপেক্ষা অল্পদেশবৃত্তি—এই জ্ঞান হয়, তাহাই ব্যতিরেকব্যাপ্তিজ্ঞান। কেন না, দিবসে অনাহারী হরিবাবুর হৃষ্টপুষ্ট ভাব প্রত্যক্ষসিদ্ধ হেতু, রাত্রিতে আহার সাধ্য, এ স্থলে সেই সাধ্যাভাব যে হেত্বভাবের ব্যাপ্য এইরূপ জ্ঞান হয়। এই ব্যতিরেকব্যাপ্তিজ্ঞানের ফলে হরিবাবু যে রাত্রিভোজন করেন, ইহা সিদ্ধ হইতেছে। মহর্ষি কণাদের মতে ব্যতিরেকব্যাপ্তিজ্ঞান অনুমিতির কারণ না হইলেও—আহার ব্যাপক, হৃষ্টপুষ্ট ভাব ব্যাপ্য,—এই প্রকার অন্বয়ব্যাপ্তিজ্ঞান হয়—অথচ হরিবাবু দিবসে ভোজন করেন না—এইরূপ নিশ্চয় থাকায়—রাত্রিতে তিনি যে ভোজন করেন ইহা সিদ্ধ হইতেছে। সামান্যাকারে সাধ্যসিদ্ধি হইবার পক্ষে আংশিক বাধা থাকিলে আংশিক ভাবে সাধ্যসিদ্ধি হয়। এই সিদ্ধি অর্থাৎ অনুমিতিকে ইতরবাধজ্ঞানমূলক অনুমিতি বলা যায়। আংশিক বাধাই ইতরবাধ। সুতরাং বৈশেষিকমতে অর্থাপত্তি ইতরবাধজ্ঞানমূলক অনুমিতি ভিন্ন আর কিছুই নহে। ইহার হেতু অনুমান প্রমাণেরই অন্তর্গত। একটী কথা এই যে, সাধ্য ব্যাপ্য হেতু পক্ষে আছে, এইরূপ নিশ্চয় হইলে, অনুমিতি হয়—এই নিশ্চয়ের নাম পরামর্শ, ইহা অনেক বার বলিয়াছি, বলা বাহুল্য সকল অনুমিতির পূর্ব্বেই এই পরামর্শ আবশ্যক, তবে তাহা সর্ব্বত্র উল্লিখিত না হইলেও ব্যাপ্তিজ্ঞান বলা হইলেই, পরামর্শ পর্য্যন্ত বুঝিবে, সেই পরামর্শের বিষয়ীভূত যে সাধ্য তাহা ব্যাপক—সেই ব্যাপকেরই অনুমিতি হয়—ইহাই নৈয়ায়িক সম্প্রদায়ের মূল মত। মনে কর 'বহ্নিব্যাপ্যধূমবান্ পর্ব্বতঃ', এইরূপ পরামর্শ আছে তৎপরে যে অনুমিতি হইবে—তাহার স্বরূপ বা আকার 'বহ্নিমান্ পর্ব্বতঃ।' পরামর্শে বহ্নিই

ব্যাপকরূপে গৃহীত হইয়াছে—অনুমিতি তাহারই অর্থাৎ প্রবিষয়েই হইবে। যাহা পরামর্শে ব্যাপকাংশে বিষয়ীভূত হয় না, তাহাকে অনুমিতির বিধেয়-সাধক বিষয় বলিতে হইলে নিয়মের ব্যাঘাত হয়, 'বহ্নিব্যাপ্যধূমবান্' এইরূপ পরামর্শ থাকিলে, দ্রব্যানুমিতি বা মহানসীয়বহ্নিমান্ পর্ব্বতীয়বহ্নিমান্ ইত্যাদি অনুমিতিও হইতে পারে। অতএব আংশিক বাধা থাকিলেও—পরামর্শ সামান্যভাবে হইলে সামান্য-ভাবেই অনুমিতি হইবে। আংশিক বাধা সামান্যবুদ্ধির প্রতিবন্ধক হয় না, মহানসীয় বহ্নির অভাব পর্ব্বতে আছে, এইরূপ নিশ্চয় সত্ত্বেও পর্ব্বতে বহ্নি আছে, এইরূপ জ্ঞান হওয়ায় বাধা নাই; সুতরাং ইতরবাধজ্ঞান থাকিলেই যে যাহা পরামর্শে ব্যাপক ভাবে বিষয়ীভূত হয় নাই, তাহা অনুমিতির বিধেয়-বিষয় হইবে এমন নিয়ম যুক্তিযুক্ত নহে। এই জন্যই তাঁহারা ব্যতিরেকব্যাপ্তিজ্ঞানকে অনুমিতির কারণ বলিয়াছেন। বৈশেষিকের অভিপ্রায় পরামর্শে ব্যাপক ভাবে যাহা বিষয়ীভূত হয় নাই, আংশিক বাধা ও লাঘবজ্ঞানস্থলে তাহাও অনু-মিতির বিষয় হইবে, অন্য স্থলে নহে। এই মূল মতভেদ থাকিলেও নব্য ন্যায় এই দুই মতকেই বৈকল্পিক ভাবে গ্রহণ করিয়াছেন। সম্ভব প্রমাণ যথা—এই ব্যক্তি ব্রাহ্মণ-পণ্ডিত, সুতরাং ইহার আচার থাকিতে পারে; এই যে অনুভব ইহার হেতুই সম্ভবপ্রমাণ-পদবাচ্য। বৈশেষিক প্রভৃতির মত এই—যদি ব্যাপ্তিজ্ঞান প্রযুক্ত এই আচার জ্ঞান হয় তাহা হইলে উহা অনুমানেরই অন্তর্গত, ব্যাপ্তিজ্ঞান না থাকিলে—উহা প্রমাণই নহে। ঐরূপ বিচার অনুশীলন দ্বারা অন্য প্রকার প্রমাণও খণ্ডনীয়। ৫।

উপস্কারঃ।

উপমানাদীনামপি পৃথক্প্রমাণতামাশঙ্ক্য অবিনাভাববলপ্রবৃত্তিকানাং লৈঙ্গিক এবান্তর্ভাব ইতি প্রতিপাদয়িতুমাহ।

উপমানার্থাপত্তিসম্ভবাভাবৈতিহ্যানামিতি শেষঃ। অত্র ব্যাপকত্ব ইদং ব্যাপ্যনিরূপকতা বা যুক্তিঃ নাম অনবচ্ছেদকাপেক্ষিতা যেষাং তে তদপেক্ষিতাস্তত্ত্বং তারতম্যাপেক্ষিতত্বং তস্মাদিত্যর্থঃ। স্যাদিত্যাদি-পাঠাৎ ক্তান্তেন বহুব্রীহিঃ। তারকাদিপাঠাদিতো বা, তত্রোপমানং তাবদনুমানমেব শক্তগ্রাহ্যং তথা হি গোসদৃশো গবয় ইতি বাক্যশ্রবণং আরণ্যকেন কথিতং গবয় ইতি নাগরিকজিজ্ঞাসায়াং কথিতবতে তত্র যো গোসদৃশঃ স গবয়শব্দবাচ্য ইতি সামানাধিকরণ্যবশাৎ অতিদেশবাক্যশ্রবণানন্তর-মেব পরিচ্ছিনত্তি, পুনঃ গবয়ং তাদৃশং পিণ্ডমুপলভমানো গবয়শব্দবাচ্য ইতি প্রতিসন্ধত্তে, অতি-দেশবাক্যশ্রবণসময়ে গবয়ং প্রবৃত্তিনিমিত্তং ন প্রত্যক্ষতঃ কথং সংজ্ঞাপরিচ্ছেদ ইতি চেৎ অব-স্থান্তরপ্রতীতিলক্ষণঃ গোসদৃশো গবয় ইতি বাক্যেনানুমানাদিবিষয়ং কথং লক্ষণাদিকেন পদার্থানুসন্ধানেন সম্বন্ধঃ, ন হি প্রত্যক্ষ এব, সোপাদানং সাদৃশ্য প্রবৃত্তিনিমিত্তমুপমান

পর্ণমুপিতং তন্মাসগতজাতিবিশেষে তাৎপর্য্যাৎস্তিতি লক্ষণাস্তম্বাৎ, যস্তাবয়শব্দো গবয়বাচক অলতি বৃত্তান্তরে শিষ্টৈস্তত্র প্রযুজ্যমানত্বাৎ অসতি বৃত্ত্যন্তরে যঃ শব্দো যত্র শিষ্টৈঃ প্রযুজ্যতে স তস্য বাচকো যথা গোশব্দো গোরিত্যনুমানাদেব গবয়সংজ্ঞাং পরিচ্ছিন্দন্তি, তর্কশ্চ বহুয়োপমানসহকারী বাচ্যঃ স বয়মনুমানে তুল্যপ্রমাণতাবেহস্তু কিং কল্পনীয়প্রমাণভাবেনোপমানেনেতি, অনুমানমুখে বিস্তরোহস্মত্রান্বেষ্টব্যঃ ।অর্থাপত্তিরপ্যনুমানমেব, তথাহি দৃষ্টার্থাপত্তিস্তাবজ্জীবতশ্চৈত্রস্য গৃহাসত্ত্বেন দৃষ্টতয়প্রমাণাবধৃতেন বহিঃ সত্ত্ব কল্পয়তি, তত্রোপপাদ্যোপপাদকয়োর্ব্যাপ্যব্যাপকভাবাবধারণাধী-নৈব বহিঃসত্ত্বপ্রতীতিঃ, ভবতি হি জীবতো গৃহাসত্ত্বং বহিঃসত্ত্বেন সহচরিতং, বহিঃসত্ত্বং বিনা জীবতোঽগৃহাসত্ত্বমনুপপন্নমিতি বা জ্ঞানম্, তত্রাদ্যোঽন্বয়ব্যাপ্তেরেবাস্তো তু ব্যতিরেকব্যাপ্তেরেব গ্রহ ইতি, ব্যাপ্তিরস্তি ন তস্য গ্রহণমিহোপযুজ্যত ইতি চেৎ ব্যাপ্তিগ্রহমন্তরেণার্থাপত্ত্যাভাসান-বকাশাৎ, স্বরূপসত্যা ব্যাপ্ত্যা বস্তুতো যদুপপাদকং তস্যৈব কল্পনা স্যাদিতি দিক্ । সংশয়করণি-কায়া বিরোধকরণিকায়াশ্চানুমানান্তর্ভাব উহনীয়ঃ । বিরোধস্যাপি সহানবস্থাননিয়মলক্ষণস্য ব্যাপ্তিঘটিতত্বাৎ। শ্রুতার্থাপত্তিরপ্যনুমিতানুমানং পীনো দেবদত্তো দিবা ন ভুঙ্‌ক্তে ইত্যনেন বাক্যেন পীনত্বমনুমিতং তেন চ পীনত্বেন রাত্রিভোজনানুমানম্, দেবদত্তো রাত্রৌ ভুঙ্‌ক্তে দিবা-ভোজিত্বে সতি পীনত্বান্যথাঽনুপপত্তেরিতি। সম্ভবোঽপ্যনুমানমেব, তদুদাহরণং হি সম্ভবতি খার্য্যাং দ্রোণঃ সম্ভবতি দ্রোণে আঢ়কং সম্ভবতি সহস্রে শতমিত্যাদি; তত্রেয়ং খারী দ্রোণবতী তদ্ঘটিত-ত্বাৎ যদ্যেন ঘটিতং তত্তেন তদ্বৎ যথাঽবয়ববান্ ঘটঃ, এবমন্যদপ্যূহ্যম্। যত্তু সম্ভবতি ব্রাহ্মণে বিদ্যা, সম্ভবতি ক্ষত্রিয়ে শৌর্য্যমিত্যাদি, তৎপ্রমাণমেব ন ভবতি অনিশ্চায়কত্বাৎ। অভাবোঽপি ন মানান্তরং কার্য্যেণ কারণানুমানবৎ কার্য্যাভাবেন কারণাভাবানুমানস্য ব্যাপ্তিমূলকত্বেনানুমান এবান্তর্ভাবাৎ। ভট্টমতস্য ভূতলাদাবভাবগ্রাহকং প্রমাণমনুপলব্ধ্যাখ্যং তৎ কুত্রচিৎ প্রত্যক্ষে কচিচ্চানু-মানেঽন্তর্ভূতং চক্ষুরাদিনৈবাভাবগ্রহাৎ, ন চেন্দ্রিয়মধিকরণগ্রহ এবোপক্ষীণম্ অভাবগ্রহপর্য্যন্তং তদ্ব্যাপারসত্ত্বাৎ। ঐতিহ্যমবিজ্ঞাতপ্রবক্তৃকং প্রবাদপারম্পর্য্যম্, ইতিহেতি নিপাতসমুদায়ঃ পুরা-বৃত্তে বর্ত্ততে, তস্য ভাব ঐতিহ্যং, তদ্ যদি বাধিতার্থং ন ভবতি তদা শব্দান্তর্নিবেশাদনুমানম্, যদিহ বটে যক্ষো মধুকতরৌ গৌরীত্যাদি তদ্ যদ্যাপ্তোক্তং তদা পূর্ব্ববৎ, নাপ্তোক্তঞ্চেত্তদা ন প্রমাণম্, এবঞ্চ প্রত্যক্ষমনুমানঞ্চেতি সিদ্ধং দ্বয়মেব প্রমাণমিতি ॥ ৫ ॥

পরিষ্কারঃ ।

উপমানাদীনামিত্যাদিপাদেনার্থাপত্তিসম্ভবাভাবৈতিহ্যানাং গ্রহণম্ । উপ-মানেতি । অত্র সম্ভবপদাদৈতিহ্যস্যাপি গ্রহণং সম্ভব-প্রামাণ্যবাদিমতাভ্যুপগত-প্রামাণ্যকত্বং, সম্ভবৈতিহ্যসাধর্ম্ম্যং। “সম্ভবৈতিহ্যযুক্তানি তানি পৌরা-ণিকা জগুরি”ত্যুক্তেঃ ;' তারকাদীতি, অস্যেদমিতি বুদ্ধ্যপেক্ষা 'সা সঞ্জাতা যেষামিতি বিগ্রহাদিতচ্ প্রত্যয় ইতি ভাবঃ । 'সংজ্ঞাপরিচ্ছেদঃ' শক্যতাবচ্ছেক-প্রকারেণ শক্তিনিশ্চয়ঃ। ন চ গোসদৃশ ইত্যনেকপদাত্মকস্য বাক্যস্য ন লক্ষণা শক্তের্লক্ষণায়াশ্চ পদধর্ম্মত্বাদিতি বাচ্যং একপদ এব লক্ষণা পদান্তরং তাৎপর্য্যগ্রাহকমিত্যুপগমাৎ। অন্বয়ানুপপত্তির্লক্ষণাবীজং তদ্‌ভাবাদত্র ন

লক্ষণেতি শব্দস্য গোসদৃশ ইতি, নুক্তবয়ানুপপত্তির্লক্ষণবীজং কিন্তু তাৎ-পর্য্যানুপপত্তি ... যষ্টীঃ প্রবেশয়েত্যাদাবপি যষ্টিপদাদের্যষ্টিধরাদৌ লক্ষণা ন স্যাৎ, অত্রাপি তাৎপর্য্যানুপপত্তিরস্তি তস্মাল্লক্ষণা যুজ্যত ইত্যাশয়েনাহ তাৎপর্য্যেতি। নম্নু যত্র প্রবৃত্তিনিমিত্তবিশেষবোধনে ন তাৎপর্য্যং কিন্তু যো গোসদৃশঃ স গবয়শব্দবাচ্য ইতি স্বরূপাখ্যানমাত্রং তত্রাপ্যুক্তসামগ্রীতঃ প্রবৃত্তিনিমিত্তবিশেষ-পরিচ্ছেদঃ, ন চ তত্র তাৎপর্য্যং যদনুপপত্তির্লক্ষণাবীজং স্যাদিত্যত আহ যদ্বেতি। শিষ্টৈরিতি ম্লেচ্ছব্যুদাসায়। এতদনুমানে পিণ্ডমাত্রে সিদ্ধসাধনং প্রবৃত্তিনিমিত্তে চা-সিদ্ধিরিতি দোষো দ্রষ্টব্যঃ। ন চ গবয়পদং সপ্রবৃত্তিনিমিত্তকং সাধুপদত্বাদিত্যনু-মানেন ইতরবাধজ্ঞানসহকৃতেন গবয়ত্বে প্রবৃত্তিনিমিত্তত্বনিশ্চয়োঽস্ত্বিতি বাচ্যং ব্যাপকতানবচ্ছেদকরূপেণানুমিতিবিধেয়ত্বানঙ্গীকারাদিত্যাদিরূপো ন্যায়মতপরিষ্কার-স্তত্র তত্রানুসন্ধেয়ঃ। তর্ক ইতি গোসাদৃশ্যাপেক্ষয়া গবয়ত্বে প্রবৃত্তিনিমিত্তত্বে লাঘব-মিত্যাকারকো গৌণতর্ক ইত্যর্থঃ। অনুপপদ্যমানেনার্থেন উপপাদককল্পনমর্থাপত্তি-রিত্যেতন্মতাভিপ্রায়েণাহ,—অর্থাপত্তিরিতি। অর্থাপত্তির্হি সামান্যতো দ্বিধা ফলপ্রমাণভেদাৎ। তত্র ফলমুপপাদককল্পনাত্মকং প্রমাণঞ্চ তৎকরণীভূতানুপপত্তি-স্তজ্জ্ঞানং বা। স্বরূপসত্যা ব্যাপ্তেভ্রর্মবিষয়াবৃত্তিত্বাদিত্যাহ ব্যাপ্তিগ্রহমিতি। মতান্তরেঽপ্যাহ,—সংশয়েতি। দেবদত্তস্য শতবর্ষজীবিত্বগৃহবৃত্তিত্বনিয়মনিশ্চয়ান-ন্তরং কথঞ্চিৎ গৃহাবৃত্তিত্বনিশ্চয়ে জাতে জীবিত্বনিশ্চয়গৃহান্যাবৃত্তিত্বনিশ্চয়য়োঃ প্রামাণ্যাপ্রামাণ্যনিশ্চয়বিরহেণ জীবতি ন বেতি সংশয়ঃ, ততস্তদপনোদনার্থং বহিঃ-সত্ত্বকল্পনমর্থাপত্তিঃ। তৎপ্রযোজ্যনিশ্চয়দ্বয়বিষয়কপ্রামাণ্যসংশয়ঃ. বহিঃসত্ত্বকল্পন-রূপার্থাপত্তেঃ করণং, জীবনসংশয় এব বা করণমিতি সংশয়বিশেষঃ অর্থাপত্তি-প্রমাণমিত্যন্যে। প্রমাণয়োর্ব্বিরোধনিশ্চয়জনিতপ্রমাণদ্বয়নিষ্ঠাপ্রামাণ্যসংশয়দ্বারকতদ্-বিরোধোপপাদকজ্ঞানমর্থাপত্তিরত্র চ প্রমাণয়োর্বিরোধনিশ্চয়ঃ করণম্। তথাহি দেব-দত্তে শতবর্ষজীবিত্বগৃহান্যাবৃত্তিত্বনিশ্চয়রূপপ্রমাণয়োঃ শতবর্ষমধ্যে গৃহাবৃত্তির্দেবদত্তে বিরুদ্ধার্থবিষয়কত্বনিশ্চয়ো জাতঃ, তেন প্রমাণয়োরপ্রামাণ্যসংশয়ঃ, ততঃ একপ্রমাণস্য বলবত্ত্বাপ্রতিসন্ধানেন বহিঃসত্ত্বকল্পনং ভবতি, তেন চ দুর্ব্বলবলীয়সোঃ প্রমাণয়ো-রবিরোধ উপপাদিতো ভবতীতি মতান্তরম্। গৃহমাত্রবৃত্তিত্বাভাবব্যাপ্যশতবর্ষজীবিত্ব-বানয়মিতি বিরোধনিশ্চয়াত্মকপরামর্শাদথবা দেবদত্তঃ শতবর্ষজীবী দেবদত্তো গৃহান্যাবৃত্তিরিতি নিশ্চয়য়োরেকো বাধ্যঃ বিরুদ্ধার্থগ্রাহকত্বাদিতি তর্কসহকৃতাদনুমানাদ্ বহিঃসত্ত্বসিদ্ধিরিত্যাদিরীত্যা অনুমান এব তয়োরপ্যন্তর্ভাব ইত্যাহ,—সংশয়ে-ত্যাদিনা। ক্লৃপ্তেতি। অয়ংভাবঃ অর্থাপত্তির্হি সংক্ষেপতো দৃষ্টশ্রুতভেদাদ্দ্বিধা।

অর্থকল্পনরূপা দৃষ্টার্থাপত্তিঃ শব্দকল্পনরূপা চ শ্রুতার্থাপত্তিঃ । তত্রাদ্যার্থবিষয়িনী চরমা শব্দবিষয়িনী । চরমোদাহরণং হি পীনো দেবদত্ত ইতি । [illegible] বাক্যাত্মকং, তথাচ শাব্দী হ্যাকাঙ্ক্ষা শব্দেনৈব প্রপূর্য্যত ইতি ন্যায়াদত্র রাত্রৌ ভুঙ্‌ক্ত ইতি শব্দকল্পনমন্যথানবস্থাপত্তিঃ স্যাৎ । ইয়মপ্যনুমানকুক্ষিমেবাশ্রয়ত ইতি । সম্ভবো ভূয়ঃসহচারজ্ঞানাধীনজ্ঞানং সম্ভবজ্ঞানং তৎকরণং সম্ভবপ্রমাণম্ ইদঞ্চ ব্যাপ্তিনিরপেক্ষমেব জ্ঞানং জনয়তীতি তৎপ্রামাণ্যবাদিনামাশয়ঃ । বৈশেষিকস্তু ব্যাপ্তিসাপেক্ষমিদমনুমানমেবান্যথা পুনরপ্রমাণমেবেত্যাহ সম্ভব ইতি । ব্যাপকাভাবজ্ঞানাধীনাভাবান্তরকল্পনমভাবঃ ফলরূপঃ তৎকরণঞ্চ প্রমাণরূপঃ । কারণাভাবানুমানস্যেতি সামগ্র্যভাবানুমানস্যেত্যর্থঃ । যত্র কারণং ব্যাপ্যং কার্য্যং ব্যাপকং তত্র কার্য্যাভাবেন কারণাভাবানুমানমিতি ভাবঃ । ভবনিষ্ঠব্যাপ্তিরেবানুমানাঙ্গমিত্যভাবপ্রামাণ্যবাদিনাং মতম্ । তস্য নিবু‌ক্তিকতয়া তস্যানুমানান্তর্ভাবমাহ,—ব্যাপ্তিমূলকত্বেনেতি । অধিকরণপ্রত্যক্ষেণেন্দ্রিয়ব্যাপারে বিরতে দুর্ঘটো হ্যভাবগ্রহঃ কিঞ্চ নিরূপাখ্যস্বভাবস্যাভাবস্যেন্দ্রিয়সম্বন্ধবিরহেণাপ্রত্যক্ষতয়া পরামর্শসম্ভবেন চ শব্দাদ্যনুচ্চারণদশায়াং শব্দাভাবজ্ঞানং তৎকরণমনুপলম্ভনামকং যোগ্যপ্রতিযোগ্যনুপলব্ধিরূপং প্রমাণান্তরমিতি ভট্টমতম্ । তদ্দূষয়তি,—তৎ ক্বচিদিতি । উপলক্ষণং, নিবৃত্তব্যাপারম্ অংশতোঽধিকমুক্তং পূর্ণিমায়ামস্মাভিঃ ॥ ৫।৬ ॥

আত্মমনসোঃ সংযোগবিশেষাৎ সংস্কারাচ্চ স্মৃতিঃ ॥ ৬ ॥

অনুবাদ ।

আত্মা এবং মনের সংযোগবিশেষ এবং সংস্কার হইতে স্মৃতি (উৎপন্ন হইয়া থাকে) ।

ব্যাখ্যা ।

পূর্ব্বে প্রত্যক্ষ বা অনুমিতি হইলে, সংস্কার জন্মে, সেই সংস্কার স্মৃতির কারণ । অদ্য যাহা অনুভব করিলাম, তাহার সংস্কার ত হইলই, সুতরাং ভবিষ্যতে স্মরণের ন্যায় সংস্কারের পরক্ষণ হইতেই ধারাবাহিক স্মৃতি না হয় কেন ? তাহার প্রচলিত উত্তর—উদ্বোধকের অভাব ; যখন উদ্বোধক উপস্থিত হইবে তখন সেই সংস্কারফলে সংস্কারের অনুসারে স্মৃতি হইয়া থাকে । মহর্ষি সেই উদ্বোধককে সাক্ষাৎ কারণ না বলিয়া পরম্পরায় কারণ বলিতেছেন ;—মহর্ষি বলেন, আত্মার সহিত মনঃসংযোগ না হইলে ত আর আত্মার যে বিশেষ গুণ আছে তাহার উৎপত্তি হয় না, স্মৃতির প্রতিও আত্মমনঃসংযোগ কারণ, কিন্তু সকল আত্মমনঃ-

সংযোগ নহে, [illegible] যোগবিশেষ ; উদ্বোধকসমবধান কালে যে আত্মমনঃ-সংযোগ হয়, [illegible] এবং সংস্কার—স্মৃতির হেতু। সংস্কারকে স্মৃতির হেতু বলায়ই সংস্কার-হেতু অনুভবকে স্মৃতি-কারণ বলা হইল। বস্তুগত্যা অনুভবই ত স্মৃতির কারণ। তবে অনুভব বহু পূর্ব্বে বিনষ্ট হইলেও বর্ত্তমানে স্মৃতি হয় কেমন করিয়া? কার্য্যের অব্যবহিত পূর্ব্বক্ষণে না থাকিলে ত আর কারণ হয় না, এই নিয়ম থাকায় অনুভবে স্মৃতিকারণত্ব রক্ষার জন্যই সংস্কার মানিতে হয়, অনুভব স্বাকারসম্বন্ধে স্মৃতির অব্যবহিত পূর্ব্বক্ষণে না থাকিলেও সংস্কার দ্বারা থাকে। সুতরাং বুঝা গেল, সংস্কার, উদ্বোধক-সমবধানকালীন আত্মমনঃসংযোগ বা উদ্বোধক ও আত্ম-মনঃসংযোগ যে সময়ে ঘটিবে তখন স্মৃতি বা স্মরণ হইবেই, অনুভব প্রমাত্মক হইলে, স্মৃতিও প্রমাত্মক হইবে, অনুভব ভ্রমাত্মক হইলে স্মৃতিও ভ্রম হইবে। ৬।

উপস্কারঃ।

লৈঙ্গিকং ব্যাখ্যায় ইদানীং প্রকরণান্তরমারভতে।

উৎপদ্যত ইতি শেষঃ, সংযোগবিশেষঃ প্রণিধানাদিসন্নিধানম্, এতস্মাদসমবায়িকারণাদাত্মনি সমবায়িনি স্মৃতির্বিদ্যাবিশেষ উৎপদ্যতে, নিমিত্তকারণমাহ সংস্কারাদিতি চকারেণ ব্যাপারী পূর্ব্বানুভবঃ সমুচ্চীয়তে, অনুভবযাথার্থ্যাযাথার্থ্যানিয়মনুবিধত্তে, রজ্জুং ভুজঙ্গতয়োপলভ্য পলায়িতস্য তথৈব স্মৃতেঃ, ন চ স্মৃতত্বং স্মৃতিপ্রসঙ্গঃ, সংস্কারোদ্বোধাধীনত্বাৎ, তদুক্তং প্রশস্তদেবপাদৈঃ "লিঙ্গ-দর্শনেচ্ছানুস্মরণাদ্যপেক্ষাদাত্মমনসোঃ সংযোগবিশেষাৎ পটুত্যাসাদরপ্রত্যয়জনিতাচ্চ সংস্কারাদ্-দৃষ্টশ্রুতানুভূতেষু শেষানুব্যবসায়স্মরণেচ্ছাদ্বেষহেতুরতীতবিষয়া স্মৃতিঃ" ইতি। আর্ষং জ্ঞানং সূত্রকৃতা পৃথক্ ন লক্ষিতং, যোগিপ্রত্যক্ষান্তর্ভাবিতং, পদার্থপ্রদেশাখ্যে তু প্রকরণে তদুক্তং, তদ্যথা "আম্নায়বিধাতৄণামৃষীণামতীতানাগতবর্ত্তমানেষ্বতীন্দ্রিয়েষর্থেষু ধর্মাদিষু গ্রন্থোপনিবদ্ধেষু লিঙ্গাদ্যন-পেক্ষাদাত্মমনসোঃ সংযোগাদ্ধর্মবিশেষাচ্চ প্রাতিভং জ্ঞানং যদুৎপদ্যতে তদার্ষম্" ইতি। তত্তু কদাচিল্লৌকিকানামপি ভবতি, যথা কন্যকা বদতি শ্বো মে ভ্রাতাগন্তেতি হৃদয়ং মে কথয়তীতি॥৬॥

পরিষ্কারঃ।

লিঙ্গদর্শনাদীত্যুদ্বোধকপ্রদর্শনার্থম্। ৬

তথা স্বপ্নঃ॥ ৭॥

অনুবাদ।

স্বপ্ন (ও) সেইরূপ॥ ৭॥

ব্যাখ্যা।

সংস্কার ও আত্মমনঃসংযোগবিশেষ স্বপ্নেরও হেতু। তবে স্মৃতিহেতু সংযোগে এবং স্বপ্নহেতু সংযোগে—একটু তারতম্য আছে, যেখানে নিদ্রা উদ্বোধক হয়—

সেই স্থানে স্বপ্ন, জাগ্রদবস্থায় উদ্বোধক জুটিলে স্মৃতি হয়। স্বপ্নে যে মানস জ্ঞান হয়—তাহার বিষয় এক একটী করিয়া অনুভূত থাকে, কিন্তু সমস্তটা মিলাইয়া তাহা অনুভূত থাকে না, পক্ষান্তরে যেমনভাবে অনুভব থাকিবে, স্মৃতি তদনুরূপ হয়। স্বপ্নজ্ঞান প্রমা নহে, তাহা নিদ্রাধীন দোষহেতুকই হইয়া থাকে ॥৭॥

উপস্কারঃ।

তদেবং চতুর্বিধাং বিদ্যাং ব্যুৎপাদ্য ইদানীমবিদ্যাং ব্যুৎপাদয়িতুমর্হতি, তত্র সংশয়বিপর্য্যয়ৌ প্রসঙ্গাৎ পূর্ব্বমেব নিরূপিতৌ, স্বপ্নং নিরূপয়িতুমাহ।

যথাত্মমনসোঃ সংযোগবিশেষাৎ সংস্কারাচ্চ স্মৃতিস্তথা স্বপ্নজ্ঞানমতীতার্থঃ। উপরতেন্দ্রিয়-গ্রামস্য প্রলীনমনস্কস্য ইন্দ্রিয়দ্বারেণ যদনুভবনং মানসম্, তৎ স্বপ্নজ্ঞানম্, তচ্চ ত্রিবিধং কিঞ্চিৎ সংস্কারপাটবাৎ কামী ক্রুদ্ধো বা যদর্থমাদৃতশ্চিন্তয়ন্ স্বপিতি তস্য তস্যামবস্থায়াং প্রত্যক্ষাকারং জ্ঞানং পুরাণাদিশ্রবণজনিতসংস্কারবশাজ্জায়তে কর্ণার্জ্জুনীয়ং যুদ্ধমিদমিত্যাকারম্, কিঞ্চিদ্ধাতুনাং বাতপিত্তশ্লেষ্মণাং দোষাৎ, তত্র বাতদোষাদাকাশগমন-বসুন্ধরাপর্য্যটন-ব্যাঘ্রাদিভয়পলায়নাদীনি পশ্যতি, পিত্তোপচয়দোষমহিম্না বহ্নিপ্রবেশ-বহ্নিজ্বালালিঙ্গন-কনকপর্ব্বত-বিদ্যুল্লতাবিস্ফুরণদিগ্‌দাহাদিকং পশ্যতি, শ্লেষ্মদোষপ্রাবল্যাত্তু সমুদ্রসন্তরণনদীমজ্জন-ধারাসারবর্ষণরজতপর্ব্বতাদি পশ্যতি, অদৃষ্টবশাদপি তজ্জন্মানুভূতেষু জন্মান্তরানুভূতে বা নিদ্রোপপ্লুতান্তঃকরণস্য যজ্ জ্ঞানমুৎপদ্যতে তত্র শুভাবেদকং ধর্ম্মাৎ গজারোহণ-পর্ব্বতারোহণ-ছত্রলাভ-পায়সভক্ষণ-রাজসন্দর্শনাদিবিষয়কম্ অধর্ম্মাত্তু তৈলাভ্যঞ্জনান্ধকূপপতনোষ্ট্রারোহণ-পঙ্কমজ্জন-স্ববিবাহদর্শনাদিবিষয়কং স্বপ্নজ্ঞানমুৎ-পদ্যতে, ত্রয়াণাং মিলিতানামেবাত্র কারণত্বং গুণপ্রধানভাবমাশ্রিত্যায়ং বিভাগো দ্রষ্টব্যঃ ॥ ৭ ॥

পরিষ্কারঃ।

সংশয়বিপর্য্যয়াবিতি সংশয়ানধ্যবসায়াবিত্যর্থঃ। অনধ্যবসায়স্যাধ্যবসায়বিপ-র্য্যয়রূপতয়া তথাভিধানমিতি ভাবঃ। নিরূপিতাবিতি সাক্ষাৎ প্রকারান্তরেণ বা জ্ঞাপিতাবিত্যর্থঃ। সাধারণধর্ম্মবদ্ধর্ম্মিজ্ঞানস্য সংশয়কারণত্বেনোল্লেখেন সাক্ষান্নিরূ-পণম্, অসাধারণধর্ম্মবদ্ধর্ম্মিজ্ঞানস্য তৎকারণত্বানুল্লেখেন, তস্যানধ্যবসায়কারণত্ব-সূচনমিত্যনধ্যবসায়স্যাপি নিরূপণমুক্তম্। অত্র বিপর্য্যয়পদস্য যথাশ্রুতার্থকত্বে বিপর্য্যয়ে বর্ত্তত ইতি বক্ষ্যমাণগ্রন্থবিরোধ ইতি দ্রষ্টব্যম্ ॥ ৭—৮ ॥

স্বপ্নান্তিকম্ ॥ ৮ ॥

অনুবাদ।

স্বপ্নান্তিক (তদ্রূপ) ॥ ৮ ॥

ব্যাখ্যা।

স্বপ্নের মধ্যে যে স্বপ্নানুভূত বস্তুস্মৃতি, অথবা স্বপ্নের মধ্যে যে, 'আমি শয়ন

করিয়া আছি' ইত্যাদি প্রকৃত জ্ঞান, তাহা স্বপ্নান্তিক নামে অভিহিত। তাহার প্রতিও সংস্কার কারণ ॥৮॥

উপস্কারঃ।

নন্থ যজ্জ্ঞানং স্বপ্নমধ্যে স্বপ্নজ্ঞানানুভূতস্যৈবার্থস্য স্মৃতিরূপং জায়তে তত্র স্বপ্নত্বং ন বর্ত্ততে স্বপ্নস্যানুভবরূপত্বাৎ তথাচ কস্মাৎ কারণাত্তদুৎপত্তিরিত্যত আহ।

তথেতি পূর্ব্বসূত্রাদনুবর্ত্ততে তেনাত্মমনসোঃ সংযোগবিশেষাৎ সংস্কারাচ্চ যথা স্বপ্নস্তথা স্বপ্নান্তিকমপীত্যর্থঃ। এতাবানেব বিশেষো যৎ স্বপ্নজ্ঞানং পূর্ব্বানুভবজনিতাৎ সংস্কারাৎ, স্বপ্নান্তিকন্তু তৎকালোৎপন্নানুভবজনিতসংস্কারাদেব; তদুক্তং প্রশস্তদেবাচার্য্যৈঃ "অতীতজ্ঞানপ্রত্যবেক্ষণাৎ স্মৃতিরেব" ইতি। উক্তঞ্চ বৃত্তিকারৈঃ "অনুভূতবস্তুস্মরণার্থতয়া ন স্মরণাদর্থান্তরং স্বপ্নজ্ঞানম্" ইতি। স্বপ্নমধ্যে প্রমাভূতং যজ্জ্ঞানং তৎ স্বপ্নান্তিকমিতি কেচিৎ, যথা শয্যায়াং শয়ানোঽস্মীত্যাদি ॥ ৮ ॥

ধর্ম্মাচ্চ ॥ ৯ ॥

অনুবাদ।

ধর্ম্ম হইতেও (হয়) ॥ ৯ ॥

ব্যাখ্যা।

স্বপ্নদর্শনে যে বিশেষভাবে অনুভব, অদৃষ্টও তাহার হেতু। কেহ বলেন, পূর্ব্বসংস্কার না থাকিলেও অদৃষ্টবশতঃ স্বপ্নদর্শন ঘটে; সেই স্বপ্ন সুখহেতু হইলে ধর্ম্মমূলক, দুঃখহেতু হইলে অধর্ম্মমূলক। অন্যে বলেন, তা নয় পূর্ব্বানুভব চাইই, তবে পূর্ব্বানুভব সামান্যাকারে থাকিলেও যে স্বপ্নে প্রত্যক্ষ হয় তাহা অদৃষ্টমূলক ॥৯

উপস্কারঃ।

স্বপ্নস্বপ্নান্তিকয়োঃ কারণং সমুচ্চিনোতি।

অধর্ম্মসমুচ্চয়ার্থশ্চকারঃ। কৃতব্যাখ্যানমেতৎ ॥ ৯ ॥

ইন্দ্রিয়দোষাৎ সংস্কারদোষাচ্চাবিদ্যা ॥ ১০ ॥

অনুবাদ।

ইন্দ্রিয়দোষ এবং সংস্কারদোষ হেতু অবিদ্যা ঘটিয়া থাকে ॥ ১০ ॥

ব্যাখ্যা।

দোষই ভ্রমের হেতু? ইন্দ্রিয়দোষ এবং সংস্কারদোষ উদাহরণস্বরূপ উল্লিখিত। এই দোষ একপ্রকার নহে, ব্যক্তিবিশেষে কালবিশেষে এবং দেশবিশেষে বিভিন্ন প্রকার দোষ আছে। ইন্দ্রিয়দোষ—যথা—চক্ষুর পিত্তজনিত হরিদ্রাদোষ, শ্বেত বস্তুকেও হরিদ্রাভ দেখিতে হয়। সংস্কারদোষ—অসদ্‌গ্রন্থ পাঠজনিত অনুভবের ফলে যে সংস্কার হয় তাহাই সংস্কারদোষ, যেমন আধুনিক কতিপয় ইংরাজিশিক্ষি-

তের ধর্ম্ম ও আচারবিষয়ে সংস্কারদোষ থাকায়, আমাদের শাস্ত্রসম্মত ধর্ম্মবিষয়ে তাহারা ভ্রান্ত। যাহা, যাহা নহে, তাহাকে সেই ভাবে অনুভব করাই ভ্রম, শঙ্খ শ্বেত, কিন্তু চক্ষুরোগের দোষে তাহাকে হরিদ্রাভ বলিয়া জ্ঞান হয়, ইহা ভ্রম। আমাদের ধর্ম্মমূলীভূত আচারকে—ইহা ধর্ম্মমূল নহে, এইরূপ নিশ্চয় করা হয়, তাহা ভ্রম। দূরস্থিত এক বস্তু অন্য বস্তুরূপে যে প্রতীত হয়, তাহার কারণ দূরত্বদোষ। সেই দূরত্বদোষ সকল ব্যক্তির পক্ষে সমান নহে, রাত্রি ও দিন এইরূপ সময়ভেদেও দূরত্বদোষের ভেদ হয়। সুতরাং দোষ যে ভ্রমের হেতু তাহা স্থির। দ্বিতীয় অধ্যায়ের দ্বিতীয় আহ্নিকে সংশয়ের হেতু নির্দেশ করা হইয়াছে, এই আহ্নিকের সপ্তম সূত্রেই স্বপ্নের হেতুও কথিত হইয়াছে, এই সূত্রে ভ্রমসামান্যের হেতু কথিত হইল। স্বপ্ন; সংশয় এবং বাধনিশ্চয় সর্ব্ববিধ ভ্রান্তির সাধারণ হেতু—ইন্দ্রিয়াদিদোষ, ইহা বুঝাইবার জন্যই এই সূত্র কথিত হইয়াছে ॥ ১০ ॥

উপস্কারঃ।

ইদানীং পর্য্যায়মধিকৃত্যাহ।

অবিদ্যেতি সামান্যবাচ্যপি পদং বিপর্য্যয়ে বর্ত্ততে প্রকরণাৎ সংশয়স্বপ্নানধ্যবসায়ানামুক্তত্বাৎ, তত্রেন্দ্রিয়দোষো বাতপিত্তাদ্যভিভবকৃতমপাটবম্, সংস্কারদোষো বিশেষাদর্শনসাহিত্যং, তদধীনং হি মিথ্যাজ্ঞানং জায়তে ॥ ১০ ॥

পরিষ্কারঃ।

ইন্দ্রিয়দোষাদিতি। ভ্রমসামান্যকারণনির্দ্দেশায় সূত্রমিদমিতি বা। সংস্কারদোষো-হসচ্ছাস্ত্রাধ্যয়নজনিতঃ সচ্ছাস্ত্রসিদ্ধান্তসংস্কারবিরোধী সংস্কার ইতি বা ॥ ১০—১১ ॥

তদ্দুষ্টজ্ঞানম্ ॥ ১১ ॥

অনুবাদ।

দুষ্টজ্ঞান (ই) অবিদ্যা ॥ ১১ ॥

ব্যাখ্যা।

যে জ্ঞান দুষ্ট—দোষজন্য, তাহাই অবিদ্যা অর্থাৎ ভ্রম ॥ ১১ ॥

উপস্কারঃ।

অবিদ্যাসামান্যলক্ষণমাহ।

তদিত্যব্যয়পদং সর্ব্বনামসমানার্থকমবিদ্যাং পরামৃশতি, সাহবিদ্যা, দুষ্টজ্ঞানং ব্যভিচারিজ্ঞান-মতস্মিংস্তদিতি জ্ঞানং ব্যধিকরণপ্রকারাবচ্ছিন্নং বিশেষ্যাবৃত্তিপ্রকারকমিতি যাবৎ, দোষাজ্জ্ঞান-জাবিশিষ্টরূপত্বমপি, তেনৈককোটিসত্ত্বেঽপি সংশয়ো দুষ্ট এবানবধারণাত্মকত্বাৎ, তদনেন সংশয়-বিপর্য্যয়স্বপ্নানধ্যবসায়ানাং চতুর্ণামপ্যুপগ্রহঃ ॥ ১১ ॥

অদুষ্টং বিদ্যা ॥ ১২ ॥

অনুবাদ।

বিদ্যা অদুষ্টজ্ঞান ॥ ১২ ॥

ব্যাখ্যা।

যাহা ভ্রমজ্ঞান নহে, তাহাই বিদ্যা অর্থাৎ যে জ্ঞান সর্ব্বাংশে প্রমা তাহাই বিদ্যাপদবাচ্য ॥ ১২ ॥

উপস্কারঃ।

জ্ঞানমিত্যনুবর্ত্ততে অদুষ্টমদুষ্টেন্দ্রিয়জন্যং যত্র যদস্তি তত্র তদনুভবো বা সমানাধিকরণপ্রকারকানুভবো বা বিশেষ্যাবৃত্ত্যপ্রকারকানুভবো বা বিদ্যেত্যর্থঃ, তচ্চাধ্যক্ষং লৈঙ্গিকঞ্চ দ্বয়মেব ॥ ১২ ॥

পরিষ্কারঃ।

সমানাধিকরণেতি তদ্বতি তৎপ্রকারকং জ্ঞানমিত্যর্থঃ। স্মৃতের্বিদ্যাত্বাভ্যুপগমেঽপি স্মৃতিকরণস্য প্রমাণত্ববারণায় প্রমাণলক্ষণপ্রবেশনীয়ায়াঃ প্রমায়াঃ স্বরূপজ্ঞাপনার্থমনুভব ইত্যুক্তম্। নির্ব্বিকল্পপ্রমাত্বরক্ষার্থং বিশেষ্যেতি দ্বিতীয়কল্পানুসরণম্ ॥ ১২

আর্ষং সিদ্ধদর্শনঞ্চ ধর্ম্মেভ্যঃ ॥ ১৩ ॥

অনুবাদ।

আর্ষজ্ঞান এবং সিদ্ধদর্শনের হেতু (বিবিধ) ধর্ম্ম ॥ ১৩ ॥

ব্যাখ্যা।

আর্ষজ্ঞান অর্থে যুক্তযোগীর প্রত্যক্ষ এবং সিদ্ধদর্শন অর্থে যুঞ্জানযোগীর প্রত্যক্ষ। ফলে এক আর্ষজ্ঞানই দ্বিবিধ, তাহা পূর্ব্বে কথিত হইয়াছে। তবে, যুক্তের প্রাধান্যহেতু এই সূত্রে তাঁহারা ঋষি এবং যুঞ্জানগণ সিদ্ধ নামে অভিহিত হইলেন। যোগজধর্ম্মপ্রভাবে ঐরূপ জ্ঞান হইয়া থাকে ॥ ১৩ ॥

নবম অধ্যায় দ্বিতীয় আহ্নিক সমাপ্ত।

উপস্কারঃ।

নন্বার্ষমপি জ্ঞানং সমানাধিকরণপ্রকারকমেব তচ্চ নেন্দ্রিয়জন্যমসন্নিকৃষ্টার্থগোচরত্বাৎ, ন লৈঙ্গিকং লিঙ্গানুসন্ধানমন্তরেণ জায়মানত্বাৎ, তথাচৈতৎকরণং তৃতীয়ং প্রমাণমায়াতমত আহ।

ঋষীণাং গালবপ্রভৃতীনাং যদতীতানাগতবিষয়কং জ্ঞানং তদার্ষম্, যচ্চ সিদ্ধানাং মন্ত্রৌষধিগুটিকাঞ্জনাদিনা ব্যবহিতবিপ্রকৃষ্টার্থগোচরজ্ঞানং প্রতিসিদ্ধিগতানাং যদ্দর্শনং তদুভয়ং ধর্ম্মেভ্যো ঽর্থসাক্ষাৎকারিজ্ঞানং জায়তে, তদ্যোগিপ্রত্যক্ষেঽন্তর্ভাবায় বিদ্যান্তরমিতি বৃত্তিকৃতঃ, আর্ষং জ্ঞানং চতুর্থী বিদ্যেব সা চ ঋষীণাং লৌকিকানাঞ্চ ভবতি, তচ্চ মানসং প্রত্যক্ষমেব উৎপ্রেক্ষাসহ-

কৃতেন মনসা জনিতং সিদ্ধদর্শনাদি-ক্রিয়জনিতং বা, প্রাক্তনীয়সংস্কারাধীনমেবাত্র ব্যাপ্তিস্মৃতিঃ, ধনশালেষ্টসাধনতাব্যাপ্তিগ্রহবৎ। প্রশস্তপাদাচার্য্যাস্ত সিদ্ধদর্শনং ন জ্ঞানান্তরমিত্যাহুঃ তথাহি যদি সিদ্ধানাং গুটিকাঞ্জনাদিনিমিত্তপ্রভবং ব্যবহিতবিপ্রকৃষ্টবিষয়ং তদুচ্যতে তদা প্রত্যক্ষমেব, যদি তু দিব্যান্তরীক্ষভৌমানাং গ্রহনক্ষত্রকাকাদিনিমিত্তাধীনং তদা তল্লৈঙ্গিকমেব তথা সহচারদর্শনেন ব্যাপ্তিপরিচ্ছেদাদিতি ॥ ১৩ ॥

ইতি শ্রীশাঙ্করে বৈশেষিকসূত্রোপস্কারে নবমাধ্যায়স্য দ্বিতীয়মাহ্নিকম্।

সমাপ্তশ্চায়ং নবমোঽধ্যায়ঃ।

নথার্থমপীতি। স্বমতে আর্ষং যোগজপ্রত্যক্ষপর্য্যায়ান্তরম্। অতএব পূর্ব্ব-স্রৈন্দ্রিয়ক-মধ্যে যোগিপ্রত্যক্ষমন্তর্ভাবিতম্। আর্ষন্ত প্রাতিভং প্রত্যক্ষরূপং বা লৈঙ্গিকং বেতি। অস্মাভিস্ত এতন্মতমনালোচ্য প্রাচাং সিদ্ধান্তানুরোধেন আর্ষং যোগিপ্রত্যক্ষ এব নিবেশিতং তথাপি যথা চাতুর্ব্বিধ্যং ভবতি তদুপপাদিতং প্রাক্। আর্ষং যুক্তপ্রত্যক্ষং সিদ্ধদর্শনং যুঞ্জানপ্রত্যক্ষমিতি সূত্রার্থো বা ॥ ১৩ ॥

ইতি গৌতমসিদ্ধকুলোদ্ভবশ্রীপঞ্চাননতর্করত্নভট্টাচার্য্যকৃতৌ বৈশেষিক-সূত্রোপস্কার-পরিষ্কারে নবমাধ্যায়ে দ্বিতীয়মাহ্নিকম্।

সমাপ্তশ্চ নবমোঽধ্যায়ঃ।

দশমাধ্যায়ে প্রথমাহ্নিকম্।

ইষ্টানিষ্টকারণবিশেষাদ্বিরোধাচ্চ মিথঃ সুখদুঃখয়োরর্থান্তর-ভাবঃ ॥ ১ ॥

অনুবাদ।

ইষ্টত্ব, অনিষ্টত্ব, কারণভেদ এবং (পরস্পর) বিরোধ হেতু সুখ ও দুঃখ পরস্পর ভিন্ন। ১।

ব্যাখ্যা।

মহর্ষি কণাদ বলিতেছেন, বৎসগণ! ধর্ম্মে মনোনিবেশ কর, যে মুক্তির অধিকারী, সে মুক্তিলাভ করিবে, নচেৎ স্বর্গসুখ ত অবশ্যম্ভাবী। বৎসগণ! দুঃখ কতই ভোগ করিয়া থাক; কিন্তু সুখ ইহার সম্পূর্ণ বিপরীত, কেননা সুখ ইষ্ট, দুঃখ বিদ্বিষ্ট বা অনিষ্ট, সুখের কারণ ধর্ম্ম, দুঃখের কারণ অধর্ম্ম, সুখের সময় দুঃখ থাকে না, দুঃখের সময় সুখ থাকে না, এইরূপ পরস্পর বিরোধ আছে; অতএব সুখ দুঃখ

—এক নহে; মুক্তি না চাও, দীর্ঘকাল সুখের জন্যও ধর্ম্মাচরণ কর। মহর্ষি গৌতম প্রমেয় গণনায় দুঃখের উল্লেখ করিয়াছেন, সুখের উল্লেখ করেন নাই; তাই বলিয়া ভাবিও না সুখ দুঃখেরই অন্তর্গত। তবে তিনি যে পৃথক্ বলেন নাই, তাহা মোক্ষাধিকারীর অনিত্য সুখে বৈরাগ্য উৎপাদনের জন্য। ঐ সকল সুখও পরিণামে দুঃখহেতু হয়, এই জন্যই কেবল দুঃখের উল্লেখ আছে। তবে ইহা স্থির যে, অনিত্যসুখ দুঃখহেতু হইলেও দুঃখ ও সুখ স্বরূপতঃ এক নহে ॥ ১ ॥

উপস্কারঃ।

আত্মগুণানাং কারণতো ভেদব্যুৎপাদনং দশমাধ্যায়ার্থঃ, তত্র "আত্মশরীরেন্দ্রিয়ার্থবুদ্ধিমনঃপ্রবৃত্তিদোষপ্রেত্যভাবফলদুঃখাপবর্গাস্তু প্রমেয়ম্" ইতি গৌতমীয়ে প্রমেয়বিভাগসূত্রে সুখস্যানভিধানাৎ দুঃখাভিন্নমেব সুখমিতি ভ্রমনিরাসার্থং সুখদুঃখয়োরেব প্রথমং ভেদমাহ।

সুখদুঃখয়োর্মিথঃ পরস্পরমর্থান্তরভাবো ভেদো বৈজাত্যমিতি যাবৎ, কুত ইত্যত আহ ইষ্টানিষ্টকারণবিশেষাৎ ইষ্টম্ ইষ্যমাণং স্রক্‌চন্দনবনিতাদি, অনিষ্টমনিষ্যমাণমহিকণ্টকাদি, তদ্রূপং যৎ কারণং তস্য বিশেষাদ্বৈজাত্যাৎ কারণবৈজাত্যাধীনং কার্য্যবৈজাত্যমাবশ্যকং যতঃ, ভেদকান্তরমাহ বিরোধাৎ সহানবস্থানলক্ষণাৎ ন হ্যেকস্মিন্নাত্মন্যেকদা সুখদুঃখয়োরনুভবঃ। চকারাদনয়োঃ কার্য্যভেদং ভেদকং সমুচ্চিনোতি, তথাহি অনুগ্রহাভিষঙ্গনয়নপ্রসাদাদি সুখস্য, দৈন্যমুখমালিন্যাদি দুঃখস্য কার্য্যমিতি ততোঽপ্যনয়োর্ভেদঃ। তদুক্তং প্রশস্তাচার্য্যৈঃ "অনুগ্রহলক্ষণং সুখং স্রগাদ্যভিপ্রেতবিষয়সান্নিধ্যে সতি ইষ্টোপলব্ধীন্দ্রিয়ার্থসন্নিকর্ষাদ্ধর্ম্মাদ্যপেক্ষাদাত্মমনসোঃ সংযোগাদ্ যদনুগ্রহাভিষঙ্গনয়নাদিপ্রসাদজনকমুৎপদ্যতে তৎ সুখম্" ইতি, তদিদমতীতেষু স্রক্‌চন্দনাদিষু স্মৃতিজমনাগতেষু সঙ্কল্পজম্, গৌতমীয়ে সূত্রে সুখাপরিগণনং বৈরাগ্যায় সুখমপি দুঃখত্বেন ভাবয়তো বৈরাগ্যং স্যাদেতদর্থমিতি ॥ ১ ॥

পরিষ্কারঃ।

'গৌতমীয়ে' ন্যায়দর্শনস্য প্রথমাধ্যায়প্রথমাহ্নিকনবমসূত্রে। দুঃখত্বেন ভাবয়ত ইতি নশ্বরত্বাদিনেতি ভাবঃ 'অনুগ্রহলক্ষণম্' অনুকূলবেদনীয়ম্ ॥ ১—৩ ॥

সংশয়নির্ণয়ান্তরাভাবশ্চ জ্ঞানান্তরত্বে হেতুঃ ॥ ২ ॥

অনুবাদ।

সুখ-দুঃখ যে জ্ঞানস্বরূপ নহে, তাহার হেতু সংশয় ও নিশ্চয় হইতে (তদুভয়ের) প্রভেদ। ২।

ব্যাখ্যা।

কেহ কেহ বলেন—সুখ-দুঃখ জ্ঞানবিশেষ মাত্র—স্বতন্ত্র কোন গুণ নহে; তাহার উত্তরে এই সূত্রে কথিত হইতেছে। স্থূলতঃ জ্ঞান দ্বিবিধ, সংশয় এবং নিশ্চয়; সুখ বা দুঃখ যখন সংশয় বা নিশ্চয়স্বরূপ নহে, তখন সুখ-দুঃখকে জ্ঞান-

স্বরূপ বলিতেই পার না, সংশয় এবং নিশ্চয়াতিরিক্ত ত জ্ঞান নাই। সুখের উৎপত্তির পরে কোন ব্যক্তিই আমি সংশয়কর্ত্তা বা নিশ্চয়কর্ত্তা এরূপ স্থির করে না, আমি সুখী এইরূপই অনুভব করে। বিশেষতঃ সংশয়ের দুইটী প্রকার বা বিশেষণনামক বিষয়, নিশ্চয়ের একটী, সুখের মোটেই নাই, দুঃখেরও তাই। ফল কথা এই যে, জ্ঞান সবিষয়ক, সুখদুঃখ নির্ব্বিষয়ক; অতএব সুখদুঃখ ও জ্ঞান এক হইতে পারে না ॥ ২ ॥

উপস্কারঃ।

নন্বাস্তাং সুখদুঃখে পরস্পরং ভিন্নে জ্ঞানাদভিন্নে স্যাতাং প্রেত্যানুভববদিত্যত আহ।

সুখদুঃখয়োর্জ্ঞানান্তরত্বে জ্ঞানভিন্নত্বে সংশয়নির্ণয়াভ্যান্তরত্বাভাবো হেতুর্লিঙ্গমিত্যর্থঃ, তথাহমর্থঃ সুখং দুঃখং বা জ্ঞানং ভবৎ সংশয়রূপং বা স্যাৎ নির্ণয়রূপং বা, নাদ্যঃ কোটিদ্বয়ানুল্লেখিত্বাৎ, ন দ্বিতীয়ঃ এককোট্যনুল্লেখিত্বাৎ, তথাচ যাবদ্বিশেষবাধাৎ সামান্যবাধঃ, দ্বাবেব হি জ্ঞানস্য বিশেষৌ সংশয়ত্বং নির্ণয়ত্বঞ্চ, তদুভয়ঞ্চ সুখে দুঃখে চ বাধিতমিতি জ্ঞানত্বমপি তত্র বাধিতম্, চকারাদনুভববাধং সমুচ্চিনোতি সুখদুঃখয়োরহং সুখী দুঃখীতি মানসোঽনুভবো ন ত্বহং জানে সন্দেগ্ধি নিশ্চিনোমীত্যাকারোঽনুভব ইতি ॥ ২ ॥

তয়োর্নিষ্পত্তিঃ প্রত্যক্ষলৈঙ্গিকাভ্যাম্ ॥ ৩ ॥

অনুবাদ।

সংশয় এবং নিশ্চয়ের উৎপত্তি ইন্দ্রিয়সন্নিকর্ষ এবং লিঙ্গ হইতে (হইয়া থাকে)। ৩।

ব্যাখ্যা

ইন্দ্রিয়সন্নিকর্ষ হইতে সংশয় ও নিশ্চয় হয়, লিঙ্গ বা লিঙ্গজ্ঞান নিশ্চয়ের হেতু; মতান্তরে লিঙ্গজ্ঞান সংশয়হেতুও হইতে পারে;—যাহা হউক সেই সকল হেতু হইতে সুখ-দুঃখের উৎপত্তি হয় না। এই যে কারণগত বৈলক্ষণ্য ইহাও তদুভয়ের স্বরূপ-বৈলক্ষণ্যের হেতু ॥ ৩ ॥

উপস্কারঃ।

ভেদকান্তরমাহ।

তয়োঃ সংশয়নির্ণয়য়োর্নিষ্পত্তিরুৎপত্তিঃ প্রত্যক্ষাল্লিঙ্গাচ্চ সুখং দুঃখং বা ন প্রত্যক্ষসামগ্রীজন্যং ন বা লিঙ্গজন্যম্, চতুর্ব্বিধং হি সুখং বৈষয়িকং মানোরথিকম্ আভিমানিকমাভ্যাসিকঞ্চ, তত্র প্রথমাণামিন্দ্রিয়সন্নিকর্ষপ্রভবত্বং নাস্ত্যেব প্রথমমিন্দ্রিয়ার্থসন্নিকর্ষজত্বাৎ জ্ঞানং স্যাদিতি চেন্ন ন্যায়মতোক্ত-দেশস্য কার্য্যস্য সাজাত্যানাপাদকত্বাৎ অন্যথা দিক্কালসাধারণ্যেন সকলকার্য্যৈকজাত্যাপত্তেঃ, কিঞ্চ ইন্দ্রিয়ার্থসন্নিকর্ষাদুৎপদ্যমানং সুখং নির্ব্বিকল্পকং বা স্যাৎ সবিকল্পকং বা, নাদ্যঃ অতীন্দ্রিয়ত্ব-প্রসঙ্গাৎ, ন দ্বিতীয়ঃ বিশেষ্যবিশেষণভাবেনার্থদ্বয়াবগাহনাকলনরূপত্বাৎ, কিঞ্চ সুখদুঃখয়োরযঞ্চসংবেদ্য-

ত্বাৎ, জ্ঞানস্বাবজ্ঞসংবেদ্যত্বেহনবস্থাপ্রসঙ্গাৎ, লৈঙ্গিকমিতি লিঙ্গমেব বৈষয়িকবৎ। বৃত্তিকৃতস্তু তয়োর্দুঃখসুখয়োর্নিষ্পত্তিঃ প্রত্যক্ষলৈঙ্গিকাভ্যাং প্রত্যক্ষলৈঙ্গিকজ্ঞানব্যাখ্যানাভ্যাং ব্যাখ্যাতা প্রত্যক্ষং জ্ঞানমিন্দ্রিয়জম্, লৈঙ্গিকন্তু লিঙ্গজম্, সুখাদিকন্তু নৈতাদৃশমিতি ব্যাচক্রুঃ ॥ ৩ ॥

অভূদিত্যপি ॥ ৪ ॥

অনুবাদ।

হইয়াছিল এমন জ্ঞানও ত হয়। ৪।

ব্যাখ্যা।

সুখ এবং সুখজ্ঞান, দুঃখ এবং দুঃখজ্ঞান একই বস্তু—সুখদুঃখ ত সামান্য জ্ঞানস্বরূপ নহে। তাহার উত্তর এই, সুখ বা দুঃখ হইয়াছিল অথবা হইবে, এই যে জ্ঞান, ইহাও ত সুখদুঃখজ্ঞান,—ইহা যদি সুখ বা দুঃখস্বরূপ হইত, তাহা হইলে সুখ দুঃখের অসত্তাতেও মানুষ সুখী বা দুঃখী এইরূপে ব্যবহৃত হইত। সুখদুঃখ-প্রত্যক্ষের নাম সুখদুঃখ বলিলে, সুখদুঃখের স্বতন্ত্র অস্তিত্ব মানিতেই হয়; কেন না, প্রত্যক্ষের প্রতি বিষয় কারণ হইয়া থাকে, ধনী মানী এইরূপ যে প্রত্যক্ষ হয়—ধন মান সেই প্রত্যক্ষের বিষয়ীভূত হইয়া থাকে, আর সুখী বা দুঃখী এই প্রত্যক্ষ সুখদুঃখবিষয়ীভূত হইবে না—এ একটী অপূর্ব্ব নির্ব্বিষয়ক প্রত্যক্ষ; এরূপ কল্পন সাহসমাত্র। অতএব সুখদুঃখ সুখদুঃখপ্রত্যক্ষস্বরূপ ত নহেই, জ্ঞানস্বরূপও হইতে পারে না ॥ ৪ ॥

উপস্কারঃ।

লৈঙ্গিকজ্ঞানাৎ সুখাদেঃ প্রকারভেদাধীনং ভেদমাহ।

ইতিশব্দঃ প্রকারে, অপিশব্দো ভবিষ্যাতীতাকারান্তরসমুচ্চয়ে, তথাচ পর্ব্বতে বহ্নিরভূদ্বিষ্যতি বেতি লৈঙ্গিকে জ্ঞানেঽতীতাদিঃ প্রকারো দৃশ্যতে ন চৈবং প্রকারং সুখং দুঃখং বা উৎপাদয়ন্নমুপলব্ধম্ ॥ ৪ ॥

সতি চ কার্য্যাদর্শনাৎ ॥ ৫ ॥

অনুবাদ।

তৎসত্ত্বে কার্য্যদর্শন ত হয় না অতএব (জ্ঞানস্বরূপ নহে) ॥ ৫ ॥

ব্যাখ্যা।

যদি অতীত সুখদুঃখবিষয়ক জ্ঞানও সুখদুঃখস্বরূপ হইত, তাহা হইলে সেই জ্ঞান সত্ত্বে সুখের কার্য্য মুখের প্রফুল্লতা, দুঃখের কার্য্য মলিনতা প্রভৃতি হইত, কিন্তু তাহা ত তখন দেখা যায় না। অতএব সুখদুঃখজ্ঞান সুখদুঃখস্বরূপ নহে ॥ ৫ ॥

উপস্কারঃ।

ভেদকান্তরং সমুচ্চিনোতি।

সতি ইন্দ্রিয়ার্থসন্নিকর্ষে সতি চ ব্যাপ্তিপক্ষধর্ম্মতাদিপ্রতিসন্ধানে কার্য্যস্য সুখস্য দুঃখস্য বাঽদর্শনাৎ ন প্রত্যক্ষমাত্রং সুখং দুঃখং বা ন লৈঙ্গিকমাত্রং বা, তদয়মর্থঃ জ্ঞানসামান্যং তাবৎ সুখদুঃখে ন ভবত ইত্যুক্তং জ্ঞানবিশেষঃ প্রত্যক্ষজ্ঞানং বা ভবেদনুমিতিরূপং বা ইন্দ্রিয়ার্থসন্নিকর্ষে স্রক্চন্দনাদিপ্রত্যক্ষে সুখস্যানুভবাভাবাৎ, ন দ্বিতীয়ঃ চন্দনাদ্যনুমিতৌ বহ্ন্যাদ্যনুমিতৌ বা সুখত্বদুঃখত্বাস্যতরানুভবাৎ এবং প্রত্যক্ষবিশেষেঽনুমিতিবিশেষে বা সুখদুঃখয়োরনুভবান্ন তদ্বিশেষোঽপীতি ॥ ৫

পরিষ্কারঃ।

ইতি শব্দ ইতি। অভূদপীত্যংশস্যোত্তরসূত্রস্য চার্থান্তরমিদম্। তথাহি—ন হি সুখজ্ঞানং সুখং, সুখমভূদিত্যাদ্যাকারকবর্ত্তমানজ্ঞানস্য সুখত্বাপত্ত্যা, তজ্জ্ঞানবতস্তদানীং সুখিত্বব্যবহারাপত্তেঃ। ন চেষ্টাপত্তিঃ সুখকার্য্যস্য মুখপ্রসাদাদেস্তদানীমদর্শনাদিতি ॥ ৪।৫ ॥

সূত্রম্। একার্থসমবায়িকারণান্তরেষু দৃষ্টত্বাৎ ॥ ৬ ॥

অনুবাদ।

একার্থসমবায়ী কারণান্তর সত্ত্বে সুখদুঃখ হয়, ইহা প্রত্যক্ষসিদ্ধ, অতএব (সুখদুঃখপ্রত্যক্ষ ও সুখদুঃখ এক নহে)। ৬

ব্যাখ্যা।

একার্থসমবায়ী অর্থাৎ একবস্তুতে সমবায় সম্বন্ধে থাকে, এমন যে কতিপয় কারণ যাহা সাধারণতঃ প্রত্যক্ষহেতু নহে—তাহা সম্মিলিত হইলে তবে সুখদুঃখ হয় ইহা প্রত্যক্ষ। মনে কর, সুখপ্রত্যক্ষে সুখ কারণ—কিন্তু সুখে অনুরাগ, স্রক্চন্দনাদি জ্ঞান এসব ত প্রত্যক্ষকারণ নহে, তাহা অপেক্ষা অতিরিক্ত, অথচ এই সকল কারণ যতক্ষণ না ঘটিবে ততক্ষণ সুখ-দুঃখ হয় না, কারণ ঘটিলেই সুখ-দুঃখ হইবে, অতএব সুখাদিপ্রত্যক্ষ ও সুখাদি এক বস্তু নহে। ৬।

উপস্কারঃ।

ভেদকান্তরমাহ।

সুখদুঃখয়োরিতি শেষঃ, সুখং প্রতি একার্থসমবেতানি অসাধারণকারণানি, ধর্ম্মঃ, সুখে রাগঃ, সুখকারণেচ্ছা, তদুপাদানযত্নঃ, স্রক্চন্দনাদিজ্ঞানম্, দুঃখং প্রতি তু অধর্ম্মঃ, অনিষ্টকণ্টকাদিজ্ঞানম্, এষু একার্থসমবায়িষু কারণেষু দৃষ্টত্বাদিত্যর্থঃ, জ্ঞানন্তু নির্ব্বিকল্পকমেকার্থসমবেতমসাধারণকারণং সাপেক্ষত এব, সবিকল্পকমপেক্ষতে বিশেষণজ্ঞানং তত্র কারণান্তরং স্ববিজাতীয়ং কারণং ন ভবতি মনঃসংযোগস্তু সাধারণত্বাদবিবক্ষিতঃ। যদ্যপি স্মৃতিঃ সংস্কারমসাধারণমপেক্ষতে তথাপি তদ্বৈলক্ষণ্য

স্ফুটসিদ্ধ এবেত্যনুভবমাত্রায় ভেদচিন্তনাৎ। লৌকিকে যদ্যপি ব্যাপ্তিস্মৃতিপক্ষধর্ম্মতাদিজ্ঞানাপেক্ষা সমানুভবনবেমেব তদনুপপাসঃ। তদয়ং প্রমাণার্থঃ সুখদুঃখে অনুভবভিন্নে সমানাধিকরণ-স্ববিজাতীয়সাধারণকারণজন্যত্বাৎ স্মৃতিবদাদাশব্দবচ্চ ॥ ৬ ॥

পরিস্কার।

স্রকচন্দনাদিজ্ঞানমিতি ইষ্টোৎপন্নধীত্যস্য প্রাগুক্তপ্রশস্তদেবসন্দর্ভস্য ব্যাখ্যানম্ ॥৬

একদেশে ইত্যেকস্মিন্ শিরঃ পৃষ্ঠমুদরং মর্ম্মাণি তদ্বিশেষ-স্তদ্বিশেষেভ্যঃ ॥ ৭ ॥

অনুবাদ।

(সুখ ও জ্ঞান) একদেশে উৎপন্ন হয় এই—! (তা) মস্তক, পৃষ্ঠ, উদর এবং মর্ম্মস্থান এক শরীরেই (থাকে, কিন্তু) তাহার অর্থাৎ তদীয় কারণাদির ভেদ-প্রযুক্ত তাহাদেরও ত পরস্পর ভেদ আছে। ৭

ব্যাখ্যা।

সুখদুঃখ ও সুখদুঃখপ্রত্যক্ষ যখন এক আত্মাতে হয়, এবং সুখ ও সুখপ্রত্যক্ষ অথবা দুঃখ ও তৎপ্রত্যক্ষ পরস্পর সমানকালীনও বটে, তখন ঐ সুখাদির সহিত তৎপ্রত্যক্ষে প্রভেদ নাই—এই আপত্তির উত্তরে বর্ত্তমান সূত্র। একদেশে এক সময় থাকিলেই যে দুইটী বস্তু এক হয় তাহা নহে, একই শরীরে, একই সময়ে মস্তক, পৃষ্ঠ, উদর ও মর্ম্মস্থান আছে—তাহারা ত এক নহে; যেমন ঐ স্থলে প্রত্যেক অঙ্গেরই স্বরূপ কারণ ইত্যাদির ভেদ আছে, তাহাতেই ঐ সকল অঙ্গের ভেদসিদ্ধি হইয়া থাকে; সেইরূপ এখানেও সুখদুঃখপ্রত্যক্ষ এবং সুখ-দুঃখের কারণাদিভেদ প্রযুক্তই ভেদ জানিবে, একস্থানে স্থিতি অভেদপ্রয়োজক নহে। ৭।

দশম অধ্যায় প্রথম আহ্নিক সমাপ্ত।

উপস্কারঃ।

ননু যদি কারণভেদাধীনো জ্ঞানাৎ সুখদুঃখয়োঃ সুখাচ্চ দুঃখস্য স্তম্ভকুম্ভাদিবদেব পরস্পরং ভেদঃ তদা শরীরস্যৈতদবয়বানাঞ্চ শিরঃপাদপৃষ্ঠোদরাদীনাং ন পরস্পরং ভেদঃ স্যাৎ,তত্র হি পরমাণু-দ্ব্যণুকাদীনাং লোহিতশ্বেতয়োর্ব্বা কারণানামবিশেষাদিত্যত আহ।

একদেশ ইতি অবয়বে ইত্যর্থঃ, একস্মিন্নিতি শরীরে ইত্যর্থঃ, শির ইত্যাকদেশঃ উদরং পৃষ্ঠং

মর্ম্মাণি * স্নাযুপ্রভৃতীনি, তেষাং বিশেষো বৈজাত্যং তদ্বিশেষেভ্যস্তৎকারণবিশেষেভ্যঃ তত্রাপি কারণবৈজাত্যাদেব বৈজাত্যং ন হি বিজাতীয়ং শিরঃ সমবায়িকারণং তজ্জাতীয়মেবোদরপৃষ্ঠাদেরপি, তত্তৎকপালাদ্যুপাদানবৈজাত্যাৎ, পটঘটাদৌ বৈজাত্যবৎ, তত্রাপি বৈজাত্যসম্ভবাৎ তত্তৎকপালাদেরপি অংশুশর্করাদিবৈজাত্যাৎ এবং তত্র তত্রাপ্যবেষ্টব্যং, পরমাণূনাং সাধারণ্যেঽপি স্বস্বোপাদানবৈজাত্যস্য সর্ব্বত্র বৈজাত্যপ্রয়োজকত্বাৎ দ্রব্যান্তরেণ তূপাদানসাজাত্যং ন বৈজাত্যপ্রয়োজকমিতি দিক্ ॥ ৭ ॥

ইতি শ্রীশাঙ্করে বৈশেষিকসূত্রোপস্কারে দশমাধ্যায়স্য প্রথমমাহ্নিকম্ ॥

পরিষ্কারঃ।

নন্বু সুখদুঃখাদীনাং পরস্পরবিরুদ্ধরূপত্বে শীতোষ্ণয়োরিবৈকদেশবৃত্তিত্বং ন স্যাদিত্যাশঙ্কায়ামেকদেশ ইতি সূত্রম্। যথা শিরঃপৃষ্ঠাদীন্যঙ্গানি পরস্পরবিরুদ্ধরূপাণি ভবন্ত্যপি একস্মিন্নবয়বিনি সম্বধ্নন্তি, তেষাং স্বরূপভেদশ্চ তত্তৎকারণভেদনিবন্ধনস্তথা সুখদুঃখাদীনামপি পক্ষে বোধ্যম্ ইতি তু সূত্রব্যাখ্যানান্তরম্ ॥ ৭ ॥

ইতি দশমাধ্যায়স্য প্রথমাহ্নিকম্।

দশমাধ্যায়ে দ্বিতীয়াহ্নিকম্।

কারণমিতি দ্রব্যে কার্য্যসমবায়াৎ ॥ ১ ॥

অনুবাদ।

যেহেতু কার্য্য (দ্রব্যে) সমবেত অতএব ইহা কারণ এইরূপ ব্যবহারাদি দ্রব্যে (হইয়া থাকে)। ১।

ব্যাখ্যা।

সুখ ও তৎপ্রত্যক্ষের কারণভেদ-কথন প্রসঙ্গে কারণ সম্বন্ধে বিশেষ বিবরণ এই স্থানে কথিত হইতেছে ;—দ্রব্য কারণ, কেননা কার্য্য দ্রব্য-গুণ-কর্ম্ম সমবায়-সম্বন্ধে দ্রব্যেই থাকে। কার্য্য সমবায়সম্বন্ধে থাকে বলিয়া উহাই সমবায়িকারণ। ১।

উপস্কারঃ।

ইদানীং প্রসঙ্গতস্ত্রয়াণাং কারণানাং বিশেষবিবেচনমারভতে।

কারণং সমবায়িকারণমিদমিতি প্রতীতিপ্রয়োগৌ দ্রব্যে দ্রষ্টব্যৌ, কুত এবমত আহ কার্য্যসমবায়াৎ কার্য্যাণি দ্রব্যগুণকর্ম্মাণি তত্রৈব সমবয়ন্তি যতঃ ॥ ১ ॥

সংযোগাদ্বা ॥ ২ ॥

অনুবাদ।

সংযোগ প্রযুক্তও বটে। ২।

ব্যাখ্যা।

কেবল যে সমবায়িকারণ বলিয়া দ্রব্য কারণরূপে ব্যবহৃত হয় তাহা নহে, সংযোগ দ্বারা দ্রব্য নিমিত্তকারণও হইয়া থাকে, যথা বস্ত্র-উৎপত্তিতে তুরী; তুরী তন্তু-সংযোগ-ফলে বস্ত্র উৎপন্ন হয়—ইন্দ্রিয়-সংযোগে প্রত্যক্ষ হয়, সুতরাং কোন কোন দ্রব্য সংযোগ-সম্বন্ধে কার্য্যবিশেষের উৎপাদক হয় বলিয়া নিমিত্ত-কারণরূপেও ব্যবহৃত হইয়া থাকে। ২

উপস্কারঃ।

তৎ কিং সমবায়িকারণত্বমাত্রং দ্রব্যাণামত আহ।

পটোৎপত্তৌ তন্তূনাং সমবায়িকারণত্ববৎ নিমিত্তকারণত্বমপি, তুরীতন্তুসংযোগস্যাপি পটকারণত্বাৎ তৎসংযোগদ্বারা তুরীতন্তোশ্চ পটনিমিত্তকারণত্বমপি, বাকারঃ সমুচ্চয়ে, তুরীতন্তুসংযোগং প্রতি তন্তোঃ সমবায়িকারণত্বেঽপি পটং প্রতি তদ্দ্বারা নিমিত্তকারণত্বাৎ ॥ ২ ॥

কারণে সমবায়াৎ কর্ম্মাণি ॥ ৩ ॥

অনুবাদ।

কর্ম্ম, (কার্য্যান্তরের) সমবায়িকারণে সমবায় সম্বন্ধে থাকে বলিয়া (কারণরূপে ব্যবহৃত হয়)। ৩।

ব্যাখ্যা।

কর্ম্ম, সংযোগ প্রভৃতির অসমবায়িকারণ বলিয়া কারণরূপে ব্যবহৃত হইয়া থাকে। কর্ম্ম সংযোগাদির সমবায়িকারণ যে দ্রব্য, তাহাতে সমবায়-সম্বন্ধে থাকিয়া সংযোগের প্রতি কারণ হয়, এই জন্য উহা অসমবায়িকারণ। ৩।

উপস্কারঃ।

কর্ম্মাণি যাদৃশকারণকং তদাহ।

অসমবায়িকারণানীতি শেষঃ। অসমবায়িকারণত্বঞ্চ কার্য্যকারণভাবসম্বন্ধোকার্থসমবেতকারণত্বং তচ্চ কার্য্যৈকার্থসমবায়াৎ, কারণৈকার্থসমবায়াদ্বা, তত্রাদ্যা নয়ং দ্বিতীয়া মহতীতি বৈশেষিকপরিভাষা, তত্র কর্ম্ম প্রত্যাসত্ত্যা সংযোগবিভাগসংস্কারান্ প্রতি কর্ম্মণামসমবায়িকারণত্বমিত্যত আহ কারণে সমবায়াৎ কারণে সংযোগাদ্যসমবায়িকারণে সমবায়াৎ তথাচ কার্য্যৈকার্থসমবায়প্রত্যাসত্ত্যা সংযোগাদৌ কর্ম্মণোঽসমবায়িকারণত্বমিত্যর্থঃ ॥ ৩ ॥

তথা রূপে কারণৈকার্থসমবায়াচ্চ ॥ ৪ ॥

অনুবাদ।

কারণে একার্থসমবায় অর্থাৎ সামানাধিকরণ্য আছে বলিয়া রূপে কারণ ব্যবহার হয়। ৪।

ব্যাখ্যা।

রূপাদিও অসমবায়িকারণ হয়—কপালরূপ ঘটরূপের অসমবায়িকারণ, কপালরূপ ঘটরূপের—সমবায়িকারণ ঘটে—সমবায় সম্বন্ধে না থাকিলেও একার্থ-সমবায় অর্থাৎ সামানাধিকরণ্য সম্বন্ধে আছে। কেননা ঘট কপালে সমবায়িসম্বন্ধে আছে,—কপালরূপও কপালে সমবায়সম্বন্ধে আছে। ৪।

উপস্কারঃ।

[illegible]ং গুণানামবয়বরর্ত্তিনামবয়বিগুণাদিষু কীদৃশী কারণতেত্যপেক্ষায়ামাহ।

রূপ ইতি রূপরসগন্ধস্পর্শসংখ্যাপরিমাণপৃথক্ত্বগুরুত্বদ্রবত্বস্নেহাদ্যুপলক্ষয়তি, তথৈত্যসমবায়ি-কারণত্বমতিদিশতি, কারণৈকার্থসমবায়াদিতি অবয়বিরূপাদীনাং সমবায়িকারণং যদবয়বি তেন সহৈকার্থ[illegible]য়েন সহৃত্য প্রত্যাসত্ত্যাঽবয়বিরূপাদিকমারভতে, তদ্ যথা কপালরূপাদি ঘটে রূপাদিকমারভতে ইতি সম্বন্ধ দ্রষ্টব্যম্, চকারাদমীষাং ক্বচিন্নিমিত্তত্বমপি সমুচ্চিনোতি ॥ ৪ ॥

কারণসমবায়াৎ সংযোগঃ পটস্য ॥ ৫ ॥

অনুবাদ।

কারণে সমবায়সম্বন্ধে আছে বলিয়া সংযোগ বস্ত্রের (অসমবায়ি-কারণ হইয়া কারণরূপে ব্যবহৃত হয়)। ৫।

ব্যাখ্যা।

বস্ত্রের সমবায়িকারণ তন্তু, তন্তুগণের পরস্পর সংযোগ এই বস্ত্র-উৎপত্তির হেতু, অথচ সেই সংযোগ তন্তুতে সমবায়সম্বন্ধে আছে, অতএব উহা অসম-বায়িকারণ। ৫।

উপস্কারঃ।

দ্রব্যারম্ভে সংযোগস্যাসমবায়িকারণস্য লক্ষণং প্রত্যাসত্তিমাহ।

কারণে সমবায়িকারণে সমবায়াৎ সংযোগোঽপি পটাদৌ কার্য্যে কার্য্যৈকার্থসমবায়লক্ষণয়া প্রত্যাসত্ত্যাঽসমবায়িকারণমিত্যর্থঃ, পটপদেন কার্য্যদ্রব্যমাত্রমুপলক্ষয়তি, যদি তর্হি [illegible] সংযোগোঽপি পটাদেরসমবায়িকারণং তদা কারণৈকার্থসমবায়োঽপীতি কশ্চিৎ ॥ ৫ ॥

কারণকারণসমবায়াচ্চ ॥ ৬ ॥

অনুবাদ।

কারণ-কারণে সমবায়সম্বন্ধে থাকে বলিয়াও (সংযোগবিশেষ অসমবায়িকারণ হইয়া কারণরূপে ব্যবহৃত হয়)। ৬।

ব্যাখ্যা।

একটী তুলার নুটি পাকাইয়া তাহার বিভিন্ন অবয়ব পিঞ্জিলে—পূর্ব্বের সেই ছোট তুলার নুটি পূর্ব্বাপেক্ষা বৃহৎ হয়, এই যে তুলার নুটি বা তুলকপিণ্ডের মহৎ পরিমাণ, ইহার কারণ—অবয়বের প্রচয়-নামক সংযোগ। চলিত কথায় ইহাই 'পেঁজা' নামে ব্যবহৃত। মহৎ পরিমাণের সমবায়িকারণ তুলার নুটি, তাহার সমবায়িকারণ অবয়ব, প্রচয়সংযোগ তাহাতে সমবায়সম্বন্ধে আছে—অর্থাৎ একার্থসমবায়সম্বন্ধে সমবায়িকারণে থাকিয়া কার্য্য-উৎপাদক হওয়ায় ঐ সংযোগও অসমবায়িকারণ। ৬।

উপস্কারঃ।

সংযোগস্য কচিৎ মহত্ত্বা প্রত্যাসত্ত্যা কারণত্বমিত্যাহ।

তূলপিণ্ডাবয়বে বর্ত্তমানঃ প্রচয়াখ্যঃ সংযোগস্তূলকপিণ্ডে মহত্ত্বমারভতে, অত্র কার্য্যৈকার্থসমবায়ঃ প্রত্যাসত্তিরিত্যর্থঃ॥ ৬॥

সংযুক্তসমবায়াদগ্নের্বৈশেষিকম্ ॥ ৭ ॥

অনুবাদ।

অগ্নির বিশেষ গুণ অর্থাৎ উষ্ণতা সংযুক্তসমবায় হেতু (পাকজ রূপাদির নিমিত্তকারণ হইয়া, কারণরূপে ব্যবহৃত হয়)। ৭।

ব্যাখ্যা।

সংযুক্তসমবায় অর্থে স্বাশ্রয়সংযুক্ত সমবায়সম্বন্ধে থাকা। অগ্নির উষ্ণস্পর্শ পক্বঘটের রূপজনক,—কেননা—উষ্ণস্পর্শের আশ্রয় যে অগ্নি, তৎসংযুক্ত ঘট, রূপ সমবায়সম্বন্ধে তাহাতে থাকে। ঘটে এই অগ্নিসংযোগ হওয়াতে এবং অগ্নিতে উষ্ণস্পর্শ থাকাতেই ঘটের রং ফিরিয়া যায়। ৭।

উপস্কারঃ।

এবং সমবায়িনিরূপিতাং কারণতাং নিরূপ্য নিমিত্তকারণতাং নিরূপয়িতুং প্রকরণান্তরমারভতে।

অগ্নের্বৈশেষিকং বিশেষগুণ ঔষ্ণ্যং স্বাশ্রয়সংযুক্তসমবায়াৎ পাকজেষু নিমিত্তকারণম্। উপলক্ষণঞ্চৈতৎ, জ্ঞানং প্রতি শরীরবাং নিমিত্তকারণত্বং বুদ্ধিসুখদুঃখেচ্ছাদ্বেষপ্রযত্নধর্ম্মাধর্ম্মভাবনানাং নিমিত্তকারণত্বমিব [illegible]

চতুর্থাধ্যায়ে—প্রথমাহ্নিকম্।

সদকারণবন্নিত্যম্ ॥ ১ ॥

অনুবাদ।

সৎপদার্থের মধ্যে যাহা কারণবৎ নহে অর্থাৎ যাহার কারণ নাই, তাহা নিত্য (সৎ পদার্থ)। ১

ব্যাখ্যা।

সত্ত্বা, দ্রব্য গুণ ও কর্ম্মে থাকে, সৎ বলিলে এই তিনটী পদার্থ বুঝা যায়। তদ্ভিন্ন পদার্থ—সমবায়, জাতি, বিশেষ এবং অভাব। এই চারিটী পদার্থ এখানে গৃহীত হইতেছে না, কারণ সমবায় প্রভৃতি তিনটী পদার্থের নিত্য ও অনিত্য দুইরূপে বিভাগ নাই, তাহারা একমাত্র নিত্য। অভাবের অনিত্যত্ব আবার অন্য রকমের, একটীর (প্রাগভাবের) বিনাশ আছে, উৎপত্তি নাই; অপরটীর (ধ্বংসের) উৎপত্তি আছে, বিনাশ নাই—সেই জন্য অভাবের বিভাগ নিত্য অনিত্য এরূপ নহে, তাহার বিভাগ যেরূপ তাহা কথিত হইবে। জগতের উপাদান ও অসমবায়িকারণ প্রদর্শনের জন্য সৎপদার্থ দুইভাগে বিভক্ত করিয়া প্রদর্শিত হইতেছে। সৎ দ্বিবিধ—নিত্য এবং অনিত্য; যে সৎ পদার্থের কারণ অর্থাৎ উৎপাদক নাই—তাহাই নিত্য; তদ্ভিন্ন অনিত্য। দ্রব্যের মধ্যে পৃথিবী, জল, তেজ এবং বায়ু এই চারিটী, গুণের মধ্যে রূপ, রস, স্নেহ, স্পর্শ, দ্রবত্ব, সংখ্যা, পরিমাণ, জ্ঞান, যত্ন, ইচ্ছা, গুরুত্ব এবং পৃথক্ত্ব—নিত্য ও অনিত্য দুই প্রকার। অবশিষ্ট দ্রব্য নিত্য, অবশিষ্ট গুণ ও যাবতীয় কর্ম্ম অনিত্য। পৃথিবী প্রভৃতি ভূতচতুষ্টয়ের যাহা পরম অণু—অবিভাজ্য অংশ—তাহা নিত্য তদপেক্ষা বড় হইলেই অনিত্য। ঈশ্বরের জ্ঞান, ইচ্ছা, যত্ন, নিত্য; জীবের অনিত্য; জল, বায়ু এবং তেজঃ পরমাণুর যথাযোগ্য রূপাদি এবং নিত্য দ্রব্যের পরিমাণ, নিত্য দ্রব্যের একত্ব সংখ্যা ও এক পৃথক্ত্ব নিত্য; পৃথিবী পরমাণুর রূপাদি অগ্নি সংযোগে পরিবর্ত্তনশীল, সুতরাং অনিত্য। ১।

উপস্কারঃ :

পৃথিব্যাদীনাং নবানামুদ্দেশং লক্ষণপরীক্ষাং নির্ব্বর্ত্ত্য প্রকৃতের্মূলকারণতাং সাঙ্খ্যাভিমতাং নিরাচিকীর্ষুঃ পরমাণূনাং মূলকারণত্বং পৃথিব্যাদ্যন্তর্ভাবঞ্চ সিষাধয়িষুর্নিত্যত্বস্যাত্মলক্ষণং তাবদাহ।

ন কারণবদকারণবৎ পদসংস্কারাঃ তদেবং ঘটাদীনাং ব্যবচ্ছেদঃ। তথাপি প্রাগভাবেঽতি

ব্যাপ্তিরিত্যত আহ সদিতি সত্তা-যোগীত্যর্থঃ। সমবায়বিশেষপদার্থয়োঃ সত্যেকার্থসমবায় এব সত্তা-যোগঃ সামান্যান্তরস্য সত্তায়াশ্চ সৎপ্রত্যয়বিষয়ত্বৈব সত্তাযোগঃ স চ প্রত্যয়ো বস্তুস্বরূপমাত্রনিবন্ধন ইত্যন্যদেতৎ ন চান্যত্রাপি তথৈবাস্তু কিং সত্তয়েতি বাচ্যম্ অনুগতমতেস্তৎসিদ্ধেরুক্তত্বাৎ॥ ১॥

পরিষ্কারঃ।

ন কারণবদিতি। ন তু কারণস্যাভাবোঽকারণং তদ্বদিতি, ন কর্ম্মধারয়ান্মত্বর্থীয়ো বহুব্রীহিশ্চেদর্থপ্রতিপত্তিকর ইত্যনুশাসনবিরোধাৎ কর্ম্মধারয়পদস্য বহুব্রীহীতরসমাসপরত্বাৎ নাস্তি কারণং যস্যেতি ব্যুৎপত্ত্যা অকারণপদস্যৈব কারণাভাববদর্থকত্বসম্ভবাৎ। 'পদসংস্কারাৎ' 'পদস্য সংস্কারাৎ' সংস্কারস্যাবশ্যকত্বাৎ। অসাধুশব্দস্য পদত্বাভাবমভিপ্রেত্যৈব শাস্ত্রে নাপদং প্রযুঞ্জীতেতি নিষেধাদিতি ভাবঃ। অতএব শ্রুতিঃ "নাপভ্রংশিতবৈ ন ম্লেচ্ছিতবৈ" ইতি। অপভ্রংশোঽসাধুপ্রয়োগঃ। 'সত্তাযোগি' সত্তা-সম্বন্ধি, স চ সম্বন্ধো ন সমবায়মাত্রং তথা সতি সামান্যাদাবব্যাপ্তিঃ নাপি সমবায়সামানাধিকরণ্যান্যতররূপঃ যথা কথঞ্চিৎ সামানাধিকরণ্যস্যান্যতরঘটকত্বে প্রাগভাবাতিব্যাপ্তেঃ সমবায়ঘটিতসামানাধিকরণ্যস্য তথাত্বে সমবায়স্য সমবায়সম্বন্ধেন বৃত্তিত্বাভাবাত্তত্রাব্যাপ্তেঃ। সমবায়েন স্বাধিকরণযাবন্নিরূপিতবৃত্তিত্বস্য সমবায়ঘটিতস্য তথাত্বে প্রাগভাবস্য উপাদানমাত্রবৃত্তিত্বেন তত্রাতিব্যাপ্তিবারণেঽপি বিশেষাদ্যব্যাপ্তেঃ, নহি কশ্চিদপি বিশেষো যাবৎ সত্তাধিকরণে বর্ত্ততে। সামানাধিকরণ্যঘটকবৃত্তিতায়াঃ সত্তাসমবায়বিশেষমাত্রনিষ্ঠায়াঃ কথঞ্চিন্নিবেশনীয়ত্বে চাপরসামান্যে সমবায়-সত্তাসমানাধিকরণাভাবপ্রতিযোগিসমবেতমাত্রনিষ্ঠায়া বৃত্তিতায়াঃ সামানাধিকরণ্যঘটকত্বে তু সত্তায়ামব্যাপ্তেঃ। ইতি চেৎ সমবায়ঘটিতসামানাধিকরণ্যমেবান্যতরসম্বন্ধঘটকং সমবায়স্য স্বাত্মকস্বরূপসম্বন্ধেন বৃত্তিতয়া সমবায়ঘটিতসামানাধিকরণ্যমব্যাহতমিত্যাশয়েনাহ সমবায়েতি। সমবায়বিশেষপদার্থয়োঃ সামান্যান্তরস্য সত্তায়াশ্চ একার্থসমবায় এব সত্তাযোগ ইত্যন্বয়ঃ। সামানাধিকরণ্যসম্বন্ধপ্রবেশে সমবায়াব্যাপ্তিশঙ্কায়াঃ প্রথমমুপস্থিতত্বেন প্রথমং তদুল্লেখঃ অব্যাপ্ত্যুদ্ধারাশঙ্কায়াঃ প্রাগুপদর্শিতায়া নিরাসরীতিক্রমেণ বিশেষাদীনাং ক্রমেণ গ্রহণম্। সমবায়স্য সত্তাযোগ ইত্যুক্তে সমবায়স্য নানাত্বমিতিমতে 'সত্তাসমবায়স্যৈব সত্তাযোগ' ইতি ভ্রমো ভবিতুমর্হতি, বিশেষাণামানন্ত্যাচ্চ বিশেষস্য বিশেষাণাং বা সত্তাযোগ ইত্যুক্তৌ একস্য বহূনাং বা সত্তাযোগো ন তু সর্ব্বেষামিত্যপি ভ্রমো ভবিতুমর্হতি স চ মা ভূদিত্যর্থং লাঘবমনুস্থত্য সমবায়বিশেষপদার্থয়োরিতি সমাসমাশ্রিত্যাভিহিতং সমবায়পদার্থস্য বিশেষপদার্থস্য চ সমবায়স্য একত্বং

ন নাস্তং বা যথা তথাস্ত সমবায়পদার্থত্বেন তদ্‌গ্রহণম্। বিশেষপদার্থত্বেন সকলবিশেষাণাং গ্রহণমিতি ভাবঃ। সামান্যান্তরস্য সত্তা-সমানাধিকরণ্যং স্পষ্টং তদপেক্ষয়া সত্তায়াং সুস্পষ্টং তাদাত্ম্যযোগশ্চেতি পশ্চাদসম্ভবেন তয়োরুপাদানমিতি ভাবঃ। ননু সামান্যাদীনাং সত্তাযোগনির্বাহায় ক এবমাগ্রহ ইত্যাশঙ্কায়ামাহ সৎপ্রত্যয়েতি। 'সংপ্রত্যয়বিষয়তৈব সত্তাযোগঃ' ইতি হেতু হেতুমতোরভেদোপচারাৎ সামানাধিকরণ্যেন প্রয়োগঃ। সংপ্রত্যয়বিষয়তাস্তাপ্য এব সত্তাযোগ ইত্যর্থঃ। ননু জাতিঃ সতী সমবায়ঃ সন্নিত্যাদৌ সামানাধিকরণ্যস্য নিরবচ্ছিন্নজাতিপ্রকারকপ্রত্যয়নির্বাহকত্বে গুণো দ্রব্যমিত্যাপি প্রমা স্যাদিত্যত আহ স চেতি। তথাচ জাতিঃ সতীত্যাদিপ্রত্যয়ে সামান্যতঃ সত্বং ন প্রকারঃ, কিন্তু তত্তজ্জাতিস্বরূপং তত্তদ্ব্যক্তিত্বাদিকমেব, ন চ সামানাধিকরণ্যস্য তৎপ্রত্যয়নির্বাহকত্বং স্বরূপৈণৈব তন্নির্বাহকত্বাৎ পরন্তু যত্র যত্র সংপ্রত্যয়বিষয়ত্বং তত্র সত্তাযোগ ইত্যনুভবিকব্যাপ্তিরক্ষার্থং সামানাধিকরণ্যসম্বন্ধস্যাপ্যুপাদানং নতু সদিতি প্রত্যয়নির্বাহায়। সামান্যান্তরস্য সত্তায়াশ্চ সত্তাযোগঃ সংপ্রত্যয়বিষয়তৈবেতি তু স্পষ্টাশয়ে দোষোঽপি স্পষ্টঃ। শঙ্কতে ন চেতি। 'অন্যত্র' দ্রব্যাদৌ। সংপ্রত্যয়ঃ দ্রব্যস্বরূপমাত্রনিবন্ধনোঽস্ত্বিত্যর্থঃ। সমাধত্তে অনুগতেতি অনুগতপ্রত্যয়স্য সত্তাং বিনানুপপত্তেরত্র গত্যন্তরাভাবাদননুগতৈব সত্বপ্রতীতিরাস্থীয়ত ইতি ভাবঃ। দ্রব্যধর্ম্মিকেদং সদিতিসামান্যধর্ম্মিকেদংসদিতি-প্রত্যয়োঃ সমাকারকতায়াঃ সম্বন্ধভেদাদপ্যুপপত্তেরশক্যতয়া তৎসাধারণানুগতমতেঃ সর্ব্বথৈবাসত্ত্বাদিত্যাশয়ঃ। জাতিসমবায়ধর্ম্মিকয়োরিদং সদিতিপ্রত্যয়যোঃ সমানাকারয়োরনুগতয়োরনুরোধাৎ সামানাধিকরণ্যসম্বন্ধেন নিরবচ্ছিন্নসত্ত্বপ্রকারকত্বমভ্যুপগম্যতে সামানাধিকরণ্যসম্বন্ধাবচ্ছিন্নজাত্যন্তরনিষ্ঠনিরবচ্ছিন্নপ্রকারতাকত্বস্তু নাভ্যুপগম্যতে অনুভববিরোধাদিতি তু নব্যাঃ। ন চৈতল্লক্ষণস্য নিত্যাভাবেঽব্যাপ্তিরিতি বাচ্যং নিত্যাভাবস্যৈব লক্ষণস্থানিত্যাভাবস্যাধিকরণস্বরূপত্বাভ্যুপগমাদ্বেতি ধ্যেয়ম্॥ ১॥

তস্য কার্য্যং লিঙ্গম্॥ ২॥

অনুবাদ।

কার্য্য তাহার অনুমাপক। ১।

ব্যাখ্যা।

এই নিত্য সৎ পদার্থ দৃষ্ট নহে, কার্য্য দ্বারা তাহার অনুমান করিতে হয়। এই যে বৃহৎ পৃথিবী ইহা বৃহৎ অবয়বসমূহ হইতে উৎপন্ন, সেই বৃহৎ অবয়ব

স্থূল মৃৎপিণ্ড হইতে উৎপন্ন; সেই মৃৎপিণ্ড পবনবেগে সতত পরিচালিত পরমাণুর ক্রমসম্মিলনে উৎপন্ন; এই সম্মিলনকর্ত্তাই ঈশ্বর। আমাদের সম্মুখে ঊর্দ্ধে পার্শ্বে নিরন্তর পরমাণু-সমূহ বিচ্ছিন্নভাবে ঘুরিতেছে, কিন্তু কৈ তাহারা মিলিয়া আমাদের দৃষ্টিরোধ করিতেছে না বা বৃহৎ মৃৎপিণ্ড হইয়া আমাদের মস্তকে নিপতিত হইতেছে না। ঈশ্বরের পরমাণু-সম্মিলন বিষয়ক প্রযত্ন ফলোন্মুখ হইলে তবে তাহারা মিলিত হইয়া বৃহৎ হয়; নতুবা হয় না। সুতরাং এই বৃহৎ পৃথিবী রূপ কার্য্য দ্বারা আমরা নিত্য পরমাণুর ও ঈশ্বরের অনুমান করিতেছি। আবার দৃশ্য জলের শুক্লবর্ণ ইত্যাদি দ্বারা জলীয় পরমাণুর শুক্ল রূপাদিরও অনুমান করিতেছি। সুতরাং যে গুলি নিত্য সৎ, কোন না কোন কার্য্য দ্বারাই তাহাদের অনুমান হয়। বৌদ্ধ সম্প্রদায়ের মধ্যে একদল বলেন, ধ্বংস হইতে অর্থাৎ অভাব হইতেই জগতের উৎপত্তি। এই যে বীজ হইতে অঙ্কুর হইতেছে ইহাও সেই অভাবের কর্ম্ম; বীজটী বিনষ্ট হইলে, তবে অঙ্কুর দেখা দেয়। তাঁহাদের মত অভ্রান্ত হইলে, নিত্য সৎপদার্থ কারণ হয় না, অতএব কার্য্য নিত্য সৎপদার্থেরও অনুমাপক হইতে পারে না। সেই বৌদ্ধ মত খণ্ডন করিবার জন্যই তৃতীয় সূত্র কথিত হইবে। ২।

উপস্কারঃ।

নিত্যসামান্যমভিধায়েদানীং পরমাণুমধিকৃত্যাহ।

তস্য পরমাণোঃ, কার্য্যং ঘটাদি, লিঙ্গম্, তথাচ গৌতমীয়ং সূত্রম্ "ব্যক্তাং ব্যক্তস্য নিষ্পত্তিঃ প্রত্যক্ষপ্রামাণ্যাৎ" ইতি, অবয়বাবয়বিপ্রসঙ্গস্তাবদনুভূয়তে স যদি নিরবধিঃ স্যাৎ তদা মেরুসর্ষপয়োঃ পরিমাণভেদো ন স্যাৎ অনন্তাবয়বারব্ধত্বাবিশেষাৎ ন চ পরিমাণপ্রচয়বিশেষাধীনো বিশেষঃ স্যাদিতি বাচ্যং সঙ্খ্যাবিশেষাভাবাৎ গুরোরপ্যনুপপত্তেঃ প্রলয়াবধিঃ স্যাদিতি চেৎ অন্ত্যস্য কস্যচিন্নিরবয়বত্বে প্রলয়স্যৈবানুপপত্তেঃ অবয়ববিভাগবিনাশয়োরেব দ্রব্যনাশকত্বাৎ, বিভাগশ্চ নাবধিঃ তস্যৈকাশ্রয়ত্বানুপপত্তেঃ, তস্মান্নিরবয়বং দ্রব্যমবধিঃ স এব পরমাণুঃ। ন চ ত্রসরেণুরেবাবধিঃ, তস্য চাক্ষুষদ্রব্যত্বেন মহত্ত্বাদনেকদ্রব্যবত্ত্বাচ্চ, মহত্ত্বস্য চাক্ষুষপ্রত্যক্ষত্বে কারণত্বম্ অনেকদ্রব্যবত্ত্বমাদায়ৈব, অন্যথা মহত্ত্বমেব ন স্যাৎ কস্য কারণত্বং ভবেৎ, ন চ ত্রসরেণোরংশবা এব পরমাণবঃ মহদ্দ্রব্যারম্ভকত্বেন তেষামপি সাবয়বত্বানুমানাৎ তন্তুবৎ কপালবচ্চ তস্মাৎ যৎ কার্য্যদ্রব্যং তৎ সাবয়বম্, যচ্চ সাবয়বং তৎ কার্য্যং দ্রব্যম্, তথাচ যতোঽবয়বাৎ কার্য্যত্বং নিবর্ত্ততে তত্র সাবয়বত্বমপীতি নিরবয়বপরিমাণুসিদ্ধিঃ তদুক্তং প্রশস্তদেবাচার্য্যৈঃ "সা চ ত্রিবিধা নিত্যা চানিত্যা চ"; ইতি॥ ২॥

পরিষ্কারঃ।

তস্যেতি তৎপদং নিত্যত্বেন প্রক্রান্তস্য মহর্ষিবুদ্ধিস্থস্য পরমাণোঃ পরামর্শকমিতি

কারণভাবাৎ কার্য্যভাবঃ ॥ ৩ ॥

অনুবাদ।

কারণে যাহা থাকে কার্য্যে তাহা বর্ত্তিয়া থাকে। ৩।

ব্যাখ্যা।

